ধম্মপদ

রামপ্রসাদ সেন

জিজ্ঞাসা
কলিকাতা ৯ ॥ কলিকাতা ২৯

DHAMMAPADA

Translated by : Ramprasad Sen

প্রথম প্রকাশ : শুভ ১লা বৈশাখ ১৩৮০, ১৪ এপ্রিল ১৯৭৩

চতুর্থপঞ্চবার্ষিক পরিকল্পনানুযায়ী আধুনিক ভারতীয় ভাষাসমূহে

উন্নয়নকল্পে পশ্চিমবঙ্গ সরকারের অর্থানুকূল্যে মূল্য

সুলভ করা সম্ভব হল।

প্রকাশক : শ্রী [illegible]

জিজ্ঞাসা

১৩৩এ রাসবিহারী অ্যাভিনিউ, কলিকাতা ২৯

১এ এবং ৩৩ কলেজ রো, কলিকাতা ৯

মুদ্রক : শ্রীসুধাবিন্দু সরকার

ব্রাহ্মমিশন প্রেস প্রাঃ লিঃ

২১১/১ বিধান সরণী, কলিকাতা ৬

মা ও বাবার

পুণ্য স্মৃতির উদ্দেশে

BUDDHAM SARANAM GACCHAMI

Pt. Dharmādhār Mahāsthavir

Sutta, Vinaya, Abhidhamma-Visārada,

Principal, Nālanda Vidyābhavan ; Lecturer in Pali, C. U.

ধর্মপদের সৌন্দর্যে মুগ্ধ হয়ে রবীন্দ্রনাথ একসময়ে ধর্মপদের পদ্যানুবাদে প্রবৃত্ত হয়েছিলেন। কিন্তু দুঃখের বিষয় তিনি সে অনুবাদ শেষ করতে পারেন নি। এর পরে ধর্মপদের একাধিক পদ্যানুবাদ হয়েছে। এ সকল অনুবাদ অনেক ক্ষেত্রে নীরস ও গতানুগতিক।

বর্তমান অনুবাদক একাধারে কবি ও ভক্ত। তাই তাঁর অনুবাদ সরস ও সাবলীল। পড়বার সময় মনে হয় ছন্দগুলি যেন অনায়াসে নেচে চলেছে।

এই গ্রন্থ প্রকাশিত হলে বাংলার রসজ্ঞ পাঠকমণ্ডলী লেখক ও প্রকাশককে মুক্তকণ্ঠে সাধুবাদ জানাবেন।

1, Buddhist Temple St. শ্রীধর্মাধার মহাস্থবির

Calcutta-12. ২৬।১।৬০

প্রকাশকের নিবেদন

বৌদ্ধ ধর্মসাহিত্য-সমূহ ত্রিপিটক নামে পরিচিত। ইহার সুত্ত, বিনয় ও অভিধম্ম—এই তিন ভাগ। সুত্তপিটকে ধর্মোপদেশ, বিনয়পিটকে ধর্মাচার এবং অভিধম্মপিটকে ধর্মের তত্ত্ব বা দর্শনের কথা আছে। সুত্তপিটকের মোট পাঁচটি অংশ বা নিকায়। ইহাদেরই একটি অংশ খুদ্দকনিকায়। খুদ্দকনিকায় আবার পনেরটি গ্রন্থের সমষ্টি এবং ধম্মপদ ইহার দ্বিতীয় গ্রন্থ। ধম্মপদ বৌদ্ধদিগের সর্বপ্রধান ধর্মসাহিত্য।

বৌদ্ধগণ বিশ্বাস করেন, ধম্মপদের উপদেশগুলি তথাগত বুদ্ধের মুখনিঃসৃত। সম্বোধিলাভের পর হইতে মহাপরিনির্বাণের পূর্ব পর্যন্ত তথাগত যেসব উপদেশ দিয়াছিলেন, ধম্মপদে কেবলমাত্র তাহাই বিধৃত রহিয়াছে। প্রকৃতপক্ষে, ইহাতে বৌদ্ধধর্মের মূল বিষয়গুলি সংক্ষেপে বর্ণিত আছে।

মহাপরিনির্বাণের কাল [illegible]৪৮ খ্রীষ্ট পূর্ব। ইহার সামান্য পরে, ৪৭৭ খ্রীঃ পূর্বাব্দে বুদ্ধদেবের উপদেশাদি সংগ্রহ ও সংকলনের উদ্দেশ্যে বৌদ্ধ-প্রধানগণ রাজগৃহে (বর্তমান রাজগীর) মিলিত

হন। অবশ্য, ইহারও পরে ৩৭৭ খ্রী: পূর্বাব্দে বৈশালীতে এবং সম্রাট অশোকের রাজত্বকালে ২৪৭ খ্রী: পূর্বাব্দে পাটলিপুত্রে একই উদ্দেশ্যে বৌদ্ধ-প্রধানগণের দ্বিতীয় ও তৃতীয় সম্মেলন বা মহাসংগীতি অনুষ্ঠিত হয়। এই তিন মহাসংগীতিতে বৌদ্ধ ধর্মসাহিত্য সম্পূর্ণ সংকলিত হইয়া থাকিবে। তবে, এরূপ অনুমান অবশ্যই করা যাইতে পারে যে, রাজগৃহের প্রথম মহাসংগীতিতেই বুদ্ধদেবের প্রধান ও প্রত্যক্ষ শিষ্যগণ ধম্মপদের সংকলন-কাজ সম্পূর্ণ করিয়াছিলেন। মূল ধম্মপদের ভাষা পালি। বুদ্ধ-সমকালে মগধ ও কোশল অঞ্চলে জনসাধারণের কথ্যভাষা ছিল পালি এবং সেকারণে বুদ্ধদেবও পালি ভাষাতেই ধর্মদেশনা করিতেন।

আমরা জানি, কলিঙ্গযুদ্ধে জয় লাভ করিয়াও সম্রাট অশোক যুদ্ধের ভয়াবহতা ও নৃশংসতায় মর্মাহত হইয়া পড়েন। এই সময়ে ন্যগ্রোধ নামে এক বৌদ্ধভিক্ষুর নিকট তিনি ধম্মপদের 'অপ্পমাদবগ্গো' শুনিয়া বৌদ্ধধর্মের প্রতি আকৃষ্ট হন এবং শেষ পর্যন্ত বৌদ্ধধর্ম গ্রহণ করেন। নিজে বৌদ্ধধর্ম গ্রহণ করিয়াই তিনি ক্ষান্ত হন নাই, দেশ-দেশান্তরেও এই ধর্মের সম্প্রীতি প্রচারে ব্রতী হইয়াছিলেন। তাঁহার বিশ্বাস ছিল, ইহা

দ্বারা জনসাধারণকে তিনি সৎ-জীবন-প্রতিষ্ঠ হইতে সাহায্য করিবেন। সম্রাট অশোকের ভ্রাতা (মতান্তরে পুত্র) স্থবির মহেন্দ্র বুদ্ধ-বাণী প্রচারের জন্য সিংহলে যান। ধম্মপদও এই সময় অন্যান্য বৌদ্ধ ধর্মসাহিত্যের সঙ্গে সিংহলে প্রচারিত হয়। স্থবির মহেন্দ্রের সিংহলে বৌদ্ধ-ধর্মাভিযানের সমকালেই সম্ভবত বৌদ্ধ ধর্মসাহিত্য-সমূহের ব্রহ্ম বা তৈলঙ্গী অক্ষরে লিপ্যন্তর হয়, এবং উহা দ্বারা ব্রহ্ম, শ্যাম প্রভৃতি দেশে বৌদ্ধ ধর্ম তথা ধম্মপদের প্রচার হইতে থাকে। সিংহল, ব্রহ্ম ও শ্যামদেশে পালি ভাষার ধম্মপদই প্রচলিত।

ধম্মপদ সংস্কৃত এবং প্রাকৃতেও অনূদিত হইয়াছিল। মধ্য-এশিয়ার বৌদ্ধ ধ্বংসস্তূপের মধ্যে ইহাদের পাণ্ডুলিপি পাওয়া গিয়াছে। সংস্কৃতে অনূদিত ধম্মপদের নাম উদানবর্গ। সংস্কৃতে অনূদিত ধম্মপদ হইতেই চীনা ভাষায় ইহার অনুবাদ হয়। যতদূর জানা যায়, চীনাভাষায় প্রথম ধম্মপদ ২২৩ খ্রীষ্টাব্দে প্রকাশিত হয়।

পালি ধম্মপদের ছাব্বিশটি বর্গে (অধ্যায়) মোট ৪২৩টি শ্লোক বা গাথা। কিন্তু চীনে প্রচলিত চীনাভাষার ধম্মপদে মোট অধ্যায় ও শ্লোক-সংখ্যার সহিত পালি ধম্মপদের মিল

নাই। চীনা ভাষায় ধম্মপদের চারিটি অনুবাদ প্রচলিত আছে। উহার দুইটিতে ৩৯ অধ্যায় ও মোট শ্লোক-সংখ্যা ৭৫২। অপর দুইটির অধ্যায়-সংখ্যা ৩৩। চীনা অনুবাদে ১৩টি অতিরিক্ত অধ্যায় ও ৩২৯টি অতিরিক্ত শ্লোক সম্পর্কে সুপণ্ডিত আচার্য সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয় বলেন, 'এইরূপ অনুমান করা চলে যে, কনিষ্কের সময়ে (খ্রীঃ পূঃ ৪৪) ধর্মত্রাত পালি ধম্মপদের যে সংস্কৃত-অনুবাদ করেন তাহাতেই তিনি মূল অধ্যায় ও শ্লোক-সংখ্যা বর্ধিত করিয়াছিলেন। এই যুক্তি অমূলক না-ও হইতে পারে; কিন্তু বিদ্যাভূষণ মহাশয়ের অপর যুক্তিটিই অধিকতর নির্ভরযোগ্য। তিনি বলেন, 'চীনা অনুবাদের ভূমিকা মনোযোগ পূর্বক পাঠ করিলে দেখিতে পাওয়া যায়, যে-সময়ে ধম্মপদ-গ্রন্থ অনূদিত হয়, সেই সময়ে অনুবাদকারী শ্রমণগণ নানা বৌদ্ধ গ্রন্থ হইতে উপদেশপূর্ণ শ্লোক সংগ্রহ করিয়া ধম্মপদের সহিত ঐ অতিরিক্ত শ্লোকগুলি যোগ করিয়া দেন।' যাহা হউক, বর্তমানে ইহা সর্বজনস্বীকৃত যে, পালি ধম্মপদের শ্লোক ও অধ্যায়-সংখ্যাই যথার্থ।

সম্রাট অশোকের কাল হইতে মধ্যযুগ পর্যন্ত বৌদ্ধগণের অসীম নিষ্ঠা ও প্রয়াসের ফলস্বরূপ ধম্মপদ এশিয়ার সমগ্র

ভূখণ্ডে প্রচারিত হইয়া, ঐ সকল দেশবাসীর ধর্মজীবনে এখনও সুপ্রতিষ্ঠিত রহিয়াছে। তিব্বত, চীন, শ্যাম, ব্রহ্ম, জাপান, যবদ্বীপ, সিংহল প্রভৃতি দেশে বৌদ্ধগণ ইহা ভক্তির সহিত নিত্যপাঠ কর্তব্য মনে করেন। কিন্তু দুঃখের বিষয়, তথাগত বুদ্ধ ও ধম্মপদের জন্মভূমি ভারতবর্ষে মধ্যযুগ হইতেই ইহা একরূপ বিলুপ্ত হইয়া যায়। যাহাহোক, উনবিংশ শতকের মধ্যভাগে ধম্মপদ-গ্রন্থখানি পাশ্চাত্য মনীষীগণের দৃষ্টি আকর্ষণ করে। ১৮৫৫ খ্রীঃ অব্দে ডেনমার্কের ডঃ ফয়েজবোল ল্যাটিন ভাষায় ইহার একটি অনুবাদ প্রকাশ করেন। তারপর বার্ণফ, ওয়েবার-প্রমুখ প্রাচ্যবিদ্যানুরাগী পণ্ডিতগণও ইহা ইংরেজি, ফরাসী, জার্মানী প্রভৃতি ভাষায় অনুবাদ করেন। আজ পর্যন্ত পাশ্চাত্য দেশের বিভিন্ন ভাষায় ইহার অসংখ্য আলোচনা ও অনুবাদ হইয়াছে।

উনিশ শতকের শেষ দিকে—১৮৭৯ খ্রীঃ নাগাদ কেশবচন্দ্রের প্রেরণায় যোগিবর অঘোরনাথ বুদ্ধদেব ও বৌদ্ধধর্ম-সংক্রান্ত আলোচনায় ব্রতী হন। স্বাভাবিক ভাবে ধম্মপদেও তাঁর দৃষ্টি আকৃষ্ট হয়। অতঃপর ১৮৮৯ সালে ম্যাক্সমুলর-কৃত ধম্মপদের ইংরেজি অনুবাদ 'প্রাচ্য-ধর্মগ্রন্থ-শ্রেণী'র অন্তর্গত পুস্তক হিসাবে

প্রকাশিত হয়। ইহার পর হইতেই ধম্মপদের প্রতি আমাদের দেশের বিদ্বজ্জনের দৃষ্টি ক্রমশ আকৃষ্ট হইতে থাকে। সত্যেন্দ্রনাথ ঠাকুরের 'বৌদ্ধধর্ম' গ্রন্থেই বাংলা ভাষায় ধম্মপদ বিষয়ে প্রথম উল্লেখ দেখা যায়। এই গ্রন্থে ধম্মপদের কয়েকটি শ্লোকের গদ্য ও পদ্য অনুবাদও আছে। ইহার পর ১৯০৪ সালে চারুচন্দ্র বসু অন্বয়মুখী সংস্কৃত-সহ ধম্মপদের একটি বাংলা অনুবাদ প্রকাশ করেন। সম্ভবত, আধুনিক ভারতীয় ভাষায় ইহাই সমগ্র পালি ধম্মপদের প্রথম অনুবাদ। এই বইটির প্রথম সংস্করণে আচার্য সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয়ের একটি ও দ্বিতীয় সংস্করণে অতিরিক্ত আরো একটি মূল্যবান ভূমিকা রহিয়াছে। দ্বিতীয় সংস্করণ হইতে নবপর্যায় বঙ্গদর্শনে প্রকাশিত পুস্তকখানির রবীন্দ্রনাথকৃত একটি আলোচনাও ইহাতে যুক্ত হইয়াছে। ১৯০৫ সালে হুগলি জেলার কাপিলাশ্রম হইতে হরিহরানন্দ আরণ্যের ধম্মপদের সংস্কৃত পদ্যানুবাদ সহ বাংলা গদ্যানুবাদ প্রকাশিত হয়। পরবর্তীকালে ভিক্ষু শীলভদ্র, ধর্মাধার মহাস্থবির প্রভৃতি আরো কয়েকজনের ধম্মপদের বাংলা অনুবাদ প্রকাশিত হইয়াছে।

ধম্মপদ গ্রন্থের-বাংলায় আলোচনা ও প্রচার যত বেশি

হইবে, ততই মঙ্গল। কারণ, ইহা আজ অনস্বীকার্য যে, ধম্মপদ পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ ধর্ম্মগ্রন্থ। উপনিষদ, গীতা, বাইবেলের ইহা সমস্থানীয়। ধম্মপদের বাণী একদিকে যেমন গভীর ও উদার, অন্যদিকে ইহা তেমনি সর্বজনীন ও সর্বকালীন। তত্ত্বকথার বাগাড়ম্বর না করিয়া সাধারণ্যে প্রচলিত বিষয়ের উপমা ব্যবহৃত হওয়ায় ইহার বক্তব্যবিষয় সুবোধ্য এবং অত্যন্ত হৃদয়গ্রাহী হইয়াছে। ধম্মপদের মহত্ত্ব সম্বন্ধে অধ্যাপক প্রবোধচন্দ্র সেন মহাশয় তাঁহার ধম্মপদ-পরিচয় গ্রন্থে লিখিয়াছেন, 'ধম্মপদও ভারতবর্ষের মর্মকোষ থেকে উদ্‌গত হয়ে আমাদের জাতীয় জীবনকে নানাভাবে পরিপূর্ণতা দান করেছে। কিন্তু এখানেই তার সার্থকতা শেষ হয় নি। ভারতবর্ষের হৃদ্‌কেন্দ্র থেকে যাত্রা করে সে অগ্রসর হয়েছে বিশ্বচিত্তবিজয়ে। নদীপর্বত-

* ...ভগবদ্‌গীতায় ভারতবর্ষ যেমন আপনাকে প্রকাশ করিয়াছে, গীতার উপদেষ্টা ভারতের চিন্তাকে যেমন একস্থানে একটি সংহতমূর্তি দান করিয়াছেন, ধম্মপদেও ভারতবর্ষের চিত্তের একটি পরিচয় তেমনি ব্যক্ত হইয়াছে। এইজন্যই কী ধম্মপদে, কী গীতায় এমন অনেক কথাই আছে ভারতের অন্যান্য নানা গ্রন্থে যাহার প্রতিরূপ দেখিতে পাওয়া যায়।

—রবীন্দ্রনাথ।

সমুদ্র লঙ্ঘন করে ধম্মপদ মানুষের চিত্তে বিস্তার করেছে আপন অধিকার।.........মানুষের সমগ্র জীবনকে সর্বাঙ্গীণভাবে বিকশিত করে তোলার মধ্যেই এই কাব্যটির সার্থকতা।'

ধম্মপদের যত বেশি প্রচার হয় তাহাই কাম্য। ইহার পদ্যানুবাদে প্রচার অধিকতর কাম্য। তাহা হইলে, উহা অনায়াসে স্মরণে রাখা সম্ভব হইবে। রবীন্দ্রনাথ যমক, অপ্রমাদ, চিত্ত এবং পুপ্‌ফ এই চারিটি বর্গের ৫৩টি গাথা পদ্যানুবাদ করিয়াছিলেন। সম্প্রতি 'রূপান্তর' গ্রন্থে ঐগুলি প্রকাশিত হইয়াছে। বর্তমান সমগ্র ধম্মপদের পদ্যানুবাদ-কারী শ্রীরামপ্রসাদ সেন মহাশয় মুখ্যত গল্প ও উপন্যাস-লেখক। তিনি কাব্য ও ধর্ম-প্রীতি হইতেই সমগ্র ধম্মপদখানি পদ্যানুবাদে ব্রতী হন। তাঁহার এই অনুবাদ স্বচ্ছন্দ ও মূলানুগ, কিন্তু মূলের যথাযথ অনুবাদ নহে। ভাষাভিজ্ঞ পণ্ডিতগণের কাছে আক্ষরিক অনুবাদের প্রয়োজন থাকিতে পারে। কিন্তু সাধারণ পাঠকের পক্ষে ঐরূপ অনুবাদ-পাঠের দ্বারা মূলের মর্ম গ্রহণ করা অনেক ক্ষেত্রেই সম্ভব হয় না। এজন্য, তাঁহাদের নিকট কতকটা ব্যাখ্যার আকারে এই পদ্যানুবাদে ধম্মপদ আকর্ষণীয় হইবে বলিয়া আমরা মনে করি।

সাধারণ পাঠকের সুবিধার্থেই পরিশিষ্টে কিছু পালি শব্দের সংস্কৃত প্রতিশব্দ ও বাংলা অর্থ দেওয়া হইয়াছে। আবশ্যক বোধে, কিছু শব্দের (যেমন, বৌদ্ধ পারিভাষিকের) টীকাকারে মর্মার্থও সন্নিবিষ্ট হইয়াছে। ধর্মাধার মহাস্থবির এবং চারুচন্দ্র বসু মহাশয়ের ধম্মপদ (বঙ্গানুবাদ) দুটি অবলম্বন করিয়াই বর্তমান গ্রন্থের অর্থ ও টীকা সংকলিত হইয়াছে। এইভাবে শব্দার্থ ও টীকা প্রণয়নের কার্য এবং অনুবাদ-পরিমার্জনার শ্রম স্বীকার করিয়াছেন শ্রীবীরেন্দ্রকুমার নিয়োগী মহাশয়। প্রকাশক তাঁহার নিকট আন্তরিক কৃতজ্ঞ।

পরিশেষে, এই গ্রন্থ-প্রকাশে পশ্চিমবঙ্গ সরকারের নিকট হইতে অর্থ-সাহায্য পাওয়ায় ইহার মূল্য অপেক্ষাকৃত কম ধার্য করা সম্ভব হইল। আমরা আশা করি, ধম্মপদের বাংলা পদ্যানুবাদ-গ্রন্থখানি বাঙালীর গৃহে সমাদর লাভ করিবে।

সূচী

ধ ম্ম প দ

ধম্মপদ

১ যমকবগ্গো

মনোপুব্বংগমা ধম্মা মনোসেট্‌ঠা মনোময়া,
মনসা চে পদুট্‌ঠেন ভাসতি বা করোতি বা,
ততো নং দুক্‌খমন্বেতি চক্কং'ব বহতো পদং ।১

মন চলে সদা ধর্মের আগে, মনোজাত সব ধর্ম ;
মন্দ মনেতে যে করে ভাষণ, অথবা মন্দ কর্ম,
দুঃখ যে তার নিত্যসঙ্গী, নিশিদিন রহে কাছে,
অবিরত যথা শকটচক্র ঘোরে বলদের পাছে ।১

মনোপুব্বংগমা ধম্মা মনোসেট্‌ঠা মনোময়া,
মনসা চে পসন্নেন ভাসতি বা করোতি বা,
ততো নং সুখমন্বেতি ছায়া'ব অনপায়িনী ।২

মন চলে সদা ধর্মের আগে, মনোজাত সব ধর্ম ;
প্রসন্ন মনে যে করে ভাষণ, প্রসন্ন মনে কর্ম,

সুখ তার হয় নিত্যসঙ্গী, সাথে থাকে দিবারাতি,
ছায়া যথা ফিরে কায়ার পিছনে, বিচ্ছেদহীন সাথী ।২

'অক্‌কোচ্ছি মং, অবধি মং, অজিনি মং, অহাসি মে,'
যে চ তং উপনয্‌হন্তি, বেরং তেসং ন সম্মতি ।৩

এই বুঝি মোর ঘটে পরাজয়, এই বুঝি কেউ হাসে !
এই বুঝি কেহ আক্রোশভরে আমারে বধিতে আসে !
যে থাকে এরূপ চিন্তামগ্ন. অন্তরে সদা ভয়,
সংসারে তার শত্রুতা কভু উপশম নাহি হয় ।৩

'অক্‌কোচ্ছি মং, অবধি মং, অজিনি মং, অহাসি মে',
যে চ তং ন উপনয্‌হন্তি, বেরং তেস্বূপসম্মতি ।৪

এই বুঝি মোর ঘটে পরাজয়, এই বুঝি কেউ হাসে !
এই বুঝি কেহ আক্রোশভরে আমারে বধিতে আসে !
যে নহে এরূপ চিন্তামগ্ন, নহে শঙ্কিত-ভীত,
সংসার মাঝে শত্রুতা তার সদা রহে প্রশমিত ।৪

নহি বেরেন বেরানি সম্মন্তী'ধ কুদাচনং,
অবেরেন চ সম্মন্তি এস ধম্মো সনন্তনো ।৫

বৃথা বিস্তার' কৌশলজাল বুকে বহি বিদ্বেষ,
বৈরীরে হানি বৈরিতা তব কভু না হইবে শেষ !
নিষ্ফল হবে বজ্র অস্ত্র বরুণ-অগ্নি-পাশ ;
ধর্মেতে কয় ভালবেসে হয় শুধু বৈরিতা নাশ ।৫

পরে চ ন বিজানন্তি ময়মেথ যমামসে,
যে চ তথ বিজানন্তি, ততো সম্মন্তি মেধগা ।৬

কলহমত্ত মূর্খেরা কভু চিন্তা না করে মনে,
নিত্য চলেছে মৃত্যুর মুখে, পলে পলে প্রতিক্ষণে ।
মানসে যাঁহার মরণের রূপ সদা প্রতিভাত রয়,
অন্তরে তাঁর দ্বন্দ্ব-কলহ সমূলে ধ্বংস হয় ।৬

সুভানুপস্‌সিং বিহরন্তং, ইন্দ্রিয়েসু অসংবুতং,
ভোজনম্‌হি চ অমত্তঞ্‌ঞুং, কুসীতং হীনবীরিয়ং,
তং বে পসহতি মারো বাতো রুক্‌খং'ব দুব্বলং ।৭

রমণীয় রূপে মুগ্ধ যে জন,দেহসম্ভোগকারী,
আয়ত্তহীন ইন্দ্রিয় যার, অলস, অমিতাহারী,
সারহীন তরু ঝঞ্ঝায় যথা ধুলায় লুটায়ে পড়ে,
মার আসি ধরে সে হীনবীর্যে অতি অবহেলাভরে ।৭

অসুভানুপস্সিং বিহরন্তং, ইন্দ্রিয়েসু সুসংবুতং,
ভোজনম্হি চ মত্তঞ্ঞুং, সদ্ধং, আরদ্ধবীরিয়ং,
তং বে নপ্পসহতি মারো বাতো সেলং'ব পব্বতং ।৮

যে নহে মুগ্ধ রমণীয় রূপে, দেহসম্ভোগহীন,
পরিমিতভোজী, ইন্দ্রিয়জয়ী, নিরলস নিশিদিন,
ঝঞ্ঝার ঘায়ে পর্বত যথা অনড়, অকম্পিত,
সেইমতো থাকে সুদৃঢ়বীর্য, মার হতে নহে ভীত ।৮

অনিক্কসাবো কাসাবং যো বত্থং পরিদহেস্সতি,
অপেতো দমসচ্চেন ন সো কাসাবমরহতি ।৯

সংযমহীন, সত্যশূন্য, আবিলতা যার মনে,
শোভে নাকো কভু কাষায়বস্ত্র সেই অযোগ্যজনে ।৯

যো চ বন্তকসাবস্স সীলেসু সুসমাহিতো,
উপেতো দমসচ্চেন, স বে কাসাবমরহতি ।১০

সংযমী যিনি, অন্তরমল যাঁহার সতত মুক্ত,
কাষায়বস্ত্র ধারণ করিতে তিনি শুধু উপযুক্ত ।১০

অসারে সারমতিনো, সারে চাসারদস্সিনো,
তে সারং নাধিগচ্ছন্তি, মিচ্ছাসংকপ্পগোচরা ।১১

অসত্য যার সত্য সমান, সত্যে মিথ্যা মানে,
প্রকৃত সত্য নহে প্রতিভাত কভু তাহাদের স্থানে ।১১

সারঞ্চ সারতো ঞত্বা, অসারঞ্চ অসারতো,
তে সারং অধিগচ্ছন্তি, সম্মাসংকপ্পগোচরা ।১২

সত্যেরে যাঁরা জানেন সত্য, মিথ্যা অসত্যকে,
প্রকৃত সত্য প্রতিভাত হয় সদা তাঁহাদেরই চোখে ।১২

যথা'গারং দুচ্ছন্নং, বুট্ঠি সমতিবিজ্ঝতি,
এবং অভাবিতং চিত্তং রাগো সমতিবিজ্ঝতি ।১৩

যে গৃহের চালা অবহেলাভরে অতি অযতনে ছাওয়া,
রোধিতে পারে না সে গৃহ কখনো বর্ষার জল-হাওয়া।
অযতনে বাঁধা চিত্ত তেমনি শোভন-চিন্তাহারা,
রোধিতে পারে না, বহে যবে বেগে কামনার খরধারা।১৩

যথা' গারং সুচ্ছন্নং, বুট্‌ঠি ন সমতিবিজ্‌ঝতি,
এবং সুভাবিতং চিত্তং রাগো ন সমতিবিজ্‌ঝতি।১৪

যে গৃহের চালা দৃঢ়তার সাথে অতি সাবধানে ছাওয়া,
প্রতিরোধ করে সে-গৃহ সতত বর্ষার জল-হাওয়া।
নিষ্ঠায় বাঁধা চিত্ত তেমনি দুষ্ট-চিন্তা-হারা,
প্রতিরোধ করে, বহে যবে বেগে কামনার খরধারা।১৪

ইধ সোচতি, পেচ্চ সোচতি,
পাপকারী উভয়ত্থ সোচতি ;
সো সোচতি, সো বিহঞ্‌ঞতি,
দিস্বা কম্মকিলিট্‌ঠমত্তনো।১৫

ইহলোকে পাপী অনুতাপে মরে, পরলোকে অনুতাপ,
উভয় লোকেতে দহে অনুতাপে, স্মরিয়া আপন পাপ।১৫

ইধ মোদতি, পেচ্চ মোদতি,
কতপুঞ্ঞো উভয়ত্থ মোদতি ;
সো মোদতি, সো পমোদতি,
দিস্বা কম্মবিসুদ্ধিমত্তনো।১৬

ইহ-পরলোকে সাধু থাকে সুখে আনন্দরসে ভরি,
উভয় লোকেতে থাকে আনন্দে, আপন পুণ্য স্মরি।১৬

ইধ তপ্পতি, পেচ্চ তপ্পতি,
পাপকারী উভয়ত্থ তপ্পতি ;
পাপং মে কতং'তি তপ্পতি,
ভিয্যো তপ্পতি দুগ্গতিং গতো।১৭

ইহলোকে পাপী ভোগ করে দুখ্, দুখ্ পায় পরলোকে,
উভয় লোকেতে ভোগ করে দুখ্ কৃতকর্মের শোকে।১৭

ইধ নন্দতি, পেচ্চ নন্দতি,
কতপুঞ্‌ঞো উভয়ত্থ নন্দতি ;
পুঞ্‌ঞং মে কতন্তি নন্দতি,
ভিয্যো নন্দতি সুগ্‌গতিং গতো ।১৮

কৃতপুণ্যের এ জগতে সুখ্‌, পরজগতেও তাই,
উভয় জগতে সন্তোষ লাভ করে সে সর্বদাই ।১৮

বহুংপি চে সহিতং ভাসমানো
ন তক্‌করো হোতি নরো পমত্তো,
গোপো'ব গাবো গণয়ং পরেসং
ন ভাগবা সামঞ্‌ঞস্‌স হোতি ।১৯

বুদ্ধের বাণী অহরহ মুখে, আচরণে করে অন্য,
গো-গণনকারী রাখাল তুল্য, নহে সে শ্রমণ গণ্য ।১৯

অপ্‌পম্পি চে সহিতং ভাসমানো
ধম্মস্‌স হোতি অনুধম্মচারী,

রাগং চ দোসং চ পহায মোহং,
সম্মপ্পজানো সুবিমুত্তচিত্তো
অনুপাদিযানো ইধ বা হুরং বা,
স ভাগবা সামঞ্ঞস্স হোতি ।২০

বুদ্ধের বাণী স্মরি কদাচিৎ, আচরণে যিনি ধন্য,
কামদ্বেষহীন, সম্যক্‌জ্ঞানী, সেই সে শ্রমণ গণ্য ।২০

২ অপ্পমাদবগ্গো

অপ্পমাদো অমতপদং, পমাদো মচ্চুনো পদং
অপ্পমত্তা ন মীয়ন্তি, যে পমত্তা যথামতা ।১

অপ্রমাদেতে নির্বাণ-পথ নির্ণীত হয় প্রাণে,
প্রমাদে যে পথ প্রমুক্ত করে, মৃত্যু সে-পথ আনে ।১

এতং বিসেসতো ঞত্বা অপ্পমাদম্হি পণ্ডিতা,
অপ্পমাদে পমোদন্তি অরিয়ানং গোচরে রতা ।২

অপ্রমাদেরে জানিয়া বিশেষ ধীর পণ্ডিতগণ,
আচরণ করি আর্য-ধর্ম সদা প্রমোদিত হন ।২

তে ঝাযিনো সাততিকা নিচ্চং দল্হপরাক্কমা,
ফুসন্তি ধীরা নিব্বানং যোগক্খেমং অনুত্তরং ।৩

উদ্যোগী যাঁরা, ধ্যানপরায়ণ, সুদৃঢ়, বীর্যবান,
দুর্লভ যাহা অর্জিয়া তাহা নির্বাণ-পদ পান ।৩

উট্ঠানবতো সতিমতো সুচিকম্মস্স নিসম্মকারিনো,
সঞ্ঞতস্স চ ধম্মজীবিনো অপ্পমত্তস্স যসো'ভিবড্ঢতি।৪

বিবেচনাশীল, সৎ-জীবী যিনি, স্মৃতিমান, সংযত,
প্রমাদশূন্য বীর্যবানের খ্যাতি বাড়ে অবিরত ।৪

উট্ঠানেন'প্পমাদেন সঞ্ঞমেন দমেন চ,
দীপং কযিরাথ মেধাবী যং ওঘো নাভিকীরতি ।৫

প্রমাদশূন্য সংযম 'পরে যে দ্বীপ উঠেছে জেগে,
সে দ্বীপ কখনো প্লাবিত না হয় কামনা-স্রোতের বেগে ।৫

পমাদমনুযুঞ্জন্তি বালা দুম্মেধিনো জনা,
অপ্পমাদঞ্চ মেধাবী ধনং সেট্ঠং'ব রক্‌খতি ।৬

দুঃশীল আর মূর্খজনেরা ঘোরে প্রমাদেরি পাকে,
বিজ্ঞ রাখেন সম্পদ্‌সম প্রমাদশূন্যতাকে ।৬

মা পমাদমনুযুঞ্জেথ, মা কামরতিসন্থবং ;
অপ্পমত্তো হি ঝায়ন্তো পপ্পোতি বিপুলং সুখং ।৭

প্রমাদের পাকে না হও বিকল—শোন কামান্ধজন,
প্রমাদশূন্য ধ্যানী এ-জগতে সুখ-অধিকারী হন ।৭

পমাদং অপ্পমাদেন যদা নুদতি পণ্ডিতো,
পঞ্ঞাপাসাদমারুয্হ অসোকো সোকিনিং পজং,
পব্বতট্ঠো'ব ভূম্মট্ঠে, ধীরো বালে অবেক্‌খতি ।৮

প্রমাদে নিবারে পণ্ডিতজন অপ্রমাদের বলে,
উঠি শোকহীন প্রজ্ঞা-প্রাসাদে নিরখে ধরণীতলে,
যেমন নিরখে শৈলনিবাসী নিম্নবিহারী লোকে,
ভ্রমিছে জনতা উন্মাদসম তাপিত, পীড়িত শোকে ।৮

অপ্‌পমত্তো পমত্তেসু সুত্তেসু বহুজাগরো
অবলস্‌সং'ব সীঘস্‌সো হিত্বা যাতি সুমেধসো ।৯

সুস্থ সবল দ্রুতগতিশীল তুরঙ্গ অবহেলে,
শক্তিবিহীন অশ্বেরে যথা পিছনেতে যায় ফেলে,
প্রমাদমুক্ত প্রবুদ্ধ যাঁরা ধীর সংযত মনে,
পিছে ফেলি যান ক্ষিপ্রগতিতে সুপ্ত প্রমাদী জনে ।৯

অপ্‌পমাদেন মঘবা দেবানং সেট্‌ঠতং গতো,
অপ্‌পমাদং পসংসন্তি পমাদো গরহিতো সদা ।১০

অপ্রমাদেতে ইন্দ্র-মহান, দেবেন্দ্র নাম ধরে,
প্রমাদীরে ত্যজি অপ্রমাদীরে প্রশংসা সবে করে ।১০

অপ্‌পমাদরতো ভিক্‌খু পমাদে ভয়দস্‌সি বা
সঞ্ঞোজনং অণুং থূলং ডহং অগ্‌গী'ব গচ্ছতি ।১১

প্রমাদশূন্য বিজ্ঞ যে জন প্রমাদেরে করে ভয়,
অগ্নির মত চলে সম্মুখে, বন্ধন করি ক্ষয় ।১১

অপ্‌পমাদরতো ভিক্‌খু পমাদে ভয়দস্‌সি বা
অভব্বো পরিহাণায় নিব্বানস্‌সেব সন্তিকে ।১২

প্রমাদশূন্য বিজ্ঞ যে-জন প্রমাদেরে করে ভয়,
সাধনার পথে রহে অবিচল, নির্বাণ কাছে রয় ।১২

৩ চিত্তবগ্‌গো

ফন্দনং চপলং চিত্তং দুরক্‌খং দুন্নিবারয়ং,
উজুং করোতি মেধাবী উসুকারো'ব তেজনং ।১

সুনিপুণ হাতে সহজে যেমন শরনির্মাণকার,
আঁকাবাঁকা তীরে সরলতা আনে বক্রতা নাশি তার,
সেইরূপ সদা অতি দুর্দম চিরচঞ্চল মনে
আবিলতা নাশি ঋজু করি তোলে সহজে মেধাবী জনে।১

বারিজো'ব থলে খিত্তো ওকমোকত উব্‌ভতো,
পরিফন্দতি'দং চিত্তং মারধেয্যং পহাতবে ।২

ডাঙায় তুলিলে মৎস্য যেমন ধড়ফড়ি চাহে জল,
সেইমতো জ্ঞানী মারের ভুবন ত্যজিবারে চঞ্চল ।২

দুন্নিগ্‌গহস্‌স লহুনো যথকামনিপাতিনো,
চিত্তস্‌স দমথো সাধু চিত্তং দন্তং সুখাবহং ।৩

দুর্দম অতি লঘু সে চিত্ত, যথেচ্ছা গতি তার,
সংযমি তারে সাধু পান সুখ অন্তরে আপনার ।৩

সুদুদ্দসং সুনিপুণং যথকামনিপাতিনং,
চিত্তং রক্‌খেয্য মেধাবী চিত্তং গুত্তং সুখাবহং ।৪

দুর্বোধ অতি কুটিল চিত্ত, সদা যথাতথাগামী,
মেধাবী সে চিতে করেন রক্ষা সংযত, সুখকামী ।৪

দূরংগমং একচরং অসরীরং গুহাসয়ং,
যে চিত্তং সঞ্‌ঞমেস্‌সন্তি মোক্‌খন্তি মারবন্ধনা ।৫

অতি দূরগামী, অশরীরী চিত, গুহাশায়ী, একাচারী,
যে করে নিরোধ, মার-বন্ধন সেই সে ছেদনকারী ।৫

অনবট্‌ঠিতচিত্তস্‌স সদ্ধম্মং অবিজানতো
পরিপ্লবপসাদস্‌স পঞ্‌ঞা ন পরিপূরতি ।৬

চিত্ত যাহার অস্থির অতি, সত্যধর্মহীন,
প্রজ্ঞা তাহার পূর্ণতা লাভ নাহি করে কোনো দিন ।৬

অনবস্‌সুতচিত্তস্‌স অনন্বাহতচেতসো,
পুঞ্‌ঞপাপপহীনস্‌স নত্থি জাগরতো ভয়ং ।৭

চিত্ত যাঁহার আসক্তিহীন সংযত অতিশয়,
জাগ্রত তিনি, বন্ধনহারা, নাহি পতনের ভয় ।৭

কুম্ভূপমং কায়মিমং বিদিত্বা
নগরূপমং চিত্তমিদং ঠপেত্বা,
যোধেথ মারং পঞ্‌ঞাযুধেন
জিতঞ্চ রক্‌খে অনিবেসনো সিয়া ।৮

কুমোরের গড়া ঠুন্‌কো বাসন মানুষের দেহখানি,
দৃঢ়তায় বাঁধ চিত্ত আপন, এই কথা মনে জানি ।

মারেরে হানিয়া প্রজ্ঞা অস্ত্র, জয়ী হও সেই রণে
লব্ধ জয়েরে রক্ষিও সদা আসক্তিহীন মনে ॥৮

অচিরং বত'য়ং কায়ো পঠবিং অধিসেস্সতি
ছুদ্ধো অপেতবিঞ্ঞাণো নিরত্থং'ব কলিঙ্গরং ।৯

অচিরে এ দেহ পাইবে বিনাশ, অন্যথা নাহি তায়,
ব্যবহারহীন পড়ে রবে ভূমে দগ্ধ কাষ্ঠপ্রায় ।৯

দিসো দিসং যং তং কয়িরা বেরী বা পন বেরিনং,
মিচ্ছাপণিহিতং চিত্তং পাপিয়ো নং ততো করে ।১০

বৈরীতে করে বৈরীর ক্ষতি বিদ্বেষ বিষে জ্বলি,
তার চেয়ে ক্ষতি মন যবে যায় মিথ্যার পথে চলি ।১০

ন তং মাতা পিতা কয়িরা অঞ্ঞে বাপি চ ঞাতকা,
সম্মাপণিহিতং চিত্তং সেয্যসো নং ততো করে ।১১

মঙ্গল তব যত নাহি করে মাতা পিতা-জ্ঞাতিগণ,
শতগুণ তার মঙ্গল আনে সুপথে চালিত মন ।১১

৪ পুপ্ফবগ্গো

কো ইমং পঠবিং বিজেস্সতি
যমলোকঞ্চ ইমং সদেবকং ?
কো ধম্মপদং সুদেসিতং
কুসলো পুপ্ফমিব পচেস্সতি ?১

দেবলোক আর যমলোক-সহ কে নিবে বিশ্ব জিনে ?
ধর্মপদের সুগন্ধফুল কোন্ মালী নিবে চিনে ?১

সেখো পঠবিং বিজেস্সতি যমলোকঞ্চ ইমং সদেবকং,
সেখো ধম্মপদং সুদেসিতং কুসলো পুপ্ফমিব পচেস্সতি।২

দেবলোক আর যমলোক-জয়ী বুদ্ধশিষ্য আসি,
চয়ন করিবে ধর্মপদের সুগন্ধ ফুলরাশি।২

ফেণূপমং কায়মিমং বিদিত্বা
মরীচিধম্মং অভিসম্বুধানো,
ছেত্বান মারস্স পপুপ্ফকানি
অদস্সনং মচ্চুরাজস্স গচ্ছে।৩

এই দেহ হায় মরীচিকাপ্রায়, ফেনা সম যায় ভাসি,
জাগাও সে বোধ, মৃত্যু এড়াও পঞ্চশরেরে নাশি ।৩

পুপ্‌ফানি হেব পচিনন্তং ব্যাসত্তমনসং নরং,
সুত্তং গামং মহোঘো'ব মচ্চু আদায় গচ্ছতি ।৪

বিষয় বিষের পুষ্প চয়নে যে জন ভুলিয়া থাকে,
ঘুমন্ত গ্রামে বন্যার মতো যম আসি ধরে তাকে ।৪

পুপ্‌ফানি হেব পচিনন্তং ব্যাসত্তমনসং নরং,
অতিত্তং য়েব কামেসু অন্তকো কুরুতে বসং ।৫

বিষয় বাসনা মিটে নাকো কভু, তৃপ্তি না পায় নরে,
অপূরণ আশা থাকিতে থাকিতে মরণ আসিয়া ধরে ।৫

যথাপি ভমরো পুপ্‌ফং বণ্ণগন্ধং অহেঠয়ং
পলেতি রসমাদায় এবং গামে মুনী চরে ।৬

অম্লান রাখি বর্ণগন্ধ ফুলে মধু খায় অলি,
সেইমতো গ্রামে ভিক্ষা লভিয়া মুনি দূরে যান চলি ।৬

ন পরেসং বিলোমানি ন পরেসং কতাকতং,
অত্তনো'ব অবেক্‌খেয্য কতানি অকতানি চ ।৭

কি লাভ খুঁজিয়া অন্যের কাজে ত্রুটি-বিচ্যুতি-রন্ধ্র ?
চিন্তিও সদা আপন কর্ম আপনার ভালমন্দ ।৭

যথাপি রুচিরং পুপ্‌ফং বণ্ণবন্তং অগন্ধকং,
এবং সুভাসিতা বাচা অফলা হোতি অকুব্বতো ।৮

সুভাষিত বাণী না করি পালন, যেবা অবহেলা করে,
সৌরভহীন ফুলের মতন নিষ্ফল হয়ে ঝরে ।৮

যথাপি রুচিরং পুপ্‌ফং বণ্ণবন্তং সগন্ধকং,
এবং সুভাসিতা বাচা সফলা হোতি সকুব্বতো ।৯

সুভাষিত বাণী যে করে পালন, সফল জীবন তার,
সুন্দর ফুল সার্থক যথা, সৌরভে আপনার ।৯

যথাপি পুপ্‌ফরাসিম্হা কয়িরা মালাগুণে বহূ,
এবং জাতেন মচ্চেন কত্তব্বং কুসলং বহুং ।১০

ফুলরাশি হতে গাঁথা যায় যথা বিচিত্র ফুলসাজ,
জাত-মনুষ্য সাধে সেইমতো সদা মঙ্গল কাজ ।১০

ন পুপ্‌ফগন্ধো পটিবাতমেতি
ন চন্দনং তগর মল্লিকা বা,
সতঞ্চ গন্ধো পটিবাতমেতি
সব্বা দিসা সপ্‌পুরিসো পবাতি ।১১

অনুকূল বায়ে গন্ধ ছুটায়ে টগর, চামেলি ফোটে,
শীল-সৌরভ বিশ্ব আকুলি প্রতিকূল বায়ে ছোটে ॥১১

চন্দনং তগরং বা'পি উপ্‌পলং অথ বস্‌সিকী,
এতেসং গন্ধজাতানং সীলগন্ধো অনুত্তরো ।১২

সুগন্ধি ফুল টগর, চামেলী, উৎপল, চন্দন,
শীল-সজ্জন যে জন তাঁহার সৌরভ অতুলন ।১২

অপ্‌পমত্তো অয়ং গন্ধো যা'য়ং তগরচন্দনী,
যো চ সীলবতং গন্ধো বাতি দেবেসু উত্তমো ।১৩

চন্দন আর টগর পুষ্পে সুগন্ধ পরিমিত,
শীল-সৌরভ তা হতে অধিক, দেবলোকে প্রবাহিত ।১৩

তেসং সম্পন্নসীলানং অপ্পমাদবিহারিনং,
সম্মদঞ্ঞা বিমুত্তানং মারো মগ্গং ন বিন্দতি ।১৪

অপ্রমাদেতে বিহার যাঁদের, শীল-সম্যক্‌জ্ঞানী,
মার তাঁহাদের গতিপথ কভু নাহি পায় সন্ধানি ।১৪

যথা সংকারধানস্মিং উজ্ঝিতস্মিং মহাপথে,
পদুমং তত্থ জায়েথ সুচিগন্ধং মনোরমং ।
এবং সংকারভূতেসু অন্ধভূতে পুথুজ্জনে,
অতিরোচতি পঞ্ঞায় সম্মাসম্বুদ্ধসাবকো ।১৫-১৬

রাজপথপাশে আবর্জনার পঙ্ককুণ্ড মাঝে,
জনমে পদ্ম গন্ধযুক্ত অতি মনোহর সাজে ।
মোহ-আবদ্ধ মানব সেরূপ আবর্জনার রাশি,
বুদ্ধশিষ্য পদ্মের মতো উঠে তাহে উদ্‌ভাসি ।১৫-১৬

৫ বালবগ্‌গো

দীঘা জগরতো রত্তি, দীঘং সন্তস্‌স যোজনং,
দীঘো বালানং সংসারো সদ্ধম্মং অবিজানতং।১

ক্লান্ত জনের যোজনেক পথ সুদীর্ঘ অতিশয়,
নিদ্রাহীনের রজনী সতত দীর্ঘই মনে হয়।
সত্যধর্মে অজ্ঞ যে জন মনে হয় শুধু তার,
অন্তবিহীন দুঃখেতে ভরা দীর্ঘ এ সংসার।১

চরংচে নাধিগচ্ছেয্য সেয্যং সদিসমত্তনো,
একচরিয়ং দল্‌হং কয়িরা নত্থি বালে সহায়তা।২

সমসাথী যদি নাহি মেলে পথে, অথবা শ্রেষ্ঠতর,
একা চল পথ, সুদৃঢ় চিত্তে অজ্ঞেরে পরিহর।২

পুত্তমত্থি ধনমত্থি ইতি বালো বিহঞ্‌ঞতি,
অত্তাহি অত্তনো নত্থি কুতো পুত্তো কুতো ধনং।৩

আমার রয়েছে আপন পুত্র, আছে নিজস্ব ধন !
এই ভেবে সদা হতেছে আকুল বুদ্ধিবিহীন জন।
আপনিই সে যে নহে আপনার দুর্জ্ঞেয় এই সূত্র,
না জানিয়া ভাবে ভ্রান্ত মানব আপনার ধনপুত্র।৩

যো বালো মঞ্ঞতি বাল্যং পণ্ডিতো বা'পি তেন সো
বালো চ পণ্ডিতমানী স বে বালো' তি বুচ্চতি।৪

যে পারে আপন মূঢ়তা দেখিতে সেই পণ্ডিত হয়,
আমি পণ্ডিত, এ চিন্তা যার তারে মহামূঢ় কয়।৪

যাব জীবংপি চে বালো পণ্ডিতং পয়িরুপাসতি,
ন সো ধম্মং বিজানাতি দব্বী সূপরসং যথা।৫

দর্বী না জানে ব্যঞ্জনস্বাদ, সেইমতো মূঢ় [illegible] ভবে,
পণ্ডিত সাথে আজীবন থাকি ধর্ম কভু না লভে।৫

মুহুত্তমপি চে বিঞ্ঞূ পণ্ডিতং পয়িরুপাসতি,
খিপ্পং ধম্মং বিজানাতি জিব্হা সূপরসং যথা।৬

মুহূর্তকাল বিজ্ঞ পাইলে পণ্ডিত-সংবাদ,
লভে সে ধর্ম— রসনা যেমন লভে ব্যঞ্জনস্বাদ ।৬

চরন্তি বালা দুম্মেধা অমিত্তেনে'ব অত্তনা,
করোন্তা পাপকং কম্মং যং হোতি কটুকপ্‌ফলং ।৭

কটুফলদায়ী, পাপে রত যেই নির্বোধ মূঢ়জন,
আপনি হইয়া আপন শত্রু সদা করে বিচরণ ।৭

ন তং কম্মং কতং সাধু যং কত্বা অনুতপ্‌পতি,
যস্‌স অস্‌সুমুখো রোদং বিপাকং পটিসেবতি ।৮

যে কাজ করিলে অনুতাপ আনে, রোদন যাহার ফল,
সাধুজন সদা সে কাজে বিরত, নাহি তাহে মঙ্গল ।৮

তংচ কম্মং কতং সাধু যং কত্বা নানুতপ্‌পতি,
যস্‌স পতীতো সুমনো বিপাকং পটিসেবতি ।৯

অনুতাপহীন যে কাজ করিলে পুলকিত হয় মন,
সুখময় সেই কর্মে নিরত সদা সাধু-সজ্জন ।৯

মধু'ব মঞ্ঞতি বালো যাব পাপং ন পচ্চতি,
যদা চ পচ্চতি পাপং অথ বালো দুক্খং নিগচ্ছতি ।১০

যতদিন ফল না ফলে পাপের মূঢ় ভাবে মধুময়,
ফলিলে সে ফল দুঃখ-যাতনা ভোগে সে সুনিশ্চয় ।১০

মাসে মাসে কুসগ্গেন বালো ভুঞ্জেথ ভোজনং,
ন সো সংখতধম্মানং কলং অগ্ঘতি সোলসিং ।১১

মূঢ় জন যদি থাকে প্রতিমাসে কুশাগ্রভোজে রত,
নহে সে তুল্য ধর্মজ্ঞানীর ষোড়শাংশেরো মতো ।১১

ন হি পাপং কতং কম্মং সজ্জু খীরং'ব মুচ্চতি,
ডহন্তং বালমন্বেতি ভস্মাচ্ছন্নো'ব পাবকো ।১২

স্বীয় পাপ কাজ না হয় বিনাশ, সদ্য দুগ্ধপ্রায়,
ভস্মেতে ঢাকা আগুনের মত, মূর্খে দহিয়া ধায় ।১২

যাবদেব অনত্থায় ঞত্তং বালস্স জায়তি,
হন্তি বালস্স সুক্কংসং মুদ্ধমস্স বিপাতয়ং ।১৩

মূঢ় ভিক্ষুর অন্তরে এই আশা জাগে বারবার,
ভিক্ষুসমাজে হবে সে প্রধান, পূজা লভি সবাকার।১৩

অসতং ভাবনমিচ্ছেয্য পুরেক্খারঞ্চ ভিক্খুসু,
আবাসেসু চ ইস্সরিয়ং পূজা পরকুলেসু চ।১৪

অজ্ঞ যে জন হৃদয়ে সতত পোষণ করে এ আশা,
ভিক্ষুপ্রধান হয়ে সে লভিবে সকলেরই ভালবাসা।১৪

মমেব কতমঞ্ঞন্তু গিহী পব্বজিতা উভো
মমেবাতিবসা অস্সু কিচ্চাকিচ্চেসু কিস্মিচি।
ইতি বালস্স সংকপ্পো ইচ্ছা মানো চ বড্ঢতি।১৫

গৃহী ও বিহারী চলিবে সকলে নির্দেশ মানি তার,
মূঢ় জনচিতে বাড়ে এইরূপে দুরাশা, অহংকার।১৫

অঞ্ঞা হি লাভূপনিসা অঞ্ঞা নিব্বানগামিনী,
এবমেতং অভিঞ্ঞায় ভিক্খু বুদ্ধস্স সাবকো
সক্কারং নাভিনন্দেয্য বিবেকমনুব্রূহয়ে।১৬

নির্বাণ লাভ লক্ষ্য তোমার, এই কথা মনে জানি,
না করো কামনা সম্মান-খ্যাতি—বাড়ে শুধু তায় গ্লানি।
মার্জিত কর আপন বিবেক স্মরি তথাগতবাণী।১৬

৬ পণ্ডিতবগ্গো

নিধীনং'ব পবত্তারং যং পস্সে বজ্জদস্সিনং,
নিগ্গয়্হবাদিং মেধাবিং তাদিসং পণ্ডিতং ভজে;
তাদিসং ভজমানস্স সেয্যো হোতি ন পাপিয়ো।১

বিজ্ঞ যে করে ত্রুটি উল্লেখ অথবা তিরস্কার,
গুপ্তধনের সন্ধানদাতা, যোগ্য সে ভজনার।১

ওবদেয্যানুসাসেয্য অসব্ভা চ নিবারয়ে,
সতং হি সো পিয়ো হোতি অসতং হোতি অপ্পিয়ো।২

যে করে শাসন, উপদেশে রোধে কর্ম নিন্দনীয়,
অসৎ জনের অপ্রিয় তিনি, সদা সজ্জনপ্রিয়।২

ন ভজে পাপকে মিত্তে ন ভজে পুরিসাধমে,
ভজেথ মিত্তে কল্যাণে ভজেথ পুরিসুত্তমে ।৩

মন্দসঙ্গী না কর ভজনা, না ভজ পুরুষাধমে,
কল্যাণকারী মিত্রে ভজিও, ভজ পুরুষোত্তমে ।৩

ধম্মপীতি সুখং সেতি বিপ্পসন্নেন চেতসা,
অরিয়প্পবেদিতে ধম্মে সদা রমতি পণ্ডিতো ।৪

ধর্ম-অমৃতরস পানে জ্ঞানী রহে প্রসন্নচিত্ত,
আর্যধর্মে জ্ঞাত পণ্ডিত সতত আনন্দিত ।৪

উদকং হি নয়ন্তি নেত্তিকা উসুকারা নময়ন্তি তেজনং,
দারুং নময়ন্তি তচ্ছকা অত্তানং দময়ন্তি পণ্ডিতা ।৫

জল-সেচকেরা যেমন ইচ্ছা, সিঞ্চিত করে বারি,
অসরল শরে ঋজু করি তোলে শরনির্মাণকারী ।
তক্ষক যথা কাষ্ঠ কুঁদিয়া রূপ দেয় মনোমতো,
পণ্ডিতজন সেইরূপ সদা আত্মদমনে রত ।৫

সেলো যথা একঘনো বাতেন ন সমীরতি,
এবং নিন্দাপসংসাসু ন সমিঞ্জন্তি পণ্ডিতা ।৬

পর্বত যথা কাঁপে না হাওয়ায় কিংবা ভীষণ ঝড়ে,
স্তুতি ও নিন্দা পণ্ডিতজনে চঞ্চল নাহি করে ।৬

যথাপি রহদো গম্ভীরো বিপ্পসন্নো অনাবিলো,
এবং ধম্মানি সুত্বান বিপ্পসীদন্তি পণ্ডিতা ।৭

আবিলতাহীন স্বচ্ছ যেমন গভীর হ্রদের জল,
পণ্ডিত সদা ধর্ম-শ্রবণে সেইমতো নির্মল ।৭

সব্বত্থ বে সপ্পুরিসা চজন্তি
ন কামকামা লপয়ন্তি সন্তো,
সুখেন পুট্ঠা অথবা দুখেন
ন উচ্চাবচং পণ্ডিতা দস্সয়ন্তি ।৮

ত্যাগব্রতধারী মহৎ পুরুষ কামনায় নহে রত,
নীরব সতত, দুঃখে ও সুখে সুস্থির সংযত ॥৮

ন অত্তহেতু ন পরস্স হেতু
ন পুত্তমিচ্ছে ন ধনং ন রট্‌ঠং,
ন ইচ্ছেয্য অধম্মেন সমিদ্ধিমত্তনো
স সীলবা পঞ্‌ঞবা ধম্মিকো সিয়া ।৯

আপনার লাগি যে জন না চাহে অথবা পরের জন্য
রাষ্ট্র, পুত্র, বিত্ত করিতে মন্দ উপায়ে পণ্য,
না করে কামনা ধনসম্পদ সেই ধার্মিকজন,
প্রজ্ঞাপূর্ণ শীলবান্ নামে সদা অভিহিত হন ।৯

অপ্‌পকা তে মনুস্সেসু যে জনা পারগামিনো,
অথায়ং ইতরা পজা তীরমেবানুধাবতি ।১০

পার হন যাঁরা এ-ভবসাগর, গণি করপল্লবে,
বাকি যত নর করে ধড়ফড় সংসারকূলে সবে ।১০

যে চ খো সম্মদক্খাতে ধম্মে ধম্মানুবত্তিনো,
তে জনা পারমেস্সন্তি মচ্চুধেয্যং সুদুত্তরং ।১১

অনুগামী যাঁরা ধর্মপথের, মরণেরে জয় করি,
চলি যান তাঁরা নির্বাণ লভি পরপারে উত্তরি ।১১

কণ্হং ধম্মং বিপ্পহায় সুক্কং ভাবেথ পণ্ডিতো,
ওকা অনোকং আগম্ম বিবেকে যত্থ দূরমং ।১২

পণ্ডিতজন পাপ পরিহরি সত্য ধর্মে রত
গ্রহণ করেন সংসার ত্যজি চিরসন্ন্যাসব্রত ।১২

তত্রাভিরতিমিচ্ছেয্য, হিত্বা কামে অকিঞ্চনো,
পরিয়োদপেয্য অত্তানং চিত্তক্লেসেহি পণ্ডিতো ।১৩

সঙ্গীবিহীন সাধনা তাঁদের, নাহি অনুরাগ, দ্বেষ ;
কামনারহিত অকিঞ্চনের না থাকে চিত্তক্লেশ ।১৩

যেসং সম্বোধিঅঙ্গেসু সম্মা চিত্তং সুভাবিতং,
আদান-পটিনিস্সগ্গে অনুপাদায় যে রতা,
খীনাসবা জুতীমন্তো তে লোকে পরিনিব্বুতা ।১৪

পরম জ্ঞানেতে চিত্ত যাঁদের সুগঠিত, সংযত,
আসক্তিহীন দ্যুতিমানগণ পান নির্বাণপথ ।১৪

৭ অরহন্তবগ্গো

গতদ্ধিনো বিসোকস্স বিপ্পমুত্তস্স সব্বধি,
সব্বগন্থপ্পহীনস্স পরিলাহো ন বিজ্জতি ।১

ভ্রমণ অন্তে সংসারপথে বীতশোক হন যাঁরা,
বিমুক্ত তাঁরা, বন্ধনহীন, অন্তর-দাহহারা ।১

উয্যুঞ্জন্তি সতিমন্তো ন নিকেতে রমন্তি তে,
হংসা'ব পল্ললং হিত্বা ওকমোকং জহন্তি তে ।২

স্মৃতিমান্ আর উদ্যোগী যাঁরা, সংসারসুখ ফেলে,
হংসের মতো জলাশয় ত্যজি উড়ে যান অবহেলে ।২

যেসং সন্নিচয়ো নত্থি যে পরিঞ্ঞাতভোজনা,
সুঞ্ঞতো অনিমিত্তো চ বিমোক্খো যস্স গোচরো,
আকাসে'ব সকুন্তানং গতি তেসং দুরন্নয়া ।৩

শূন্যতা আর অনিত্যভাব, বিমোক্ষ আদি যাঁর
আয়ত্তাধীন, সকল বিষয়ে সম্যক্ অধিকার ।
পূর্ণ যাঁহার আহারের জ্ঞান, নাহি সঞ্চয়-ভার,
আকাশেতে-ওড়া পাখীর মতন দুর্জ্ঞেয় গতি তাঁর ।৩

যস্সা'সবা পরিক্খীণা আহারে চ অনিস্সিতো,
সুঞ্ঞতো অনিমিত্তো চ বিমোক্খো যস্স গোচরো,
আকাসে'ব সকুন্তানং পদং তস্স দুরন্নয়ং ।৪

পাপরাশি হতে মুক্ত যে জন, আহারে নির্বিকার,
শূন্যতা আর অনিত্যভাব, মোক্ষ গোচর যাঁর,
আকাশেতে-ওড়া পাখীর মতন দুর্জ্ঞেয় গতি তাঁর ।৪

যস্সিন্দ্রিয়ানি সমথং গতানি
অস্সা যথা সারথিনা সুদন্তা,

পহীনমানস্স অনাসবস্স
দেবাপি তস্স পিহয়ন্তি তাদিনো ।৫

তুরঙ্গ যথা সারথির বশ, ইন্দ্রিয় বশ যাঁর,
তৃষামানহীন পুরুষশ্রেষ্ঠ প্রিয় হন দেবতার ।৫

পঠবীসমো নো বিরুজ্ঝতি
ইন্দখীলুপমো তাদি সুব্বতো,
রহদো'ব অপেতকদ্দমো
সংসারা ন ভবন্তি তাদিনো ।৬

স্তম্ভ অথবা ধরণীর মতো সুব্রত সুস্থির,
স্বচ্ছ হ্রদেতে সর্বদা যথা নির্মল থাকে নীর ;
অবিচল সদা অষ্টধর্মে, নীরব নির্বিকার ।
সুব্রতজন না লয় জনম সংসারে কভু আর ॥৬

সন্তং তস্স মনং হোতি সন্তা বাচা চ কম্মঞ্চ,
সম্মদঞ্ঞা বিমুত্তস্স উপসন্তস্স তাদিনো ।৭

সম্যক্-জ্ঞানী, বিমুক্ত যিনি, মনে নাহি যাঁর ভ্রান্তি,
শেষ হয় তাঁর কথা ও কর্ম, বিরাজে স্নিগ্ধ শান্তি ।৭

অস্সদ্ধো অকতঞ্ঞূ চ সন্ধিচ্ছেদো চ যো নরো,
হতাবকাসো বন্তাসো সবে উত্তমপোরিসো ।৮

জন্ম নিরোধি, আসক্তি ছেদি, নির্বাণ জানে যেই,
অলীক বাক্যে বিশ্বাসহীন, পুরুষোত্তম সেই ।৮

গামে বা যদি বা'রঞ্ঞে নিন্নে বা যদি বা থলে,
যথা'রহন্তো বিহরন্তি তং ভূমিং রামণেয্যকং ।৯

গ্রামে, অরণ্যে, সিন্ধুপুলিনে, ভিক্ষু যেথায় থাকে,
সাধনার বলে সেই অঞ্চলে সুন্দর করি রাখে ।৯

রমণীয়ানি অরঞ্ঞানি যত্থ ন রমতি জনো,
বীতরাগা রমিস্সন্তি ন তে কামগবেসিনো ।১০

রমণীয় বনে জনগণ কভু নাহি দেখে উল্লাস,
তৃষ্ণাশূন্য ভিক্ষু সেথায় আনন্দে করে বাস ।১০

৮ সহস্সবগ্গো

সহস্সম'পি চে বাচা অনত্থপদসংহিতা,
একং অত্থপদং সেয্যো যং সুত্বা উপসম্মতি ।১

কি লাভ শুনিয়া অনর্থ কথা শত-সহস্রবার,
অর্থযুক্ত একটি বাক্যে মঙ্গল সবাকার ।১

সহস্সম'পি চে গাথা অনত্থপদসংহিতা,
একং গাথাপদং সেয্যো যং সুত্বা উপসম্মতি ।২

অনর্থ শ্লোক হোক্ সহস্র, বাড়ায় সতত ভ্রান্তি,
শ্রেয় সেই শ্লোক, একটিতে যার চিত্তে উপজে শান্তি ।২

যো চ গাথাসতং ভাসে অনত্থপদসংহিতা,
একং ধম্মপদং সেয্যো যং সুত্বা উপসম্মতি ।৩

অনর্থপদপূর্ণ শতেক গাথা কেহ যদি ভাষে,
এক গাথা ভাল ধর্মপদের, তাহে সন্তোষ আসে ।৩

যো সহস্সং সহস্সেন সঙ্গামে মানুসে জিনে,
একঞ্চ জেয্যমত্তানং স বে সঙ্গামজুত্তমো ।৪

যদি কেহ রণে সহস্রজনে জিনে সহস্রবার,
তা হতে শ্রেষ্ঠ আত্মবিজয়ী—মহৎ যুদ্ধ তাঁর ।৪

অত্তা হবে জিতং সেয্যো যা চা'য়ং ইতরা পজা,
অত্তদন্তস্স পোসস্স নিচ্চং সঞ্ঞতচারিনো ।৫

যে পারে জিনিতে জনসাধারণ, তার জয় হতে শ্রেয়,
আপন চিত্ত যদি করে জয় সংযমশীল কেহ ।৫

নেব দেবো ন গন্ধব্বো ন মারো সহব্রহ্মুনা,
জিতং অপজিতং কয়িরা তথারূপস্স জন্তুনো ।৬

ব্রহ্মা না পারে সে জয়ে জিনিতে, দেবতা বা গন্ধর্ব,
মার আসি তবু না পারে করিতে লব্ধ সে জয়ে খর্ব ।৬

মাসে মাসে সহস্সেন যো যজেথ সতং সমং,
একঞ্চ ভাবিতত্তানং মুহুত্তমপি পূজয়ে,
সায়েব পূজনা সেয্যো যঞ্চে বস্সসতং হুতং ।৭

বহু ব্যয় করি যে করে যজ্ঞ শতেক বরষ লাগি,
যে পূজে ক্ষণিক্ সিদ্ধপুরুষে, তা হতে মান্যভাগী ।৭

যো চে বস্সসতং জন্তু অগ্গিং পরিচরে বনে,
একঞ্চ ভাবিতত্তানং মুহুত্তমপি পূজয়ে,
সায়েব পূজনা সেয্যো যঞ্চে বস্সসতং হুতং ।৮

অরণ্যে পশি অগ্নির সেবা যেবা বহুকাল করে,
শ্রেয় তার চেয়ে পুণ্যপুরুষে পূজিলে ক্ষণেক তরে ।৮

যং কিঞ্চি য়িট্ঠং চ হুতং চ লোকে,
সংবচ্ছরং যজেথ পুঞ্ঞপেক্খো,
সব্বম্পি তং ন চতুভাগমেতি,
অভিবাদনা উজ্জুগতেসু সেয্যো ।৯

বৎসরব্যাপী হোমাদি যজ্ঞ করিলে অনুষ্ঠান,
পুণ্যতিয়াসী পরিণামে তার যেই শুভফল পান—
মহাপুরুষেরে করিলে প্রণাম যে পুণ্য লাভ হয়,
চারি-অংশের একাংশ সম তুল্য সে ফল নয় ।৯

অভিবাদনসীলিস্স নিচ্চং বদ্ধাপচাযিনো,
চত্তারো ধম্মা বড্ঢন্তি আয়ুবণ্ণো সুখং বলং ।১০

প্রবীণ জনেরে প্রণমি যে জন সম্মান দেয় তাঁরে,
সুখ, বল আর আয়ু ও বর্ণ—চারি গুণ তার বাড়ে ।১০

যো চ বস্সসতং জীবে দুস্সীলো অসমাহিতো,
একাহং জীবিতং সেয্যো সীলবন্তস্স ঝাযিনো ।১১

শতাব্দীজীবী হয়ে যদি কেহ থাকে সংযমহীন,
শ্রেয় তার চেয়ে শীলবান-ধ্যানী বাঁচিলে একটি দিন ।১১

যো চ বস্সসতং জীবে দুপ্পঞ্ঞো অসমাহিতো,
একাহং জীবিতং সেয্যো পঞ্ঞাবন্তস্স ঝাযিনো ।১২

সংযমহীন, প্রজ্ঞাশূন্য বাঁচে যদি শতবর্ষ,
একদিন বাঁচি প্রজ্ঞাবানের তা হতে অধিক হর্ষ ।১২

যো চ বসসসতং জীবে কুসীতো হীনবীরিযো,
একাহং জীবিতং সেয্যো বিরিযমারভতো দল্হং ।১৩

অলস জীবনে যে হীনবীর্য শতাব্দীজীবী হয়,
দিবস-জীবন বীর্যবানের তুল্য সে কভু নয়।১৩

যো চ বস্‌সসতং জীবে অপস্‌সং উদয়ব্যয়ং,
একাহং জীবিতং সেয়্যো পস্‌সতো উদয়ব্যয়ং।১৪

শতায়ু যে জন, উদয়-বিলয় দর্শনে নিশ্চেষ্ট,
উদয়-বিলয় জ্ঞাত পুরুষের দিবস জীবনই শ্রেষ্ঠ।১৪

যো চ বস্‌সসতং জীবে অপস্‌সং অমতং পদং,
একাহং জীবিতং সেয়্যো পস্‌সতো অমতং পদং।১৫

সেই শ্রেয় যেবা একদিন বাঁচি অমৃতের পদ জানে,
শতায়ুরে ধিক্ ! শতবরষেও যে না দেখে নির্বাণে।১৫

যো চ বস্‌সসতং জীবে অপস্‌সং ধম্মমুত্তমং,
একাহং জীবিতং সেয়্যো পস্‌সতো ধম্মমুত্তমং।১৬

ধর্ম না জানি বাঁচে যেইজন একশত বৎসর,
শ্রেয় তার চেয়ে দিন-আয়ু যে বা ধর্মেতে তৎপর।১৬

৯ পাপবগ্গো

অভিত্থরেথ কল্যাণে, পাপা চিত্তং নিবারয়ে,
দন্ধং হি করোতো পুঞ্ঞং পাপস্মিং রমতে মনো ।১

দ্বিধায় জড়িত পুণ্য কর্মে পাপে রত হয় মন,
কল্যাণকর কর্ম সাধিয়া পাপে কর নিবারণ ।১

পাপঞ্চে পুরিসো কয়িরা ন তং কয়িরা পুনপ্পুনং
ন তম্হি ছন্দং কয়িরাথ, দুক্খো পাপস্স উচ্চয়ো ।২

দৈবাৎ যদি করে কেহ পাপ, নাহি যেন সাধে আর,
পাপে রুচি হলে পাপ জমে শুধু, বাড়ায় দুঃখ ভার ।২

পুঞ্ঞঞ্চে পুরিসো কয়িরা কয়িরাথেনং পুনপ্পুনং,
তম্হি ছন্দং কয়িরাথ সুখো পুঞ্ঞস্স উচ্চয়ো ।৩

সঞ্চিত করে পুণ্য যে জন, সুখলাভ হয় তার,
পুণ্য করমে ইচ্ছা জাগায়, সাধে তা বারংবার ।৩

পাপোপি পস্সতি ভদ্রং যাব পাপং ন পচ্চতি,
যদা চ পচ্চতি পাপং অথ পাপো পাপানি পস্সতি ।৪

অপরিপক্ক পাপের কর্মে পাপী দেখে মঙ্গল,
পক্ক হইলে কর্ম তাহার, মেলে সে পাপের ফল ।৪

ভদ্রোপি পস্সতি পাপং যাব ভদ্রং ন পচ্চতি,
যদা চ পচ্চতি ভদ্রং অথ ভদ্রো ভদ্রানি পস্সতি ।৫

পক্ক না হলে পুণ্যকর্ম ধার্মিক হেরে মন্দ,
ফলের প্রসাদ পায় সে যখন, অন্তরে মহানন্দ ।৫

মাপ্পমঞ্ঞেথ পাপস্স ন মং তং আগমিস্সতি,
উদবিন্দুনিপাতেন উদকুম্ভোপি পূরতি ;
পূরতি বালো পাপস্স থোকথোকম্পি আচিনং ।৬

পাপেরে কখনো অবহেলা ভরে মেপ না ক্ষুদ্র মাপে,
ফোঁটা ফোঁটা জলে ভরে যথা ঘট, পাপী ভরে ছোট পাপে ।৬

মাপ্পঞ্ঞেথ পুঞ্ঞস্স ন মং তং আগমিস্সতি,
উদবিন্দুনিপাতেন উদকুম্ভোপি পূরতি ;
ধীরো পূরতি পুঞ্ঞস্স থোকথোকম্পি আচিনং।৭

না করিও হেলা অল্প পুণ্যে ; বিন্দু বিন্দু জলে,
ভরে ওঠে ঘড়া, সাধু যথা ভরে অল্প পুণ্যফলে ।৭

বাণিজো'ব ভয়ং মগ্গং অপ্পসত্থো মহদ্ধনো,
বিসং জীবিতুকামো'ব পাপানি পরিবজ্জয়ে।৮

অস্ত্রবিহীন বণিক না যায় বিঘ্নের পথ 'পরে,
জীবন যে চায় খায় না সে বিষ, সাধু পাপ পরিহরে।৮

পাণিম্হি চে বণো না'স্স হরেয্য পাণিনা বিসং,
নাব্বণং বিসমন্বেতি, নত্থি পাপং অকুব্বতো।৯

অক্ষত হাতে রাখিলে গরল নিষ্ফল ক্রিয়া তার,
পাপ না পরশে সেইরূপ কভু, নিষ্পাপ মন যাঁর '৯

যো অপ্পদুট্ঠস্স নরস্স দুস্সতি
সুদ্ধস্স পোসস্স অনঙ্গণস্স,
তমেব বালং পচ্চেতি পাপং
সুখুমো রজো পটিবাতং'ব খিত্তো ।১০

নির্দোষ অতি, কলঙ্কহীন শুদ্ধপুরুষ জনে,
মূঢ় যদি কেহ হানে তাঁহাদের অন্যায় আচরণে ;
যেমন বায়ুর বিপরীত দিকে ছুড়িলে বালুকারাশি,
সেইরূপ বেগে পাপ আসি তারে নিমেষেই ফেলে গ্রাসি ।১০

গব্ভমেকে উপ্পজ্জন্তি নিরয়ং পাপকম্মিনো,
সগ্গং সুগতিনো যন্তি পরিনিব্বন্তি অনাসবা ।১১

জাতমনুষ্য জনমে নরকে হয় যদি পাপাচারী,
লভে নির্বাণ আসক্তিহীন সুগতি পুণ্যকারী ।১১

ন অন্তলিক্খে ন সমুদ্দমজ্ঝে
ন পব্বতানং বিবরং পবিস্স,

ন বিজ্‌জতি সো জগতিপ্‌পদেসো
যত্থট্‌ঠিতো মুঞ্চেয়্য পাপকম্মা ।১২

সাগরে, গুহায় লুকাবে কোথায়, স্বর্গেতে খোঁজ ঠাঁই ?
পাপ কাজ ক'রে ত্রিভুবনে তব নিস্তার কোথা নাই ।১২

ন অন্তলিক্‌খে ন সমুদ্দমজ্‌ঝে
ন পব্বতানং বিবরং পবিস্‌স,
ন বিজ্‌জতি সো জগতিপ্‌পদেসো
যত্থট্‌ঠিতং নপ্‌পসহেয়্য মচ্চু ।১৩

সাগরে, গুহায়, লুকাবে কোথায়, স্বর্গেতে খোঁজ ঠাঁই ?
মৃত্যুর হাতে ত্রিভুবন মাঝে নিস্তার তব নাই ।১৩

১০ দণ্ডবগ্‌গো

সব্বে তসন্তি দণ্ডস্‌স সব্বে ভায়ন্তি মচ্‌চুনো,
অত্তানং উপমং কত্বা ন হনেয্য ন ঘাতয়ে ।১

মৃত্যুর ভয়ে ত্রস্ত সকলে, দণ্ডে শঙ্কা করে,
আপনার কথা চিন্তিয়া, কভু না হান সে ভীত নরে ।১

সব্বে তসন্তি দণ্ডস্‌স সব্বেসং জীবিতং পিয়ং
অত্তানং উপমং কত্বা ন হনেয্য ন ঘাতয়ে ।২

ভালবাসে সবে আপন জীবন, দণ্ডে শঙ্কা করে,
আপনার কথা চিন্তিয়া, কভু না হান সে ভীত নরে ।২

সুখকামানি ভূতানি যো দণ্ডেন বিহিংসতি,
অত্তনো সুখমেসনো পেচ্‌চ সো ন লভতে সুখং ।৩

সুখকামী জীবে দণ্ড যে দেয় আপন সুখের লাগি,
নিশ্চিত জেনো পরলোকে সেই নাহি হয় সুখভাগী ।৩

সুখকামানি ভূতানি যো দণ্ডেন ন হিংসতি,
অত্তনো সুখমেসনো পেচ্চ সো লভতে সুখং ।৪

আপন সুখের লাগিয়া যে জন সুখকামী জীব 'পরে,
না হানে দণ্ড, পরলোকে সেই মহাসুখ ভোগ করে ।৪

মা' বোচ ফরুসং কঞ্চি বুত্তা পটিবদেয়্যু তং,
দুক্খা হি সারম্ভকথা পটিদণ্ডা ফুসেয়্যু তং ।
সচে নেরেসি অত্তানং কংসো উপহতো যথা,
এস পত্তো'সি নিব্বানং সারম্ভো তে ন বিজ্জতি ।৫-৬

কাহারে না বলো কর্কশ বাণী, উত্তরে পাবে তার
রোষ-জাগরূক কর্কশ কথা, কর্কশ ব্যবহার—
অন্তরে রবে প্রতিশোধ জেগে ; ভাঙা পাত্রের মতো
নিশ্চল রহি লভ নির্বাণ, থাক সদা সংযত ।৫ ৬

যথা দণ্ডেন গোপালো গাবো পাচেতি গোচরং
এবং জরা চ মচ্চু চ আয়ুং পাচেন্তি পাণিনং ।৭

দণ্ডে গোপাল গরুরে চরায়, তেমনি মৃত্যু আসি
বার বার করে জন্ম-সূচনা, জীবের আয়ুরে গ্রাসি ।৭

অথ পাপানি কম্মানি করং বালো ন বুজ্ঝতি,
সেহি কম্মেহি দুম্মেধো অগ্‌গিদড্‌ঢো'ব তপ্‌পতি ।৮

নির্বোধ কভু পাপকর্মের পরিণাম নাহি স্মরে,
রহে সে জ্বলিতে আপনার কৃত কলুষ কর্ম ভরে ।৮

যো দণ্ডেন অদণ্ডেসু অপ্‌পদুট্‌ঠেসু দুস্‌সতি,
দসন্নমঞ্‌ঞতরং ঠানং খিপ্‌পমেব নিগচ্ছতি ।
বেদনং ফরুসং জানিং সরীরস্‌স চ ভেদনং
গরুকং বা'পি আবাধং চিত্তক্‌খেপং'ব পাপুণে ।
রাজতো বা উপসগ্‌গং অব্‌ভক্‌খানং'ব দারুণং,
পরিক্‌খয়ং'ব ঞাতীনং, ভোগানং'ব পভঙ্গুনং ।
অথব'স্‌স অগারানি অগ্‌গি ডহতি পাবকো,
কায়স্‌স ভেদা দুপ্‌পঞ্‌ঞো নিরয়ং সো'পপজ্জতি ।৯-১২

অপরাধহীনে দণ্ড হানিয়া যে জন শাসন করে,
দশ দশা মাঝে এক দশা আসি তারে নিশ্চয় ধরে।
নিদারুণ দুখ্ ভোগ করে সে-ই, ক্ষত বা কঠিন রোগ ;
হতে পারে তার চিত্তবিকার, রাজদণ্ডের ভোগ,
জ্ঞাতির বিয়োগ, অপবাদ আর অঙ্গ-অর্থহানি ;
আগুনেতে তার পুড়ে যেতে পারে আপনার গৃহখানি।
এ-দশ দুখের যে কোনো দুঃখ প্রজ্ঞাশূন্য যারা
ভোগে ইহলোকে, নরকে জন্মে মৃত্যুর পরে তারা ॥৯-১২

ন নগ্গচরিয়া ন জটা ন পঙ্কা
নানাসকা থণ্ডিলসায়িকা বা,
রজো চ জল্লং উক্কুটিকপ্পধানং
সোধেন্তি মচ্চং অবিতিণ্ণকঙ্খং ।১৩

উলঙ্গ থাকি, জটা ধরি শিরে, অনশন করি তায়,
ভূমিতে শয়ন, ভস্ম-পঙ্ক লেপন করে যে গায়—
আত্মপীড়ন করি যেই জন উৎকট তপে রয়,
সংশয়ভরা সে-জনার মন পবিত্র নাহি হয়।১৩

অলঙ্কতো চেপি সমং চরেয্য
সন্তো দন্তো নিয়তো ব্রহ্মচারী,
সব্বেসু ভূতেসু নিধায় দণ্ডং,
সো ব্রাহ্মণো সো সমনো স ভিক্‌খু ।১৪

সজ্জিত থাকি বসন-ভূষণে আচরণ যাঁর সাম্য,
শান্ত-দান্ত-সংযত যিনি, সবার মৈত্রী কাম্য,
পোষণ করেন সকলের হিত অন্তরে যেই জন—
তিনি ব্রাহ্মণ, তিনিই শ্রমণ, তিনিই ভিক্ষু হন ।১৪

হিরী নিসেধো পুরিসো কোচি লোকস্মিং বিজ্জতি,
যো নিন্দং অপ্‌পবোধতি অস্সো ভদ্রো কসামিব ।১৫

শিক্ষিত ঘোড়া করে যেইরূপ কশাঘাত নিবারণ,
কোথা আছে হেন পাপরোধকারী নিন্দাবিরত জন ?১৫

অস্সো যথা ভদ্রো কসানিবিট্‌ঠো
আতাপিনো সংবেগিনো ভবাথ,

সদ্ধায় সীলেন চ বিরিয়েন চ
সমাধিনা ধম্মবিনিচ্ছয়েন চ ;
সম্পন্ন বিজ্‌জাচরণা পতিস্‌সতা
পহস্‌সথ দুক্‌খমিদং অনপ্‌পকং ।১৬

শিক্ষিত ঘোড়া কশাঘাতে যথা হয় মহা-বেগবান,
বিদ্যা আচরি কর সেইমতো সত্যের সন্ধান ।
সমাধিত থাকি, শ্রদ্ধা ধৈর্য করিয়া সমন্বয়,
স্মৃতির প্রভাবে সীমাহীন দুখে সহজেই কর জয় ॥১৬

উদকং হি নয়ন্তি নেত্তিকা
উসুকারা নময়ন্তি তেজনং,
দারুং নময়ন্তি তচ্ছকা
অত্তানং দময়ন্তি সুব্বতা ।১৭

প্রণালী-খনক জলগতি যথা যে দিকে ইচ্ছা টানে,
শর-নির্মাতা ঋজু করি তোলে সহজে বক্র বাণে,
সূত্রধরেতে কাষ্ঠ নোয়ায় নিজ প্রয়োজনমতো,
সেই মতো সদা পণ্ডিত-জন আত্মদমনে রত ।১৭

১১ জরাবগ্‌গো

কো নু হাসো কিমানন্দো নিচ্চং পজ্‌জলিতে সতি,
অন্ধকারেন ওনদ্ধা পদীপং ন গবেস্‌সথ ।১

নিত্য বিশ্ব জ্বলিছে দুঃখে —বিষের ধোঁয়ায় কালো,
থাকিবে কি সদা মোহেতে অন্ধ, খুঁজিবে না কভু আলো ?১

পস্‌স চিত্তকতং বিম্বং অরুকায়ং সমুস্‌সিতং,
আতুরং বহুসঙ্কপ্‌পং যস্‌স নত্থি ধুবং ঠিতি ।২

চিত্রিত-দেহ-দর্শনে-জাগা ভ্রান্তিরে কর দূর,
অনিত্য ইহা বাসনাপূর্ণ, ক্ষতময়, রোগাতুর ।২

পরিজিন্নমিদং রূপং রোগনিড্‌ঢং পভঙ্গুরং,
ভিজ্জতি পূতিসন্দেহো মরণন্তং হি জীবিতং ।৩

এই দেহ সদা রোগের আবাস, ভঙ্গুর অতিশয়,
ঘৃণিত এ কায়, জীবনের শেষে মরণেই পায় লয় ।৩

যানি'মানি অপথানি অলাপূনে'ব সারদে
কাপোতকানি অট্ঠীনি তানি দিস্বান কা রতি ?৪

শরতে যেমন কপোতবর্ণ অলাবু ছড়ান রয়,
মানুষের দেহ-অস্থি তেমনি, তাহে মোহ কেন হয় ?৪

অট্ঠীনং নগরং কতং মংসলোহিতলেপনং
যত্থ জরা চ মচ্চু চ মানো মক্খো চ ওহিতো ।৫

এ দেহ-নগর রক্ত-মাংস-অস্থি আদিতে গড়া,
জরা মৃত্যু [illegible] মান-সম্মানে ভরা ।৫

জীরন্তি বে রাজরথা সুচিত্তা
অথো সরীরম্পি জরং উপেতি,
সতঞ্চ ধম্মো ন জরং উপেতি,
সন্তো হবে সব্ভি পবেদয়ন্তি ।৬

রাজরথ যথা জীর্ণতা পায় হলেও সুচিত্রিত,
সেইরূপ হয় মানুষের দেহ জরাভারে নিপীড়িত ।

মহৎ জনের ধর্মে কখনো জীর্ণতা নাহি ধরে,
ধর্ম-আলাপে রত হন তাঁরা, মিলিলে পরস্পরে ॥৬

অপ্পস্সুতা'য়ং পুরিসো বলিবদ্দো'ব জীরতি,
মংসানি তস্স বড্ঢন্তি পঞ্ঞা তস্স ন বড্ঢতি ।৭

বলদের মতো অজ্ঞ জনের বাড়ে বয়সের ভার,
আর বেড়ে ওঠে দেহের মাংস, প্রজ্ঞা না বাড়ে তার ।৭

অনেকজাতিসংসারং সন্ধাবিস্সং অনিব্বিসং,
গহকারকং গবেসন্তো দুক্খা জাতি পুনপ্পুনং ।
গহকারক ! দিট্ঠোসি পুন গেহং ন কাহসি
সব্বা তে ফাসুকা ভগ্গা গহকূটং বিসঙ্খিতং ;
বিসঙ্খারগতং চিত্তং তণ্হানং খয়মজ্ঝগা ।৮-৯

করেছি ভ্রমণ সংসার মাঝে জনমে জনমে আমি,
বুঝিতে পারিনি কে গড়িল গৃহ, কোন্ জন গৃহস্বামী ?
বার বার ভবে জনম-গ্রহণ কেবলই দুঃখময় ;
হে গৃহকারক ! দেখিনু তোমারে—কাটিল আমার ভয় ।

চূর্ণ করেছি গৃহ-রচনার উপকরণাদি যত,
তৃষ্ণাশূন্য চিত্ত আমার আজি নির্বাণগত ॥৮-৯

অচরিত্বা ব্রহ্মচরিয়ং অলদ্ধা যোব্‌বনে ধনং,
জিণ্‌ণকোঞ্চা'ব ঝায়ন্তি খীনমচ্ছেব পল্ললে।১০

ব্রহ্মচর্য না পালে, না আনে যৌবনে যে বা ধন,
মাছহীন জলে বকের মতন নিরুপায় সেই জন।১০

অচরিত্বা ব্রহ্মচরিয়ং অলদ্ধা যোব্‌বনে ধনং,
সেন্তি চাপাতিখীনা'ব পুরানানি অনুত্থুনং।১১

ব্রহ্মচর্য না পালে, না আনে যৌবনে যে বা ধন,
ফেলে-দেওয়া যেন জীর্ণ ধনুক, পড়ে থাকে সেই জন।১১

১২ অত্তবগ্‌গো

অত্তানং চে পিয়ং জঞ্ঞা রক্‌খেয্য তং সুরক্‌খিতং
তিণ্ণমঞ্ঞতরং যামং পটিজগ্‌গেয্য পণ্ডিতো ।১

আপনারে যদি প্রিয় ভাব তুমি, সুরক্ষ রাখ তায়,
পণ্ডিত রবে সতর্ক চিতে একযাম, ত্রিযামায় ।১

অত্তানমেব পঠমং পতিরূপে নিবেসয়ে,
অথঞ্ঞমনুসাসেয্য ন কিলিস্‌সেয্য পণ্ডিতো ।২

আপনারে আগে নিযুক্ত করি মঙ্গল-বিষয়েতে,
উপদেশ দিলে অন্য জনেরে, হবে না দুঃখ পেতে ।২

অত্তানঞ্চে তথা কয়িরা যথঞ্ঞমনুসাসতি,
সুদন্তো বত দমেথ অত্তাহি কির দুদ্দমো ৩

অন্যেরে যাহা দিতেছ শিক্ষা, আপনারে সেইমত
শিক্ষিত কর, আত্মদমন—বড় সে কঠিন ব্রত ।৩

অত্তাহি অত্তনো নাথো কোহি নাথো পরো সিয়া ?
অত্তনা'ব সুদন্তেন নাথং লভতি দুল্লভং ।৪

নিজেই তুমি যে নিজ আশ্রয়, অন্য তো কেহ নয় ।
অতি দুর্লভ আশ্রয়লাভ আত্মদমনে হয় ॥৪

অত্তনা'ব কতং পাপং অত্তজং অত্তসম্ভবং,
অভিমন্থতি দুম্মেধং বজিরং' বস্মময়ং মণিং ।৫

মণিরে বজ্র বিচূর্ণ করে, দোঁহে পাষাণেরই অংশ ;
নিজ কর্মেতে উদ্ভূত পাপ, নিজেরেই করে ধ্বংস ।৫

যস্‌স'চ্চন্তদুস্‌সীল্যং মালুবা সালমিবোত্ততং,
করোতি সো তথ'ত্তানং যথা নং ইচ্ছতি দিসো ।৬

শালমহীরুহে মালুবা-লতিকা ধ্বংসের লাগি ধরে,
দুঃশীলতায় জড়ায়ে আপনা, আপনিই লোকে মরে ।৬

সুকরানি অসাধুনি অত্তনো অহিতানি চ,
যং বে হিতঞ্চ সাধুঞ্চ তং বে পরমদুক্করং ।৭

অসাধু কর্মে ক্ষতি আপনার, সে কাজ সহজে হয়,
হিতকর সাধুকর্ম, সাধন দুষ্কর অতিশয়।৭

যো সাসনং অরহতং অরিয়ানং ধম্মজীবিনং,
পটিকুকোসতি দুম্মেধো দিট্‌ঠিং নিস্‌সায় পাপিকং;
ফলানি কট্‌ঠকস্‌সে'ব অত্তঘঞ্‌ঞায় ফল্‌লতি।৮

উপদেশদাতা আর্য অর্হৎ ধর্মজীবন ধরে,
পাপদৃষ্টির বশে যেই মূঢ় তাঁরে আক্রোশ করে,
ফল উদ্‌গমে সতত যেমন নাশ পায় বেণুবন,
কৃতকর্মেতে আপন বিনাশ ডেকে আনে পাপিগণ।৮

অত্তনা'ব কতং পাপং অত্তনা সঙ্‌কিলিস্‌সতি,
অত্তনা অকতং পাপং অত্তনা'ব বিসুজ্‌ঝতি;
সুদ্ধি অসুদ্ধি পচ্চত্তং, নাঞ্‌ঞো অঞ্‌ঞং বিসোধয়ে।৯

নিজ পাপে লোকে দুঃখে ক্লিষ্ট, অপাপে দুঃখ হরে,
শুচি ও অশুচি তৈরি নিজের, কে কারে শুদ্ধ করে?৯

অত্তদত্থং পরত্থেন বহুনাপি ন হাপয়ে,
অত্তদত্থমভিঞ্ঞায় সদত্থপসুতো সিয়া ।১০

পরের লাগিয়া আপন ইষ্টে না দাও বিসর্জন,
অন্তরে জানি আপনার হিত, সাধনায় দেহ মন ।১০

১৩ লোকবগ্গো

হীনং ধম্মং ন সেবেয্য পমাদেন ন সংবসে,
মিচ্ছাদিট্ঠিং ন সেবেয্য ন সিয়া লোকবদ্ধনো ।১

হীনধর্মের সেবা না করিবে,প্রমাদে না রবে রত,
বর্জিয়া চল মিথ্যাদৃষ্টি, ছাড়ি সংসার পথ ।১

উত্তিট্ঠে নপ্পমজ্জেয্য ধম্মং সুচরিতং চরে,
ধম্মচারী সুখং সেতি অস্মিং লোকে পরম্হি চ ।২

উত্থিত হও, প্রমাদে কখনো হয়ো নাকো উন্মুখী,
কল্যাণকর ধর্ম আচরি, উভলোকে হও সুখী ।২

ধম্মং চরে সুচরিতং ন তং দুচ্চরিতং চরে,
ধম্মচারী সুখং সেতি অস্মিং লোকে পরম্‌হি চ ।৩

শুভধর্মের করিও পালন অশুভধর্ম ছাড়ি,
ইহ-পরলোকে সুখী রহে সদা যে জন ধর্মাচারী ।৩

যথা বুব্‌বুলকং পস্‌সে যথা পস্‌সে মরীচিকং,
এবং লোকং অবেক্‌খন্তং মচ্চুরাজা ন পস্‌সতি ।৪

জলবুদ্বুদ সমান জগৎ যে জন দেখিতে পায়,
মরীচিকা জ্ঞানে মৃত্যুরাজেরে সহজে এড়ায়ে যায় ।৪

এথ পস্‌সথিমং লোকং চিত্তং রাজরথূপমং,
যথ বালা বিসীদন্তি নত্থি সঙ্গো বিজানতং ।৫

দেখ দেখ এই চিত্রিত দেহ—রাজরথ সমতুল,
অজ্ঞ যা দেখি মোহেতে অন্ধ, বিজ্ঞ করে না ভুল ।৫

যো চ পুব্‌বে পমজ্জিত্বা পচ্ছা সো নপ্পমজ্জতি,
সো ইমং লোকং পভাসেতি অব্‌ভা মুত্তো'ব চন্দিমা ।৬

প্রমাদ-বিহারী হয়েও যে জন প্রমাদ ছেড়েছে পরে,
মেঘবিমুক্ত শশী যেন সেই, জগতের তম হরে ।৬

যস্‌স পাপং কতং কম্মং কুসলেন পিথীয়তি,
সো ইমং লোকং পভাসেতি অব্ভা মুত্তো'ব চন্দিমা ।৭

কৃত পাপ যার কুশলকর্ম-আচরণে আবরিত,
মেঘবিমুক্ত চন্দ্রের মত সে জন উদ্ভাসিত ।৭

অন্ধভূতো অয়ং লোকো তনুকেত্থ বিপস্‌সতি,
সকুন্তো জালমুত্তো'ব অপ্পো সগ্গায় গচ্ছতি ।৮

অল্পই লোক দেখা যায় এই আঁধার জগৎ 'পরে,
অল্পই লোক জালছেঁড়া পাখী, স্বর্গে গমন করে ।৮

হংসাদিচ্চপথে যন্তি আকাসে যন্তি ইদ্ধিমা,
নীয়ন্তি ধীরা লোকম্‌হা জেত্বা মারং সবাহিনিং ।৯

আদিত্য-পথে উড়ে যায় হাঁস, যায় সে ঋদ্ধিমান্,
মারে পরাভবি সংসার হতে ধীরজন চলি যান ।৯

একং ধম্মং অতীতস্স মুসাবাদিস্স জন্তুনো,
বিতিন্নপরলোকস্স নত্থি পাপং অকারিয়ং ।১০

পরলোকে যে-বা বিশ্বাসহীন, সাধিতে সে-জন পারে
পাপের কর্ম ; মিথ্যাভাষী সে, সত্যধর্ম ছাড়ে ।১০

ন বে কদরিয়া দেবলোকং বজন্তি
বালা হবে নপ্পসংসন্তি দানং ;
ধীরো চ দানং অনুমোদমানো
তেনেব সো হোতি সুখী পরত্থ ।১১

কৃপণ না যায় দেবলোকে কভু, মূর্খ না করে দান,
দানে অনুমোদি পণ্ডিতজন, পরলোকে সুখ পান ।১১

পথব্যা একরজ্জেন সগ্গস্স গমনেন বা,
সব্বলোকাধিপচ্চেন সোতাপত্তিফলং বরং ।১২

ধরণী শাসাক, স্বর্গেতে যাক্, হোক ত্রিভুবন-প্রভু,
নির্বাণমুখী স্রোতাপন্নের তুল্য নহে সে কভু ॥১২

১৪ বুদ্ধবগ্গো

যস্স জিতং নাবজীয়তি জিতমস্স নো যাতি
কোচিলোকে,
তং বুদ্ধমনন্তগোচরং অপদং কেন পদেন নেস্সথ ?১

বিজয় যাঁহার ছিদ্রশূন্য, জয়ী যে সকল যুদ্ধে,
কোথা লয়ে যাবে অসীমদর্শী সেই রিপুজয়ী বুদ্ধে ?১

যস্স জালিনী বিসত্তিকা তণ্হা নত্থি কুহিঞ্চি নেতবে,
তং বুদ্ধমনন্তগোচরং অপদং কেন পদেন নেস্সথ ?২

বার বার ভবে জনমদায়িনী তৃষ্ণা হতে যে উর্ধ্বে,
কোথা লয়ে যাবে অসীমদর্শী সেই রিপুজয়ী বুদ্ধে ?২

যে ঝানপসুতা ধীরা নেক্খম্মূপসমে রতা,
দেবা'পি তেসং পিহয়ন্তি সম্বুদ্ধানং সতীমতং ।৩

তৃষ্ণা-রহিত, প্রশান্ত-চিত, ধ্যানরত জ্ঞানিগণ ;
স্মৃতিমান্, অতি প্রবুদ্ধ তাঁরা, দেবতার প্রিয় হন ।৩

কিচ্ছো মনুস্সপটিলাভো কিচ্ছং মচ্চানজীবিতং,
কিচ্ছং সদ্ধম্মসবনং কিচ্ছো বুদ্ধানং উপ্পাদো ।৪

মানব-জনম দুর্লভ অতি, জীবন-রক্ষা-যুদ্ধ,
সত্যধর্ম শ্রবণ কঠিন, দুর্লভ অতি বুদ্ধ ।৪

সব্বপাপস্স অকরণং কুসলস্স উপসম্পদা
সচিত্তপরিয়োদপনং এতং বুদ্ধানসাসনং ।৫

পাপ পরিহরি সকল প্রকার পুণ্যেতে লহ দীক্ষা,
পবিত্র কর আপন চিত্ত—এই বুদ্ধের শিক্ষা ।৫

খন্তী পরমং তপো তিতিক্খা
নিব্বানং পরমং বদন্তি বুদ্ধা,
ন হি পব্বজিতো পরূপঘাতী
সমনো হোতি পরং বিহেঠয়ন্তো ।৬

ক্ষান্তি ও ক্ষমা, তপ, নির্বাণ পরম লক্ষ্য জানি ;
অন্যে হানিলে না হয় শ্রমণ—এই বুদ্ধের বাণী ।৬

অনূপবাদো অনূপঘাতো পাতিমোক্খে চ সংবরো,
মত্তঞ্ঞুতা চ ভত্তস্মিং পন্থঞ্চ সয়নাসনং ;
অধিচিত্তে চ আয়োগো এতং বুদ্ধানসাসনং ।৭

পীড়ন না কর অন্যেরে কভু, না কর নিন্দা, হানি ;
থাকো নির্জনে, শয়নে-ভোজনে সংযম সদা মানি ;
প্রাতিমোক্ষের পাল নির্দেশ—এই বুদ্ধের বাণী ।৭

ন কহাপণবস্সেন তিত্তি কামেসু বিজ্জতি,
অপ্পস্সাদা দুক্খা কামা ইতি বিঞ্ঞায় পণ্ডিতো ।
অপি দিব্বেসু কামেসু রতিং সো নাধিগচ্ছতি,
তণ্হাক্খয়রতো হোতি সম্মাসম্বুদ্ধসাবকো ।৮-৯

স্বর্ণমুদ্রা-বর্ষণে নাহি তৃপ্তি যে কামনার,
আনে তা দুঃখ, পণ্ডিতজন এই কথা জানি সার—
দুঃখেতে ভরা ক্ষণস্বাদদায়ী সম্পদে নহে ভোগী,
তৃষ্ণা নাশিতে বুদ্ধশিষ্য হন তাহে উদ্যোগী ।৮-৯

বহুং বে সরণং যন্তি পব্বতানি বনানিচ,
আরামরুক্খচেত্যানি মনুস্সা ভয়তজ্জিতা।
নেতং খো সরণং খেমং নেতং সরণমুত্তমং,
নেতং সরণমাগম্ম সব্বা দুক্খা পমুচ্চতি ।১০-১১

ভয়েতে ত্রস্ত মানব সকল, শরণ লাগিয়া ফিরে
পর্বতে, গাছে, বনে, উপবনে, চৈত্যে বা মন্দিরে।
এ শরণ তাঁর নহে উত্তম, নিরাপদ কভু নয়,
এ বৃথা শরণে না হয় মুক্তি, না যায় দুঃখভয় ॥১০-১১

যো চ বুদ্ধঞ্চ ধম্মঞ্চ সঙ্ঘঞ্চ সরণং গতো,
চত্তারি অরিয়সচ্চানি সম্মপঞ্ঞায় পস্সতি।
দুক্খং দুক্খসমুপ্পাদং দুক্খস্স চ অতিক্কমং,
অরিয়ঞ্চট্ঠঙ্গিকং মগ্গং দুক্খুপসমগামিনং।
এতং খো সরণং খেমং এতং সরণমুত্তমং,
এতং সরণমাগম্ম সব্বদুক্খা পমুচ্চতি ।১২-১৪

বুদ্ধ, ধর্ম, সঙ্ঘে যে জন শরণ লভিতে চায়,
দুঃখেরে জানি, দুঃখ নিরোধি, দুঃখে শান্তি পায়।

অষ্টমার্গ, চতুর্সত্য, সম্যক্‌রূপে জানি,
আপদবিহীন এ-মহাশরণ উত্তম বলে মানি ॥
এই উত্তম শরণ লভিলে জীবের মুক্তি আসে,
এই উত্তম শরণ লভিলে সর্বদুঃখ নাশে ।১২-১৪

দুল্লভো পুরিসাজঞ্ঞো ন সো সব্বত্থ জায়তি,
যত্থ সো জায়তি ধীরো তং কুলং সুখমেধতি ।১৫

দুর্লভ অতি মহাপুরুষের জনম আবির্ভাব,
যেথায় জনমে, সে দেশ, সে জাতি গৌরব করে লাভ ।১৫

সুখো বুদ্ধানং উপ্পাদো সুখা সদ্ধম্মদেসনা,
সুখা সঙ্ঘস্স সামগ্গী সমগ্গানং তপো সুখো ।১৬

বুদ্ধগণের জনম সুখের,—প্রচারি সত্য-ধর্ম,
সঙ্ঘ-একতা অতি সুখপ্রদ, সুখদায়ী তপকর্ম ।১৬

পূজারহে পূজয়তো বুদ্ধে যদি ব সাবকে,
পপঞ্চ সমতিক্কন্তে তিণ্ণসোকপরিদ্দবে ।

তে তাদিসে পূজয়তো নিব্বুতে অকুতোভয়ে,
ন সক্কা পুঞ্ঞং সংখাতুং ইমেত্তম'পি কেনচি ।১৭-১৮

শোক-সন্তাপ আদি প্রপঞ্চ যেই জন করে জয়,
সেই জন রহে তুষ্ট চিত্তে, সতত অকুতোভয় ।
পূজার্হ এই বুদ্ধে পূজিলে অথবা তাঁহার শিষ্যে,
পুণ্যের তার নাহি পরিমাপ, তুলনা নাহি কো বিশ্বে ॥১৭-১৮

১৫ সুখবগ্গো

সুসুখং বত জীবাম বেরিনেসু অবেরিনো,
বেরিনেসু মনুস্সেসু বিহরাম অবেরিনো ।১

বৈরীজনের বৈরিতা মোরা অবৈরিতায় ঢাকি,
বৈরিতাভরা মানুষের মাঝে অবৈরী হয়ে থাকি ।১

সুসুখং বত জীবাম আতুরেসু অনাতুরা,
আতুরেসু মনুস্সেসু বিহরাম অনাতুরা ।২

তৃষিতের মাঝে বাস করি, তবু থাকি মোরা অনাতুর ;
আতুর জনের মধ্যে বিরাজি তৃষ্ণা করিয়া দূর ।২

সুসুখং বত জীবাম উস্সুকেসু অনুস্সুকা,
উস্সুক্কেসু মনুস্সেসু বিহরাম অনুস্সুকা ।৩

উদ্‌বেগভরা মানুষের মাঝে মোরা উদ্‌বেগহারা,
উদ্‌বেগহীন মোরা তারি মাঝে উদ্‌বেগে থাকে যারা ।৩

সুসুখং বত জীবাম যেসং নো নত্থি কিঞ্চনং,
পীতিভক্খা ভবিস্সাম দেবা আভস্সরা যথা ।৪

সুখে বাস করে প্রত্যাশাহীন সতত বুদ্ধগণ,
দেবতার মতো প্রদীপ্ত থাকি তাঁরা প্রীতিভোজী হন ।৪

জয়ং বেরং পসবতি দুক্খং সেতি পরাজিতো,
উপসন্তো সুখং সেতি হিত্বা জয়পরাজয়ং ।৫

বিজয়েতে করে বৈরী প্রসব, পরাজিত থাকে দুখে,
এ-দুয়ের যিনি অতীত মানব, সেইজন থাকে সুখে ।৫

নত্থি রাগসমো অগ্‌গি নত্থি দোসসমো কলি,
নত্থি খন্ধসমা দুক্খা নত্থি সন্তিপরং সুখং ।৬

রাগের সমান নাহি কো অগ্নি, কামনার মতো দুখ্‌,
বিদ্বেষ সম নাহি কোনো পাপ, শান্তির সম সুখ ।৬

জিঘচ্ছা পরমা রোগা সঙ্খারা পরমা দুখা,
এতং ঞত্বা যথাভূতং নিব্‌বানং পরমং সুখং ।৭

ক্ষুধা মহারোগ, মহাদুখময় এই জীবনের ধারা
জানে যেই জন, নির্বাণ-সুখ অনুভব করে তারা ।৭

আরোগ্যপরমা লাভা সন্তুট্‌ঠি পরমং ধনং,
বিস্‌সাসপরমা ঞাতী নিব্‌বানং পরমং সুখং ।৮

পরম সে লাভ—আরোগ্য লাভ, সন্তোষে ধন মানি,
বিশ্বাস ভবে পরমাত্মীয়, নির্বাণে সুখ জানি ।৮

পবিবেকরসং পীত্বা রসং উপসমস্‌স চ,
নিদ্দরো হোতি নিপ্‌পাপো ধম্মপীতিরসং·পিবং ।৯

দুঃখ-শান্তি আর বিবেকের রস পিয়ে যেই জন,
ধর্মপ্রীতির রসে হয় তার পাপ-জ্বালা নিবারণ।৯

সাধু দস্সনমরিয়ানং সন্নিবাসো সদা সুখো,
অদস্সনেন বালানং নিচ্চমেব সুখী সিয়া।১০

আর্যগণের দর্শন শুভ, সঙ্গও সুখময়,
নির্বোধ জনে না দেখিলে চোখে, সর্বদা সুখ হয়।১০

বালসঙ্গতচারী হি দীঘমদ্ধানং সোচতি,
দুক্খো বালেহি সংবাসো অমিত্তেনেব সব্বদা;
ধীরো চ সুখসংবাসো ঞাতীনং'ব সমাগমো।
ধীরঞ্চ পঞ্ঞঞ্চ বহুস্সুতঞ্চ
ধোরয়্হসীলং বতবন্তমরিয়ং,
তং তাদিসং সপ্পুরিসং সুমেধং
ভজেথ নক্খত্তপথং'ব চন্দিমা।১১-১২

অজ্ঞের সাথে বাস করে যেবা সুদীর্ঘকাল ধরি,
অনুশোচনায় মরে সেই জন আপন ভ্রান্তি স্মরি।

অজ্ঞের সাথে বাস করা আর শত্রুসঙ্গে বাস,
সমতুল তাহা, চিত্তে জাগায় দুঃখ ও নৈরাশ ॥
আর্য-সঙ্গ সতত সুখের জ্ঞাতিসঙ্গের মতো ;
ধীর, ব্রতবান, প্রাজ্ঞ, সুমেধ, যেই জন বহুশ্রুত—
আর্য ও সৎ সেই পথে যান ; যাও সেই পথ ধরি,
চন্দ্র যেমন গগনের পথ চলি যায় অনুসরি ॥১১-১২

১৬ পিয়বগ্গো

অযোগে যুঞ্জমত্তানং যোগস্মিঞ্চ অযোজয়ং,
অত্থং হিত্বা পিয়গ্গাহী পিহেতত্তানুযোগিনং।
মা পিয়েহি সমাগচ্ছি অপ্পিয়েহি কুদাচনং,
পিয়ানং অদস্সনং দুক্খং অপ্পিয়ানঞ্চ দস্সনং।
তস্মা পিয়ং ন কয়িরাথ পিয়াপায়োহি পাপকো,
গন্থা তেসং ন বিজ্জন্তি যেসং নত্থি পিয়াপ্পিয়ং।১-৩

অনুচিত-ব্রতী যোগ্যকর্ম সদা করে পরিহার,
হিতে করি ত্যাগ প্রিয়বস্তুর সন্ধান শুধু যার—

প্রার্থনা করে তাহারি সঙ্গ যেই জন যোগভঙ্গ ;
ত্যজ প্রিয়জনে, না কর কখনো অপ্রিয়জনসঙ্গ।
প্রিয়ে না দেখিলে দুঃখ উপজে, অপ্রিয়ে দেখা পাপ,
না হও কখনো প্রিয়-অনুরাগী, প্রিয়-বিচ্ছেদে তাপ।
প্রিয়জন যার নাহি সংসারে, অপ্রিয় নহে কেহ,
লোভ, দ্বেষ আদি বন্ধনহারা—সেই জন ভবে শ্রেয়।১-৩

পিয়তো জায়তে সোকো পিয়তো জায়তে ভয়ং,
পিয়তো বিপ্পমুত্তস্স নত্থি সোকো কুতো ভয়ং।৪

প্রিয়জন হতে শোকের জন্ম, প্রিয় হতে আসে ভয়,
প্রিয়-বিমুক্ত যে জন তাহার নাহি শোক, নাহি ভয়।৪

পেমতো জায়তে সোকো পেমতো জায়তে ভয়ং,
পেমতো বিপ্পমুত্তস্স নত্থি সোকো কুতো ভয়ং।৫

প্রেম হতে হয় শোকের জন্ম, প্রেম হতে আসে ভয়,
প্রেম-বিমুক্ত যে জন তাহার নাহি শোক, নাহি ভয়।৫

রতিয়া জায়তে সোকো রতিয়া জায়তে ভয়ং,
রতিয়া বিপ্‌পমুত্তস্‌স নত্থি সোকো কুতো ভয়ং।৬

রতি হতে হয় শোকের জন্ম, রতি হতে আসে ভয়,
রতি-বিমুক্ত যে জন তাহার নাহি শোক, নাহি ভয়।৬

কামতো জায়তে সোকো কামতো জায়তে ভয়ং,
কামতো বিপ্‌পমুত্তস্‌স নত্থি সোকো কুতো ভয়ং।৭

কামনা হইতে শোকের জন্ম, কামনাতে আসে ভয়,
কামনা-মুক্ত যে জন তাহার নাহি শোক, নাহি ভয়।৭

তণ্‌হায় জায়তে সোকো তণ্‌হায় জায়তে ভয়ং,
তণ্‌হায় বিপ্‌পমুত্তস্‌স নত্থি সোকো কুতো ভয়ং।৮

তৃষ্ণা হইতে শোকের জন্ম, তৃষ্ণাতে আসে ভয়,
তৃষ্ণামুক্ত যে জন তাহার নাহি শোক, নাহি ভয়।৮

সীলদস্‌সনসম্পন্‌নং ধম্মট্‌ঠং সচ্‌চবেদিনং,
অত্তনো কম্মকুব্‌বানং তং জনো কুরুতে পিয়ং।৯

ধর্মে বসতি, কর্মে নিষ্ঠা, 'শীল'-দর্শন যাঁর,
সত্যবাদী যে, সেই জন সদা প্রিয় হন জনতার ।৯

ছন্দজাতো অনক্খাতে মনসা চ ফুটো সিয়া,
কামেসু চ অপ্পটিবদ্ধচিত্তো উদ্ধং সোতো' তি বুচ্চতি ।১০

বাসনা-বিহীন চিত্ত যাঁহার, জ্ঞানালোক হৃদে জ্বলে,
নির্বাণমুখী সেই মহাজনে 'উর্ধ্বস্রোতা'ই বলে ।১০

চিরপ্পবাসিং পুরিসং দূরতো সোত্থিমাগতং
ঞাতিমিত্তা সুহজ্জা চ অভিনন্দন্তি আগতং ।
তথেব কতপুঞ্ঞম্পি অস্মা লোকা পরং গতং,
পুঞ্ঞানি পটিগণ্হন্তি পিয়ং ঞাতী'ব আগতং ।১১-১২

প্রবাস হইতে গৃহে ফিরে যবে জ্ঞাতি ও মিত্রগণ,
গৃহবাসী সবে জানায় হরষে স্বাগত-সম্ভাষণ ;
সেইরূপ কৃতপুণ্য-জনেরা পরলোকে যান যবে,
পরলোকবাসী মহা-উল্লাসে স্বাগত জানান সবে ।১১-১২

১৭ কোধবগ্গো

কোধং জহে বিপ্পজহেয্য মানং,
সঞ্ঞোজনং সব্বমতিক্কমেয্য,
তং নামরূপস্মিং অসজ্জমানং,
অকিঞ্চনং নানুপতন্তি দুক্খা ।১

অভিমানহারা, বন্ধনহীন যে নহে ক্রোধের দাস,
নামরূপহীন অকিঞ্চনেরে দুঃখ না করে গ্রাস ।১

যো বে উপ্পতিতং কোধং রথং ভন্তং'ব ধারয়ে,
তমহং সারথিং ব্রূমি রস্মিগ্গাহো ইতরো জনো ।২

জাতক্রোধ যে বা সংযত করে ধাবমান রথপ্রায়,
সেই সে সারথি, সাধারণ লোকে বৃথা রশি ধরি যায় ।২

অক্কোধেন জিনে কোধং অসাধুং সাধুনা জিনে,
জিনে কদরিয়ং দানেন সচ্চেন অলিকবাদিনং ।৩

অক্রোধে সদা জয় করা যায় নির্বোধ ক্রোধী জনে,
সাধুতায় সদা জয় করা যায় অসাধুতা যার মনে ।

হীন কৃপণতা মানে পরাভব উদ্ভাসে যবে দানী,
জয় কর তুমি মিথ্যাবাদীরে ভাষিয়া সত্যবাণী ।৩

সচ্চং ভণে, ন কুজ্ঝেয়্য, দজ্জাপ্পস্মিম্পি যাচিতো,
এতেহি তীহি ঠানেহি গচ্ছে দেবান সন্তিকে ।৪

সত্য ভাষিও, না করিও ক্রোধ, প্রার্থীরে তোষো দানে,
মানুষেই পায় দেবতার পদ, এ তিন অনুষ্ঠানে ।৪

অহিংসকা যে মুনয়ো নিচ্চং কায়েন সংবুতা
তে যন্তি অচ্চুতং ঠানং যত্থ গন্ত্বা ন সোচরে ।৫

অহিংস যাঁরা, সতত যাঁদের দেহ থাকে সংযত,
লভেন তাঁহারা বিচ্যুতিহীন ধ্রুব নির্বাণপথ ।৫

সদা জাগরমানানং অহোরত্তানুসিক্খিনং,
নিব্বানং অধিমুত্তানং অত্থং গচ্ছন্তি আসবা ।৬

জাগ্রত যাঁরা, নিশিদিনমান শিক্ষায় রন রত,
বিষয়তৃষ্ণা সমূলে বিনাশি তাঁরা নির্বাণগত ।৬

পোরাণমেতং অতুল নেতং অজ্জতনামিব,
নিন্দন্তি তুণ্হিমাসীনং নিন্দন্তি বহুভাণিনং,
মিতভাণিনম্পি নিন্দন্তি নত্থি লোকে অনিন্দিতো।
ন চাহু ন চ ভবিস্সতি ন চেতরহি বিজ্জতি,
একন্তং নিন্দিতো পোসো একন্তং বা পসংসিতো।
যঞ্চে বিঞ্ঞূ পসংসন্তি অনুবিচ্চ সুবে সুবে,
অচ্ছিদ্দবুত্তিং মেধাবিং পঞ্ঞাসীলসমাহিতং।
নেক্খং জম্বোনদস্সেব কো তং নিন্দিতুমরহতি ?
দেবাপি তং পসংসন্তি ব্রহ্মুণাপি পসংসিতো।৭-১০

আপনারে সবে ভাবে আধুনিক শিখিয়া নিন্দাতত্ত্ব,
জানে না এ প্রথা যুগ যুগ ধরি অজ্ঞেরই করায়ত্ত।
নীরব রহিলে নিন্দিবে লোকে, বহু ভাষণেও তাই,
পরিমিতভাষী যে জন, তাহারও নিস্তার কভু নাই॥
শুধু নিন্দিত অথবা কেবলই প্রশংসা শুধু লভে,
অতীতে এমন ছিল না মানব, ভবিষ্যতে না হবে।
সম্যক্ জ্ঞানী দিনে দিনে তাই করিয়া নিরীক্ষণ,
কলঙ্কহীন, মেধাবী জনের খ্যাতিগানে রত হন॥

দেবগণ যাঁরে প্রশংসা করে, প্রশংসে ব্রাহ্মণ,
জম্বুনদীতে সুজাত স্বর্ণে নিন্দিবে কোন্ জন।৭-১০

কায়প্পকোপং রক্খেয্য কায়েন সংবুতো সিয়া
কায়দুচ্চরিতং হিত্বা কায়েন সুচরিতং চরে।১১

কায়িক দুষ্টকর্ম নিবারি কায়ে কর সংযত,
কায়িক দুষ্টকর্ম বর্জ্জি সুকর্মে হও রত।১১

বচীপকোপং রক্খেয্য বাচায় সংবুতো সিয়া,
বচীদুচ্চরিতং হিত্বা বাচায় সুচরিতং চরে।১২

দুষ্টবাক্য নিবারি সতত বাকে কর সংযত,
দুষ্টবাক্য বর্জ্জিয়া হও শিষ্টবাক্যে রত।১২

মনোপকোপং রক্খেয্য মনসা সংবুতো সিয়া,
মনোদুচ্চরিতং হিত্বা মনসা সুচরিতং চরে।১৩

চঞ্চল মন আয়ত্তে আনি, মনে কর সংযত,
কলুষ চিন্তা বর্জ্জি, সতত সুকর্মে হও রত।১৩

কায়েন সংবুতা ধীরা অথো বাচায় সংবুতা,
মনসা সংবুতা ধীরা তে বে সুপরিসংবুতা।১৪

এই সংসারে সংযমশীল মহাপণ্ডিতগণ,
কায়ে সংযত, বাকে সংযত, মনে সংযত হন।১৪

১৮ মলবগ্গো

পণ্ডুপলাসো'ব দানি' সি,
যম পুরিসাপি চ তমুপট্ঠিতা,
উয্যোগমুখে চ তিট্ঠসি
পাথেয়্যম্পি চ তে'ন বিজ্জতি।১

ঝরাপাতা সম জীর্ণ তুমি যে, যমকিঙ্কর কাছে,
শিয়রে তোমার মৃত্যু দাঁড়ায়ে, সম্বল কিবা আছে!১

সো করোহি দীপমত্তনো খিপ্পং বায়াম পণ্ডিতো ভব,
নিদ্ধন্তমলো অনঙ্গণো দিব্বং অরিয়ভূমিমেহিসি।২

হও উদ্যোগী, হও পণ্ডিত, পাপমল করি নাশ,
তৃষ্ণাবিহীন আর্যভূমির আশ্রয়ে কর বাস ।২

উপনীতবয়ো চ দানি' সি
সম্পয়াতো'সি যমস্স সন্তিকে,
বাসোপি চ তে নত্থি অন্তরা
পাথেয্যম্পি চ তে ন বিজ্জতি ।৩

পরিণত তব পরমায়ু আজ যাত্রা যমের ঠাঁই,
নাহিক পাথেয়, পথমাঝে তব আশ্রয় কোনো নাই।৩

সো করোহি দীপমত্তনো খিপ্পং বায়াম পণ্ডিতো ভব,
নিদ্ধন্তমলো অনঙ্গণো ন পুন জাতিজরং উপেহিসি ।৪

হও পণ্ডিত, হও উদ্যোগী, বাঁধি নিজ আশ্রয়
তৃষ্ণাপাপমল পরিহর দূরে, জন্মজরার ভয় ॥৪

অনুপুব্বেন মেধাবী থোকথোকং খণে খণে,
কম্মারো রজতস্সেব নিদ্ধমে মলমত্তনো ।৫

নির্মল করে রজতে যেমন সহজে রজতকার,
মেধাবী সেরূপ অন্তরমল নাশ করে আপনার ।৫

অয়সা'ব মলং সমুট্ঠিতং তদুট্ঠায় তমেব খাদতি,
এবং অতিধোনচারিনং সক কম্মানি নয়ন্তি দুগ্গতিং ।৬

লৌহে ধ্বংসে লৌহের মল জনমি লৌহ মাঝে,
দুর্গতি লভে অধর্মাচারী আপনার কৃতকাজে ।৬

অসজ্ঝায়মলা মন্তা অনুট্ঠানমলা ঘরা,
মলং বণ্ণস্স কোসজ্জং পমাদো রক্খতো মলং ।৭

মন্ত্রসাধনে মলিনতা আনে অনাবৃত্তির ফলে,
গৃহবাসিগণ নাশ পায় সদা নিরুদ্যমের মলে ।
আলস্যমলে সুন্দর রূপ ক্রমে হয় ছারখার,
রক্ষীজনের মলিনতা জেনো প্রমত্ত ব্যবহার ॥৭

মলিত্থিয়া দুচ্চরিতং মচ্ছেরং দদতো মলং,
মলাবে পাপকা ধম্মা অস্মিং লোকে পরম্হি চ ।৮

দূষিত হইলে রমণী-চরিত, মালিন্য সঞ্চারে,
হিংসুকতায় জেনো সর্বথা দাতারে মলিন করে ।৮

ততো মলা মলতরং অবিজ্জা পরমং মলং,
এতং মলং পহত্বান নিম্মলা হোথ ভিক্খবো ।৯

পাপ আচরণ করে যেই জন, ইহ-পরলোকে তার
মালিন্য-জাল থাকে বিস্তারি, নাহি কভু নিস্তার ।
এই মলিনতা হইতে অধিক, শুন হে ভিক্ষুগণ,
দুস্তর অতি অবিদ্যা-মল, তারে কর নিবারণ ॥৯

সুজীবং অহিরীকেন কাকসূরেন ধংসিনা,
পক্খন্দিনা পগব্‌ভেন সঙ্‌কিলিট্‌ঠেন জীবিতং ।১০

কাকের সমান ধূর্ত যে জন, নিলাজ অহিতকারী,
বঞ্চক, পাপী, প্রগল্‌ভ যেবা, সহজ জীবন তারই ।১০

হিরীমতা চ দুজ্‌জীবং নিচ্‌চং সুচিগবেসিনো,
অলীনেন'প্‌পগব্ভেন সুদ্ধাজীবেন পস্সতা ।১১

হ্রীমান্ যেজন, অপ্রগল্‌ভ, পবিত্র জ্ঞানী হয়,
জীবিকা তাঁহার নির্বাহ করা সুকঠিন অতিশয়।১১

যো পাণং অতিপাতেতি মুসাবাদঞ্চ ভাসতি,
লোকে অদিন্নং আদিয়তি পরদারঞ্চ গচ্ছতি।
সুরামেরেয় পানঞ্চ যো নরো অনুযুঞ্জতি,
ইধেবমেসো লোকস্মিং মূলং খনতি অত্তনো।
এবং ভো পুরিস, জানাহি পাপধম্মা অসঞ্ঞতা,
মা তং লোভো অধম্মো চ চিরং দুক্‌খায় রন্ধয়্যুং।১২-১৪

মিথ্যাভাষণ করে যেইজন অথবা জীবন-নাশ,
পরের দ্রব্য চুরি করে, যায় পর-রমণীর পাশ।
সুরাপানে যেবা আসক্ত থাকে, এই জগতেরই পরে,
আপনার হাতে সর্বনাশের মূল সে বপন করে।
হে মানব, জানি লোভ-আদি পাপে ফল সদা রহে লগ্ন,
সুদীর্ঘকাল দুঃখে তোমায় নাহি রাখে যেন মগ্ন॥১২-১৪

দদাতি বে যথাসদ্ধং যথাপসাদনং জনো,
তথ যো মঙ্কু ভবতি পরেসং পানভোজনে ;
ন সো দিবা বা রত্তিং বা সমাধিং অধিগচ্ছতি।
যস্স চেতং সমুচ্ছিন্নং মূলঘচ্চং সমূহতং,
স বে দিবা বা রত্তিং বা সমাধিং অধিগচ্ছতি।১৫-১৬

লোকে দান করে প্রসন্নতায় অথবা শ্রদ্ধাবশে,
সেই পরদান পানাহারে যার অতৃপ্তি মনে পশে।
দিবস-রজনী না হয় তাহার সমাহিত কভু মন,
এ চিত্ত-ক্ষোভ অপগত যাঁর, তিনি সমাহিত হন।১৫-১৬

নত্থি রাগসমো অগ্গি নত্থি দোসসমো গহো,
নত্থি মোহসমং জালং নত্থি তণ্হাসমা নদী।১৭

আসক্তি সম নাহিকো অগ্নি, বিদ্বেষ সম ক্ষত,
জালে মোহজাল, নদী কোথা ভবে, তৃষ্ণা-নদীর মতো।১৭

সুদস্সং বজ্জমঞ্ঞেসং অত্তনো পন দুদ্দসং,
পরেসং হি সো বজ্জানি ওপুণাতি যথা ভুসং ;
অত্তনো পন ছাদেতি কলিং'ব কিতবা সঠো ।১৮

নিজ দোষ কভু যায় নাকো দেখা, পরদোষ চোখে পড়ে,
তুষের মতন পরদোষ লোকে উড়াইয়া দেয় ঝড়ে ।
শঠ ব্যাধ যথা—করে সে গোপন ব্যর্থশরক্ষেপে,
সেইমতো লোক আপনার ত্রুটি সহজেই রাখে চেপে।১৮

পরবজ্জানুপস্সিস্স নিচ্চং উজ্ঝানসঞ্ঞিনো,
আসবা তস্স বড্ঢন্তি আরা সো আসবক্খয়া ।১৯

পরদোষ খুঁজি নিত্য যে জন পরনিন্দায় রত,
তৃষা বাড়ে তার—নির্বাণ হতে দূরে যায় অবিরত ।১৯

আকাসেব পদং নত্থি সমণো নত্থি বাহিরে,
পপঞ্চাভিরতা পজা নিপ্পপঞ্চা তথাগতা ।২০

পায়ের চিহ্ন না রহে আকাশে, সেরূপ শ্রমণগণ—
বুদ্ধ-শাসন-বাহিরে মিথ্যা, শূন্যের মতো হন ।২০

আকাসেব পদং নত্থি সমণো নত্থি বাহিরে,
সঙ্খারা সস্সতা নত্থি নত্থি বুদ্ধানমিঞ্জিতং ।২১

সংসারজালে আবদ্ধ জীব সদা প্রপঞ্চরত,
প্রপঞ্চহারা বন্ধনহীন—অবিচল তথাগত ।২১

১৯ ধম্মট্ঠবগ্গো

ন তেন হোতি ধম্মট্ঠো যেনত্থং সহসা নয়ে,
যো চ অত্থং অনত্থঞ্চ উভো নিচ্ছেয্য পণ্ডিতো ।১

নহে ধার্মিক—বিচারের কালে পক্ষপাতী যে হয়,
যে জন বিচারে ন্যায়-অনুসারে, তারে পণ্ডিত কয় ।১

অসাহসেন ধম্মেন সমেন নয়তী পরে,
ধম্মস্স গুত্তো মেধাবী ধম্মট্ঠো'তি পবুচ্চতি ।২

যে জন সাম্য নীতি অনুসরি নিরপেক্ষিত চিতে
সুবিচার করে, সেই সে মেধাবী, ধার্মিক পৃথিবীতে ।২

ন তেন পণ্ডিতো হোতি যাবতা বহু ভাসতি,
খেমী অবেরী অভয়ো পণ্ডিতো'তি পবুচ্চতি ।৩

পণ্ডিত কেহ না হয় জগতে বহু ভাষণের ফলে,
ধীর দয়াবান নির্ভীকজনে সবে পণ্ডিত বলে ।৩

ন তাবতা ধম্মধরো যাবতা বহু ভাসতি,
যো চ অপ্পম্পি সুত্বান ধম্মং কায়েন পস্সতি,
স বে ধম্মধরো হোতি যো ধম্মং নপ্পমজ্জতি ।৪

বহুভাষনেতে কেহ নাহি হয় ধর্মেতে তৎপর,
অল্প শুনিয়া যে পালে ধর্ম, সেই সেই সে ধর্মধর ।৪

ন তেন থেরো হোতি যেন'স্স পলিতং সিরো,
পরিপক্কো বয়ো তস্স মোঘজিন্নো'তি বুচ্চতি ।৫

স্থবির না হয় পককেশেতে, বৃদ্ধই তারে বলে—
সত্যধর্ম, অহিংসা আদি না পালি যে জন চলে ।৫

যম্‌হি সচ্চঞ্চ ধম্মো চ অহিংসা সঞ্ঞমো দমো,
স বে বন্তমলো ধীরো থেরো'তি পবুচ্চতি ।৬

সংযম, দম আছে যাঁর মনে, কলঙ্কহীন যিনি,
স্থবির নামেতে সকলের মাঝে পরিচিত হন তিনি ।৬

ন বাক্‌করণমত্তেন বণ্ণপোক্‌খরতায় বা
সাধুরূপো নরো হোতি ইস্‌সুকী মচ্ছরী সঠো ।
যস্‌স চেতং সমুচ্ছিন্নং মূলঘচ্চং সমূহতং
স বন্তদোসো মেধাবী সাধুরূপো'তি বুচ্চতি ।৭-৮

ঈর্ষায়-ভরা, মৎসর, শঠ, বাক্যে কিংবা কায়
সাধুতাশূন্য,—সুন্দর রূপ কভু নাহি তারা পায় ।
ঈর্ষা, শঠতা দোষ হতে যাঁরা সতত রহেন মুক্ত,
কলঙ্কহীন পণ্ডিত তিনি সাধু নামে হন উক্ত ।৭-৮

ন মুণ্ডকেন সমণো অব্বতো অলিকং ভণং,
ইচ্ছালোভসমাপন্নো সমণো কিং ভবিস্‌সতি ।৯

মিথ্যাবাদী ও লুব্ধ যে জন, দুষ্ট ইচ্ছা মনে,
না হয় শ্রমণ ব্রতহীন জন মস্তক-মুণ্ডনে ।৯

যো চ সমেতি পাপানি অণুংথুলানি সব্বসো,
সমিতত্তা হি পাপানং সমণো'তি পবুচ্চতি ।১০

ক্ষুদ্র, বৃহৎ পাপে অবদমি যেই জন হন মুক্ত,
প্রশমিত পাপ—শ্রমণ নামের সেই শুধু উপযুক্ত ।১০

ন তেন ভিক্‌খু হোতি যাবতা ভিক্‌খতে পরে,
বিস্‌সং ধম্মং সমাদায় ভিক্‌খু হোতি ন তাবতা ।১১

ভিক্ষা করিলে না হয় ভিক্ষু, বৃথা ঘোরে পরদ্বারে,
ধর্ম-বিরোধী আচরণ যার, ভিক্ষু না বলি তারে ।১১

যো'ধ পুঞ্‌ঞঞ্চ পাপঞ্চ বাহেত্বা ব্রহ্মচরিয়বা,
সঙ্খায় লোকে চরতি সবে ভিক্‌খু'তি বুচ্চতি ।১২

পুণ্য-পাপের প্রবাহে যে জন ব্রহ্মচর্য মানি,
জ্ঞানে বিচরণ করেন সতত, তাঁরেই ভিক্ষু জানি ।১২

ন মোনেন মুনী হোতি মূল্‌হরূপো অবিদ্দসু,
যো চ তুলং'ব পগ্‌গয়্‌হ বরমাদায় পণ্ডিতো।
পাপানি পরিবজ্জেতি স মুনী তেন সো মুনী,
যো মুনাতি উভো লোকে মুনি তেন পবুচ্চতি।১৩-১৪

মৌন থাকিলে নাহি হয় মুনি, মূঢ়, জ্ঞানহীন জন,
তৌলে বিচারি পণ্ডিত যেবা পাপে করে বর্জন,
পারে যেই জন করিতে মনন অন্তরে-বাহিরেতে,
তিনিই যোগ্য জগৎ মাঝারে মুনির আখ্যা পেতে॥১৩-১৪

ন তেন অরিয়ো হোতি যেন পাণানি হিংসতি,
অহিংসা সব্বপাণানং অরিয়ো'তি পবুচ্চতি।১৫

প্রাণিগণে যেবা হিংসিয়া ফিরে, আর্য সে কভু নয়,
মৈত্রী যাঁহার সকল জীবেতে, আর্য তাঁহারে কয়।১৫

ন সীলব্বতমত্তেন বাহুসচ্চেন বা পুন,
অথবা সমাধিলাভেন বিবিচ্চসয়নেন বা।১৬

শীল, ব্রত আদি অষ্ট সমাধি নির্জনে যদি লভ,
অনধিগম্য সুখ অনুভব হবে অন্তরে তব ।১৬

ফুসামি নেক্খম্মসুখং অপুথুজ্জনসেবিতং,
ভিক্খু ! বিস্সাসমাপাদি অপ্পত্তো আসবক্খয়ং ।১৭

হে ভিক্ষুগণ, জেনে রেখ মনে, তৃষ্ণা না হলে ক্ষয়,
ব্রতের পালনে, নির্জনবাসে নির্বাণ নাহি হয় ।১৭

২০ মগ্গবগ্গো

মগ্গানট্ঠঙ্গিকো সেট্ঠো সচ্চানং চতুরো পদা,
বিরাগো সেট্ঠো ধম্মানং দ্বিপদানঞ্চ চক্খুমা ।১

সত্যে চতুসর্ত্য শ্রেষ্ঠ, মার্গে অষ্টপথ,
ধর্মে শ্রেষ্ঠ বিরাগ, দ্বিপদে শ্রেষ্ঠই তথাগত ।১

এসো ব মগ্গো নত্থঞ্ঞো দস্সনস্স বিসুদ্ধিয়া,
এতং হি তুম্হে পটিপজ্জথ মারস্সেতং পমোহনং ।২

এই তব পথ একটি মাত্র সম্যক দর্শনে—
এই পথে চলি জয়ী হও তুমি, মারের ভীষণ রণে ।২

এতং হি তুম্হে পটিপন্না দুক্খস্সন্তং করিস্সথ,
অক্খাতো বে ময়া মগ্গো অঞ্ঞায় সল্লসন্থনং ।৩

এই পথে তব দুঃখ বিনাশ—দ্বেষাদি শূলেরে নাশি,
সুগত বুদ্ধ এ মহাপথের সন্ধান দেন আসি ।৩

তুম্হে হি কিচ্চং আতপ্পং অক্খাতারো তথাগতা,
পটিপন্না পমোক্খন্তি ঝায়িনো মারবন্ধনা ।৪

উদ্যোগী হও, বুদ্ধগণের আলোক-দীপ্তি পেতে,
এই সাধুপথে মারের বাঁধন খসে পড়ে সহজেতে ।৪

সব্বে সঙ্খারা অনিচ্চা'তি যদা পঞ্ঞায় পস্সতি,
অথ নিব্বিন্দতী দুক্খে এস মগ্গো বিসুদ্ধিয়া ।৫

অনিত্য জানি প্রজ্ঞার পথে সকল সংস্কার,
লিপ্তহীন জীবন যাঁহার, বিশুদ্ধ পথ তাঁর ।৫

সব্বে সঙ্খারা দুক্খা'তি যদা পঞ্ঞায় পস্সতি,
অথ নিব্বিন্দতী দুক্খে এস মগ্গো বিসুদ্ধিয়া।৬

অন্তরে সদা দুখময় জানি সকল সংস্কার,—
লিপ্ততাহীন জীবন যাঁহার, বিশুদ্ধ পথ তাঁর।৬

সব্বে ধম্মা অনাত্তা'তি যদা পঞ্ঞায় পস্সতি,
অথ নিব্বিন্দতী দুক্খে এস মগ্গো বিসুদ্ধিয়া।৭

অন্তরে সদা অনাত্ম জানি সকল সংস্কার,
লিপ্ততাহীন জীবন যাঁহার, বিশুদ্ধ পথ তাঁর।৭

উট্ঠানকালম্হি অনুট্ঠহানো
যুবা বলী আলসিয়ং উপেতো,
সংসন্নসংকপ্পমনো কুসীতো
পঞ্ঞায় মগ্গং অলসো ন বিন্দতি।৮

তরুণ, সবল হয়েও যে থাকে আলস্যপরায়ণ,
প্রচেষ্টাকালে চেষ্টা-বিরত বসে থাকে যেই জন;

চিন্তা অথবা সাধনার মাঝে অবসাদ আসে যার,
অলস সে জন, প্রজ্ঞামার্গে নাহি তার অধিকার ।৮

বাচানুরক্‌খী মনসা সুসংবুতো
কায়েন চ অকুসলং ন কয়িরা,
এতে তয়ো কম্মপথে বিসোধয়ে
আরাধয়ে মগ্‌গমিসিপ্‌পবেদিতং ।৯

সংযত করি বাক্য ও মন, কায়িক পাপেরে ছাড়ি,
আর্য-মার্গে সন্ধান লভে এই ত্রি-কর্ম-কারী ।৯

যোগা বে জায়তী ভূরি অযোগা ভূরি সঙ্খয়ো,
এতং দ্বেধাপথং ঞত্বা ভবায় বিভবায় চ,
তথ’ত্তানং নিবেসেয্য যথা ভূরি পবড্‌ঢতি ।১০

যোগ হতে হয় জ্ঞানের জন্ম, যোগের অভাবে ক্ষয়,
ওঠা ও নামার এই দুই পথ ;—যোগে জ্ঞান লাভ হয় ।১০

বনং ছিন্দথ মা রুক্‌খং বনতো জায়তে ভয়ং,
ছেত্বা বনঞ্চ বনথঞ্চ নিব্‌বনা হোথ ভিক্‌খবো ।১১

শুধু তরু নয়, নাশ অরণ্য, অরণ্যে মহাভয়,
লতা-পতা-শাখা ছেদিয়া সকলি অরণ্য কর ক্ষয়।১১

যাবং হি বনথো ন ছিজ্জতি
অণুমত্তো পি নরস্স নারিসু
পটিবদ্ধমনো'ব তাব সো
বচ্ছো খীরপকো'ব মাতরি।১২

যতদিন নাহি আসক্তি যায় নরের রমণী প্রতি,—
অণুটুকু যদি বাকি থাকে তায়, ততদিন নাহি গতি।
নিশিদিনমান রমণীর লাগি উৎসুক হয়ে উঠে,
গরুর পিছনে বাছুরের মতো কেবলি বেড়াবে ছুটে।১২

উচ্ছিন্দ সিনেহমত্তনো কুমুদং সারদিকং'ব পাণিনা,
সন্তিমগ্‌গমেব ব্রূহয় নিব্বানং সুগতেন দেসিতং।১৩

আসক্তি তব শরৎ-কুমুদ, করি তা উচ্ছেদিত,
চিন্তিও মনে নির্বাণ-পথ সুগত-নির্দেশিত।১৩

ইধ বস্‌সং বসিস্‌সামি ইধ হেমন্তগিম্‌হিস্থু,
ইতি বালো বিচিন্তেতি অন্তরায়ং ন বুজ্ঝতি ।১৪

হেথায় কাটাব হেমন্ত-শীত, হোথায় বর্ষা-গ্রীষ্মে,
এ হেন চিন্তা অজ্ঞ জনের,—বিঘ্ন না দেখে বিশ্বে ।১৪

তং পুত্তপস্থসম্মত্তং ব্যাসত্তমানসং নরং,
সুত্তং গামং মহোঘো'ব মচ্চু আদায় গচ্ছতি ।১৫

ঘুমন্ত-গ্রাম সহসা যেমন বন্যাপ্লাবনে ভাসে,
বিষয়ী জনের পুত্র ও পশু মৃত্যু তেমনি গ্রাসে ।১৫

ন সন্তি পুত্তা তাণায় ন পিতা নাপি বন্ধবা,
অন্তকেনাধিপন্নস্‌স নত্থি ঞাতীসু তাণতা ।১৬

পিতা ও পুত্র, মিত্র, বন্ধু আছে যারা সংসারে,
মৃত্যু হইতে তোমারে কেহই ত্রাণ না করিতে পারে ।১৬

এতমত্থবসং ঞত্বা পণ্ডিতো সীলসংবুতো,
নিব্বানগমনং মগ্‌গং খিপ্‌পমেব বিসোধয়ে ।১৭

মৃত্যু-গ্রাসিত নাহি পায় খুঁজি কুটুম্ব মাঝে ত্রাণ,
এই জানি মনে নির্বাণ-পথ অনুসরে শীলবান ।১৭

২১ পকিণ্ণকবগ্গো

মত্তাসুখপরিচ্চাগা পস্সে চে বিপুলং সুখং,
চজে মত্তাসুখং ধীরো সম্পস্সং বিপুলং সুখং ।১

ত্যজিলে অল্প সুখ যদি হয় বিপুল সুখের ভাগী,
ধীরগণ ত্যজে সামান্য সুখে সেই-সে সুখের লাগি ।১

পরদুক্খূপদানেন যো অত্তনো সুখমিচ্ছতি,
বেরসংসগ্গসংসট্‌ঠো বেরা সো ন পরিমুচ্চতি ।২

অন্যজনের দুঃখ হানিয়া নিজ সুখ যেবা চায়,
বৈরীর মাঝে বসবাস তার, মুক্তি কভু না পায় ।২

যং হি কিচ্চং তদপবিদ্ধং অকিচ্চং পন কয়িরতি,
উন্নলানং পমত্তানং তেসং বড্‌ঢন্তি আসবা ।৩

উচিত কর্ম ছাড়িয়া যে জন অকাজেতে খোঁজে সিদ্ধি,
উদ্ধত সেই প্রমাদীগণের আস্রব পায় বৃদ্ধি ।৩

যেসঞ্চ সুসমারদ্ধা নিচ্চং কাযগতা সতি,
অকিচ্চং তেন সেবন্তি কিচ্চে সাতচ্চকারিনো,
সতানং সম্পজানানং অত্থং গচ্ছন্তি আসবা ।৪

কায়গত স্মৃতি নিত্য যাঁহার সু-সমারদ্ধ থাকে,
অকাজে আপন আত্মনিয়োগ করিতে না হয় তাঁকে।
সমুচিত কাজ সাধিতে যেজন তৎপর সদা রয়,
স্মৃতিমান্ সেই বিজ্ঞজনের আস্রব পায় লয় ॥৪

মাতরং পিতরং হন্ত্বা রাজানো দ্বে চ খত্তিয়ে,
রট্‌ঠং সানুচরং হন্ত্বা অনীঘো যাতি ব্রাহ্মণো ।৫

তৃষ্ণা ও মানে হনন করিয়া দ্বিমতে বিনাশ করি,
নিন্দা ও দ্বেষ ত্যজি ব্রাহ্মণ, পাপে যান পরিহরি ।৫

মাতরং পিতরং হন্ত্বা রাজানো দ্বে চ সোত্থিয়ে,
বেয়্যগ্‌ঘপঞ্চমং হন্ত্বা অনীঘো যাতি ব্রাহ্মনো ।৬

তৃষ্ণা ও মানে হনন করিয়া পঞ্চব্যাঘ্রে নাশি,
ব্রাহ্মণ হন দুঃখমুক্ত, পরিহরি পাপরাশি ।৬

সুপ্‌পবুদ্ধং পবুজ্‌ঝন্তি সদা গোতমসাবকা,
যেসং দিবা চ রত্তো চ নিচ্চং বুদ্ধগতা সতি ।৭

দিবসরজনী নিত্য যাঁহারা বুদ্ধচিন্তাগত,
প্রবুদ্ধ তাঁরা বুদ্ধশিষ্য সদা র'ন জাগ্রত ।৭

সুপ্‌পবুদ্ধং পবুজ্‌ঝন্তি সদা গোতমসাবকা,
যেসং দিবা চ রত্তো চ নিচ্চং ধম্মগতা সতি ।৮

দিবসরজনী নিত্য যাঁহারা ধর্মচিন্তাগত,
প্রবুদ্ধ তাঁরা বুদ্ধশিষ্য সদা র'ন জাগ্রত ।৮

সুপ্‌পবুদ্ধং পবুজ্‌ঝন্তি সদা গোতমসাবকা,
যেসং দিবা চ রত্তো চ নিচ্চং সঙ্ঘগতা সতি ।৯

দিবসরজনী নিত্য যাঁহারা সঙ্ঘচিন্তাগত,
প্রবুদ্ধ তাঁরা বুদ্ধশিষ্য সদা র'ন জাগ্রত ।৯

সুপপবুদ্ধং পবুজ্ঝন্তি সদা গোতমসাবকা,
যেসং দিবা চ রত্তো চ নিচ্চং কায়গতা সতি ।১০

দিবসরজনী নিত্য যাঁহারা কায়িকচিন্তাগত,
প্রবুদ্ধ তাঁরা বুদ্ধশিষ্য, সদা র'ন জাগ্রত ।১০

সুপ্পবুদ্ধং পবুজ্ঝন্তি সদা গোতমসাবকা,
যেসং দিবা চ রত্তো চ অহিংসায় রতো মনো ।১১

দিবসরজনী নিত্য যাঁহারা অহিংসভাবগত,
প্রবুদ্ধ তাঁরা বুদ্ধশিষ্য সদা র'ন জাগ্রত ।১১

সুপ্পবুদ্ধং পবুজ্ঝন্তি সদা গোতমসাবকা,
যেসং দিবা চ রত্তো চ ভাবনায় রতো মনো ।১২

দিবসরজনী নিত্য যাঁহারা ধ্যানানুশীলনে রত,
প্রবুদ্ধ তাঁরা বুদ্ধশিষ্য সদা র'ন জাগ্রত ।১২

দুপ্‌পব্বজ্জং দুরভিরমং দুরাবাসা ঘরা দুখা,
দুক্‌খো' সমান সংবাসো দুক্‌খানুপতিতদ্ধগু,
তস্মা ন চ'দ্ধগূ সিয়া ন চ দুক্‌খানুপতিতো সিয়া ।১৩

সংসার ত্যাগে দুঃখ সতত, গৃহে থাকিলেও তাই,
সঙ্গ না পেলে দরদী লোকের দুখের অন্ত নাই ।
বারে বারে ভবে জন্মগ্রহণ—সে অতি দুঃখময়,
এ আসা-যাওয়ার না হও পথিক, দুঃখেরে কর জয় ॥১৩

সদ্ধো সীলেন সম্পন্নো যসোভোগসমপ্‌পিতো,
যং যং পদেসং ভজতি তত্থ তত্থেব পূজিতো ।১৪

যাঁহারা সুযশা, বৈভবশালী, সুশীল, শ্রদ্ধাবান্,
যেথায় গমন সেথায় তাঁহারা সকলেরই পূজা পান ।১৪

দূরে সন্তো পকাসেন্তি হিমবন্তো'ব পব্বতো,
অসন্তেথ ন দিস্‌সন্তি রত্তিখিত্তা যথা সরা ।১৫

হিমালয় সম মহৎ পুরুষে দূর হতে দেখে লোকে,
অসৎ, যেন সে আঁধারের বাণ, পড়ে না কাহারো চোখে ।১৫

একাসনং একসেয্যং একোচরমতন্দিতো,
একো দময়মত্তানং বনন্তে রমিতো সিয়া ।১৬

একাসন যাঁর, একক শয্যা, এক-চারী, ধ্যানব্রতী,
আত্মদমন করি নির্জনে আনন্দ পান অতি ।১৬

২২ নিরয়বগ্গো

অভূতবাদী নিরয়ং উপেতি
যো বা'পি কত্বা ন করোমী'তি চা'হ,
উভো পি তে পেচ্চ সমা ভবন্তি
নিহীনকম্মা মনুজা পরত্থ ।১

কুকাজ করিয়া যে বলে, 'করি নি,' আর যে মিথ্যা বলে,
নরকেতে যায় উভয়ে তাহারা, পরলোকেতেও জ্বলে ।১

কাসাবকণ্ঠা বহবো পাপধম্মা অসঞ্ঞতা,
পাপা পাপেহি কম্মেহি নিরয়ং তে উপপজ্জরে ।২

কয়িরা চে কয়িরাথেনং দল্‌হমেনং পরক্কমে,
সিথিলো হি পরিব্বাজো ভিয়্যো আকিরতে রজং ।৮

অতি বিক্রমে করণীয় কাজ সাধ দৃঢ়তার সাথে,
শ্রমণের কাজে শিথিলতা এলে, রজ শুধু বাড়ে তাতে ।৮

অকতং দুক্কতং সেয়্যো, পচ্ছা তপতি দুক্কতং,
কতঞ্চ সুকতং সেয়্যো, যং কত্বা নানুতপ্পতি ।৯

না করাই ভাল দুষ্ট কর্ম, পশ্চাৎ-তাপ আনে,
সুকর্ম করা শ্রেয় বলি তাই, অনুতাপ নাহি জানে ।৯

নগরং যথা পচ্চন্তং, গুত্তং সন্তরবাহিরং,
এবং গোপেথ অত্তানং খণো বে মা উপচ্চগা ;
খণাতীতা হি সোচন্তি নিরয়ম্‌হি সমপ্পিতা ।১০

সীমান্ত দেশে নগর যেমন ভিতর বহির্ভাগে
রক্ষিত সদা, সেইরূপ তুমি আপনা রক্ষ আগে ।
ক্ষণসম্পদ না করিও হেলা, অযথা না কর নষ্ট,
ক্ষণহীন হলে নরকে গমন—অনুশোচনায় কষ্ট ॥১০

অলজ্জিতায়ে লজ্জন্তি, লজ্জিতায়ে ন লজ্জরে,
মিচ্ছাদিট্‌ঠিসমাদানা সত্তা গচ্ছন্তি দুগ্‌গতিং ।১১

অলজ্জ কাজে লজ্জা যাদের, লজ্জাতে লাজহারা,
মিথ্যাদৃষ্টি আশ্রয় করি দুর্গতি লভে তারা ।১১

অভয়ে চ ভয়দস্‌সিনো, ভয়ে চাভয়দস্‌সিনো,
মিচ্ছাদিট্‌ঠিসমাদানা সত্তা গচ্ছন্তি দুগ্‌গতিং ।১২

অভয়ে যাহারা ভীত হয় মনে, ভয়ে থাকে ভয়হারা,
মিথ্যদৃষ্টি আশ্রয় করি দুর্গতি লভে তারা ।১২

অবজ্জে বজ্জমতিনো বজ্জে চা'বজ্জদস্‌সিনো,
মিচ্ছাদিট্‌ঠিসমাদানা সত্তা গচ্ছন্তি দুগ্‌গতিং ।১৩

নির্দোষ কাজে দোষ দেখে যারা, দোষে দোষ নাহি ধরে,
মিথ্যাদৃষ্টি আশ্রয় তার, দুর্গতি লাভ করে ।১৩

বজ্জঞ্চ বজ্জতো ঞত্বা, অবজ্জঞ্চ অবজ্জতো,
সম্মাদিট্‌ঠিসমাদানা সত্তা গচ্ছন্তি সুগ্‌গতিং ।১৪

দোষের কর্মে জানি দোষময়, নির্দোষে দোষহারা,
সত্যদৃষ্টি আশ্রয় করি সুগতি লভেন তাঁরা ।১৪

২৩ নাগবগ্‌গো

অহং নাগো'ব সঙ্গামে চাপাতো পতিতং সরং,
অতিবাক্যং তিতিক্‌খিস্‌সং দুস্‌সীলো হি বহুজ্জনো ।১

হস্তী যেমন সংগ্রামে সহে ধনুনিঃসৃত বাণে,
সেইমতো সহি কটুভাষ আমি, দুর্জনে যবে হানে ।১

দন্তং নয়ন্তি স'মিতিং দন্তং রাজাভিরূহতি,
দন্তো সেট্‌ঠো মনুস্‌সেসু যো'তিবাক্যং তিতিক্‌খতি ।২

শিক্ষিত গজ জনতার মাঝে সহজে যায় যে চলি,
নৃপতি চড়েন হস্তী-পৃষ্ঠে শিক্ষিত গজ বলি ।
কটুকথা পারে যেজন সহিতে মনুষ্যদেহধারী,
শ্রেষ্ঠ সে-জন মৈত্র্যচিত্ত, আত্মদমনকারী ।২

বরমস্সতরা দন্তা আজানীয়া চ সিন্ধবা,
কুঞ্জরা চ মহানাগা অত্তদন্তো ততো বরং ।৩

সিন্ধুদেশের অশ্ব-হস্তী, অথবা অশ্বতর,
দমন কঠিন,—আত্মদমন তা হতে কঠিনতর ।৩

ন হি এতেহি যানেহি গচ্ছেয্য অগতং দিসং,
যথাত্তনা সুদন্তেন দন্তো দন্তেন গচ্ছতি ।৪

নির্বাণে কভু যাওয়া নাহি যায় বসি যানবাহনেতে,
ইন্দ্রিয়জয়ী লভে নির্বাণ আপন সংযমেতে ।৪

ধনপালকো নাম কুঞ্জরো
কটুকপ্পভেদনো দুন্নিবারয়ো,
বদ্ধো কবলং ন ভুঞ্জতি,
সুমরতি নাগবনস্স কুঞ্জরো ।৫

ধনপাল নাগে আনিল নগরে বন হতে যবে ধরি,
না করে হস্তী খাদ্যগ্রহণ অরণ্য-কথা স্মরি ।৫

মিদ্ধী যদা হোতি মহগ্ঘসো চ
নিদ্দায়িতা সম্পরিবত্তসায়ী
মহাবরাহো'ব নিবাপপুট্‌ঠো
পুনপ্পুনং গব্ভমুপেতি মন্দো ।৬

পরিমাণহীন ভোজন যাহার, আলস্যে রত রয়,
গৃহে-পোষা মোটা শূকরের মতো নিদ্রালু অতিশয় ;
শয়নে সতত গড়াগড়ি দিয়া এপাশ-ওপাশ করে,
মন্দমতি সে বার বার আসি গর্ভে জনম ধরে ।৬

ইদং পুরে চিত্তমচারি চারিকং
যেনিচ্ছকং যথকামং যথাসুখং,
তদজ্জ'হং নিগ্গহেস্সামি যোনিসো
হত্থিপ্পভিন্নং বিয় অঙ্কুসগ্গহো ।৭

নানাদিকে মোর ভ্রমিল চিত্ত মত্তহস্তী-প্রায়,
মাহুতের মতো আজি দৃঢ় করে দমন করিব তায় ।৭

অপ্পমাদরতা হোথ সচিত্তমনুরক্খথ,
দুগ্গা উদ্ধরথ'ত্তানং পঙ্কে সন্তো'ব কুঞ্জরো ।৮

অপ্রমাদেতে রত হয়ে সদা রক্ষিও নিজ চিত,
হস্তীর মতো পঙ্ক ত্যজিয়া হও তুমি উত্থিত ।৮

সচে লভেথ নিপকং সহায়ং
সদ্ধিং চরং সাধুবিহারিধীরং,
অভিভূয্য সব্বানি পরিস্সয়ানি
চরেয্য তেন'ত্তমনো সতীমা ।৯

সদাচারী, ধীর, পণ্ডিত যদি মিত্র তোমার হয়,
তারি সাথে থাক হৃষ্ট চিত্তে বিঘ্ন করিয়া জয় ।৯

নো চে লভেথ নিপকং সহায়ং
সদ্ধিং চরং সাধুবিহারিধীরং,
রাজা'ব রট্‌ঠং বিজিতং পহায়
একো চরে মাতঙ্গ'রঞ্‌ঞেব নাগো ।১০

নিপীড়িত গজ চলি যায় যথা কুঞ্জরযূথে ছাড়ি,
পরাজিত নৃপ পশে অরণ্যে রাজত্ব পরিহারি ।—
সেই মতো একা বিচরণ কর, একাকী থাকাই শ্রেয়,—
ধীর, পণ্ডিত, সদাচারী সখা নাহি মেলে যদি কেহ ॥১০

একস্‌স চরিতং সেয়্যো নত্থি বালে সহায়তা,
একো চরে ন চ পাপানি কয়িরা
অপ্পোসুস্‌কো মাতঙ্গ'রঞ্‌ঞেব নাগো।১১

মূঢ়জন সাথে না কর বসতি, কলুষ কামনা ছাড়,
গজরাজ সম সঙ্গীবিহীন একা তুমি সঞ্চর।১১

অত্থম্‌হি জাতম্‌হি সুখা সহায়া
তুট্‌ঠী সুখা যা ইতরীতরেন,
পুঞ্‌ঞং সুখং জীবিতসঙ্খয়ম্‌হি
সব্বস্‌স দুক্‌খস্‌স সুখং পহানং।১২

প্রয়োজনকালে বন্ধু, সুখের তুষ্টিতে সুখ হয়,
সর্বদুঃখ বিনাশেতে সুখ, পুণ্য সে সুখময়।১২

সুখা মত্তেয়্যতা লোকে অথো পেত্তেয়্যতা সুখা,
সুখা সামঞ্‌ঞতা লোকে অথো ব্রহ্মঞ্‌ঞতা সুখা।১৩

জননীর সেবা অতি সে সুখের, পিতৃ-সেবায় তাই,
ব্রাহ্মণ আর শ্রমণ-সেবায় সেইরূপ সুখ পাই।১৩

সুখং যাব জরা সীলং সুখা সদ্ধা পতিট্ঠিতা,
সুখো পঞ্ঞায় পটিলাভো পাপানং অকরণং সুখং ।১৪

শীল-আচরণ অতি সে সুখের আমৃত্যু যেবা পালে,
শ্রদ্ধায় যার প্রতিষ্ঠা সদা, সুখদীপ সে ই জ্বালে।
নিয়ত সে জন ভোগ করে সুখ, যে লভে প্রজ্ঞাধর্ম,
সুখ-অধিকারী, চলে যেই জন বর্জিয়া পাপকর্ম ।১৪

২৪ তণ্হাবগ্গো

মনুজস্স পমত্তচারিনো তণ্হা বড্ঢতি মালুবা বিয়,
সো প্লবতি হুরাহুরং ফলমিচ্ছং'ব বনস্মিং বানরো ।১

প্রমাদীর তৃষা মালুবা লতা সে, বেড়ে ওঠে ক্রমে ক্রমে,
ফল লোভী মূঢ় কপিসম নর, জনমে জনমে ভ্রমে ।১

যং এসা সহতে জম্মী তণ্হা লোকে বিসত্তিকা,
সোকা তস্স পবড্ঢন্তি অভিবট্ঠং'ব বীরণং ।২

বিষময়ী এই অতৃপ্ত তৃষা যাহারে আসিয়া ধরে,
বর্ষাকালের বেণাঘাস সম শোকেতে চিত্ত ভরে ।২

যো চে'তং সহতী জম্মিং তণ্‌হং লোকে দুরচ্চয়ং,
সোকা তম্‌হা পপতন্তি উদবিন্দু'ব পোক্‌খরা ।৩

বর্ষণ-ঘন দুর্দম তৃষা যে পারে করিতে জয়,
পদ্মপত্রে জলের মতন শোক পায় তার লয় ।৩

তং বো বদামি ভদ্দং বো যাবন্তে'থ সমাগতা,
তণ্‌হায় মূলং খণথ উসীরথো'ব বীরণং,
মা বো নলং'ব সোতো'ব মারো ভঞ্জি পুনপ্‌পুনং ।৪

সমাগত সবে, শুন বলি তাই তব মঙ্গল তরে,
[illegible]মূলকামী বেণাবন যথা সমূলে খনন করে,—
সেইমতো সবে উৎখাত কর তৃষামূল রাশি রাশি ;
যেন স্রোতমুখে নলের মতন মার নাহি ফেলে গ্রাসি ।৪

যথাপি মূলে অনুপদ্দবে দল্হে
ছিন্নো পি রুক্খো পুনরেব রূহতি,
এবম্পি তণ্হানুসয়ে অনূহতে
নিব্বত্ততি দুক্খমিদং পুনপ্পুনং ।৫

ছিন্ন বৃক্ষ অঙ্কুরে পুন, অখণ্ড মূল যার,
সমূলে তৃষ্ণা না করিলে নাশ, জনমে বারংবার ।৫

যস্স ছত্তিংসতী সোতা মনাপস্সবনা ভুসা,
বাহা বহন্তি দুদ্দিট্‌ঠিং সঙ্কপ্পা রাগনিস্সিতা ।৬

প্রিয়বস্তুর সন্ধানে যার ভ্রান্তদৃষ্টি ফেরে,
ভাসাইয়া লয় ছত্রিশধারা তৃষ্ণা সে মানবেরে ।৬

সবন্তি সব্বধি সোতা লতা উব্ভিজ্জ তিট্‌ঠতি,
তঞ্চ দিস্বা লতং জাতং মূলং পঞ্ঞায় ছিন্দথ ।৭

যথা-তথাগামী তৃষ্ণা-প্রবাহ, লতা-সম উদ্‌ভিন্ন,
প্রজ্ঞা অস্ত্র হানি সে লতার মূলদেশ কর ছিন্ন ।৭

সরিতানি সিনেহিতানি চ
সোমনস্সানি ভবন্তি জন্তুনো,
তে সাতসিতা সুখেসিনো
তে বে জাতিজরূপগা নরা ।৮

সুখে আনন্দ, প্রিয়ের মিলনে—আনন্দ-উচ্ছ্বাস,
সেই সুখকামী, সুখ-আশ্রয়ী, জন্ম-জরার দাস ।৮

তসিণায় পুরক্খতা পজা
পরিসপ্পন্তি সসো'ব বাধিতো,
সঞ্ঞোজনসঙ্গসত্তকা
দুক্খমুপেন্তি পুনপ্পুনং চিরায় ।৯

ব্যাধ-শঙ্কিত শশকের মতো তৃষা-বিতাড়িত যারা,
আবদ্ধ থাকি, বার বার ভবে মহা দুখ্ পায় তারা ।৯

তসিনায় পুরক্খতা পজা
পরিসপ্পন্তি সসো'ব বাধিতো
তস্মা তসিনং বিনোদয়ে
ভিক্খু আকঙ্খী বিরাগমত্তনো ।১০

তৃষ্ণাতাড়িত মানব সতত শশকের মতো ভীত,
মুক্তি লক্ষ্যে ভিক্ষু সে করে তৃষ্ণারে বিদূরিত।১০

যো নিব্বনথো বনাধিমুত্তো বনমুত্তো বনমেব ধাবতি,
তং পুগ্গলমেব পস্সথ মুত্তো বন্ধনমেব ধাবতি।১১

মহাবন হতে মুক্তি লভিয়া পুন যে প্রবেশে বনে,
বিমুক্ত তবু বন্ধন খোঁজে—দেখ সেই মূঢ়জনে।১১

ন তং দল্হং বন্ধনমাহু ধীরা
যদায়সং দারুজং বব্বজঞ্চ,
সারত্তরত্তা মণিকুণ্ডলেসু
পুত্তেসু দারেসু চ যা অপেক্খা।১২
এতং দল্হং বন্ধনমাহু ধীরা
ওহারিনং সিথিলং দুপ্পমুঞ্চং,
এতম্পি ছেত্বান পরিব্বজন্তি
অনপেক্খিনো কামসুখং পহায়।১৩

লৌহ, কাষ্ঠ, অথবা শণের রজ্জুর বন্ধনে,
দৃঢ়বন্ধন না বলে তাহারে ধীর পণ্ডিত জনে।
আসক্তি যার মণি-মাণিক্যে, পত্নী-পুত্র প্রতি,—
এই সে বাঁধনে ধীর জন ভণে, দৃঢ়বন্ধন অতি।
এ দৃঢ়বাঁধন ছেদন করিয়া আসক্তিহীন জন,
কামসুখ ছাড়ি, প্রব্রজ্যাগ্রহী সংসারত্যাগী হন।১২-১৩

যে রাগরত্তানুপতন্তি সোতং
সয়ং কতং মক্কটকো'ব জালং,
এতম্পি ছেত্বান বজন্তি ধীরা
অনপেক্‌খিনো সব্বদুক্‌খং পহায়।১৪

তৃষ্ণাসক্ত তৃষা-প্রবাহের আবর্তে ভাসি যায়,
আপনার জালে আপনি বদ্ধ ঊর্ণনাভের প্রায়।
আসক্তিহীন ধীর জন সদা এ জাল করিয়া ছিন্ন,
দুঃখ বিনাশি দূরে যান চলি, সংসার হতে ভিন্ন॥১৪

মুঞ্চ পুরে মুঞ্চ পচ্ছতো
মজ্ঝে মুঞ্চ ভবস্স পারগূ,
সব্বত্থ বিমুত্তমানসো
ন পুন জাতিজরং উপেহিসি ।১৫

সমুখে পিছনে মধ্যে যা আছে ত্যজি তাহা সমুদয়,
পরপারে যাও, দূরে পরিহরি জন্মজরার ভয় ।১৫

বিতক্কপমথিতস্স জন্তুনো
তিব্বরাগস্স সুভানুপস্সিনো,
ভিয়্যো তণ্হা পবড্ঢতি
এস খো দল্হং করোতি বন্ধনং ।১৬

মথিত চিত্তে শুভ দেখে যেবা বিতর্ক পথ ধরি,
তৃষ্ণা তাহার বাড়ে অবিরত, বন্ধন দৃঢ় করি ।১৬

বিতক্কূপসমে চ যো রতো
অসুভং ভাবয়তি সদা সতো,
এস খো ব্যন্তিকাহিতি
এসো ছেচ্ছতি মারবন্ধনং ।১৭

যে জন সতত বিতর্কহীন, ধ্যানরত স্মৃতিযুক্ত,
বিনাশি তৃষ্ণা, সহজে সে হয় মারের প্রভাব-মুক্ত।১৭

নিট্ঠঙ্গতো অসন্তাসী বীততণ্হো অনঙ্গণো,
অচ্ছিন্দি ভবসল্লানি অন্তিমো'য়ং সমুস্সয়ো।১৮

শঙ্কা, তৃষ্ণা, পাপহীন যিনি নিষ্ঠার অধিকারী,
সংসারশূল ভগ্ন তাঁহার—অন্তিম-দেহধারী।১৮

বীততণ্হো অনাদানো নিরুত্তিপদকোবিদো,
অক্খরানং সন্নিপাতং জঞ্ঞা পুব্বাপরানি চ,
স বে অন্তিমসারীরো মহাপঞ্ঞো
(মহাপুরিসো) 'তি বুচ্চতি।১৯

নিরুক্তিপদকৌশলী যাঁরা, আসক্তি-তৃষাহারা,
পূর্ব ও পর-জ্ঞানেতে পূর্ণ, শাস্ত্রনিপুণ যাঁরা,
জন্ম-জরার বশ নহে যাঁরা, অন্তিম-দেহধারী,
মহাপ্রাজ্ঞ ও মহাপুরুষের নামে তাঁরা অধিকারী।১৯

সব্বাভিভূ সব্ববিদূহমস্মি
সব্বেসু ধম্মেসু অনূপলিত্তো,
সব্বঞ্জহো তণ্হক্খয়ে বিমুত্তো
সয়ং অভিঞ্ঞায় কমুদ্দিসেয্যং ।২০

সর্বধর্মে লিপ্ততাহীন আমি যে সর্বজয়ী,
সর্ব জানিয়া, সর্ব ত্যাজিয়া তৃষ্ণামুক্ত হই।
নিজ বলে আমি লভিয়াছি জ্ঞান, সাধিয়া সুদৃঢ় চেষ্টা,
বল, কোন্ জনে মানিব, কি লাগি আচার্য-উপদেষ্টা ॥২০

সব্বদানং ধম্মদানং জিনাতি
সব্বং রসং ধম্মরসো জিনাতি,
সব্বং রতিং ধম্মরতী জিনাতি
তণ্হক্খয়ো সব্বদুক্খং জিনাতি ।২১

সর্বদানের পরাভব ঘটে সতত ধর্ম দানে,
ধর্মের রস সর্বরসের পরাভব সদা আনে।
রতির মধ্যে ধর্মরতির বিজয় সুনিশ্চয়,
নিদারুণ দুখ্ জয় করা যায় তৃষ্ণার হলে ক্ষয় ॥২১

হনন্তি ভোগা দুম্মেধং নো চ পারগবেসিনো,
ভোগতণ্হায় দুম্মেধো হন্তি অঞ্ঞে'ব অত্তনং ।২২

অজ্ঞ যে জন না চাহে মুক্তি, ভোগে তার নাশ আনে,
নির্বোধ যারা ভোগতৃষ্ণায় আপনারে সদা হানে ।২২

তিণদোসানি খেত্তানি, রাগদোসা অয়ং পজা,
তস্মা হি বীতরাগেসু দিন্নং হোতি মহপ্ফলং ।২৩

ক্ষেত্রের ক্ষতি তৃণে হয় আর মানুষের অনুরাগে,
অনুরাগহীনে যাহা দিবে দান, সেই দান কাজে লাগে ।২৩

তিনদোসানি খেত্তানি, দোসদোসা অয়ং পজা,
তস্মা হি বীতদোসেসু দিন্নং হোতি মহপ্ফলং ।২৪

ক্ষেত্রের ক্ষতি তৃণে হয় আর মানুষের বিদ্বেষে,
বিদ্বেষহীনে দান দিলে তার সুফল ফলিবে শেষে ।২৪

তিণদোসানি খেত্তানি, মোহদোসা অয়ং পজা,
তস্মা হি বীতমোহেসু দিন্নং হোতি মহপ্ফলং ।২৫

ক্ষেত্রের ক্ষতি তৃণে হয় সদা, মোহে মানুষের হানি,
মোহহীন জনে যাহা দিবে দান, সেই মহাদান মানি ।২৫

তিণদোসানি খেত্তানি, ইচ্ছাদোসা অয়ং পজা,
তস্মা হি বিগতিচ্ছেসু দিন্নং হোতি মহপ্‌ফলং ।২৬

ক্ষেত্রের ক্ষতি তৃণে হয় সদা, নরের আসক্তিতে,
আসক্তিহীনে যাহা দিবে দান, শ্রেষ্ঠ তা পৃথিবীতে ।২৬

২৫ ভিক্‌খুবগ্‌গো

চক্‌খুনা সংবরো সাধু, সাধু সোতেন সংবরো,
ঘাণেন সংবরো সাধু, সাধু জিব্‌হায় সংবরো ।১

চক্ষু-শ্রবণ-ঘ্রাণ সংযম উত্তম তারে বলি,
উত্তম যদি রসনা ও বাকে সংযত হয়ে চলি ।১

কায়েন সংবরো সাধু, সাধু বাচায় সংবরো,
মনসা সংবরো সাধু, সাধু সব্বত্থ সংবরো ;
সব্বত্থ সংবুতো ভিক্‌খু সর্ব্বদুক্‌খা পমুচ্‌চতি ।২

উত্তম অতি সংযম যাঁর সকল বিষয়-যুক্ত,
সর্ব বিষয়ে সংযত যিনি, সর্বদুঃখ-মুক্ত ।২

হত্থসঞ্‌ঞতো পাদসঞ্‌ঞতো
বাচায় সঞ্‌ঞতো সঞ্‌ঞতুত্তমো,
অজ্‌ঝত্তরতো সমাহিতো
একো সন্তুসিতো তমাহু ভিক্‌খুং ।৩

হস্ত যে জন সংযত রাখে, পদে সংযম যাঁর,
ভাষণ যাঁহার সংযত সদা শ্রেষ্ঠ আসন তাঁর ।
একাচারী সেই ধ্যানপরায়ণ, হৃষ্টচিত্ত যিনি,
জগতের মাঝে ভিক্ষু নামেতে অভিহিত হন তিনি ।৩

যো মুখসঞ্‌ঞতো ভিক্‌খু মন্তভাণী অনুদ্ধতো,
অত্থং ধম্মঞ্চ দীপেতি, মধুরং তস্‌স ভাসিতং ।৪

মন্ত্রভাষী যে সুস্থির সদা, সংযত বাক্‌ যাঁর,
অর্থ, ধর্ম ভণে যেই জন, মধুর ভাষণ তাঁর ।৪

ধম্মারামো ধম্মরতো ধম্মং অনুবিচিন্তয়ং,
ধম্মং অনুস্‌সরং ভিক্‌খু সদ্ধম্মা ন পরিহায়তি ।৫

ধর্মে চিন্তি, ধর্মানুসারী ধর্মানন্দে প্লুত,
ধর্ম-সাধক সদ্‌ধর্মেতে নাহি হন বিচ্যুত ।৫

সলাভং না'তিমঞ্‌ঞেয্য, না'ঞ্‌ঞেসং পিহয়ং চরে,
অঞ্‌ঞেসং পিহয়ং ভিক্‌খু সমাধিং নাধিগচ্ছতি ।৬

আপনার লাভে অবহেলা যার, পরবস্তুতে লোভ,
সমাধি না পায় চিত্ত তাহার, জাগি রহে বিক্ষোভ ।৬

অপ্পলাভো'পি চে ভিক্‌খু সলাভং নাতিমঞ্‌ঞতি,
তং বে দেবা পসংসন্তি সুদ্ধাজীবিং অতন্দিতং ।৭

অল্প লাভেরে না করে যে হেলা, পবিত্রজীবী ভবে,
নিরলস সেই ভিক্ষু সতত দেব-সম্মান লভে ।৭

সব্বসো নামরূপস্মিং যস্স নত্থি মমায়িতং,
অসতা চ ন সোচতি স বে ভিক্খূ'তি বুচ্চতি ।৮

মমতা নাহিকো নামরূপে যাঁর, বিনাশে না জাগে শোক,
অহং-শূন্য প্রকৃত ভিক্ষু বলে তাঁরে সব লোক ।৮

মেত্তাবিহারী যো ভিক্খু পসন্নো বুদ্ধসাসনে,
অধিগচ্ছে পদং সন্তং সঙ্খারূপসমং সুখং ।৯

বুদ্ধ-শাসনে প্রসন্ন যিনি মৈত্রী-ভাবনা যাঁর,
লভেন সে-জন নির্বাণ-সুখ বিনাশি সংস্কার ।৯

সিঞ্চ ভিক্খু ইমং নাবং সিত্তা তে লহুমেস্সতি,
ছেত্বা রাগঞ্চ দোসঞ্চ ততো নিব্বানমেহিসি ।১০

দেহ-নৌকারে সেচন করিয়া লঘু কর তার গতি,
রাগদ্বেষ আদি ছিন্ন করিলে নির্বাণে হবে মতি ।১০

পঞ্চ ছিন্দে পঞ্চ জহে পঞ্চ চুত্তরি ভাবয়ে,
পঞ্চসঙ্গাতিগো ভিক্‌খু 'ওঘতিণ্ণো' তি বুচ্চতি ।১১

পঞ্চ বাঁধন, পঞ্চ দোষেরে বর্জিয়া যেবা চলে,
পঞ্চবাঁধন-অতীত জনেরে 'ওঘতীর্ণ' বলে ।১১

ঝায় ভিক্‌খু, মা চ পমাদো,
মা তে কামগুণে ভমস্‌সু চিত্তং ;
মা লোহগুলং গিলী পমত্তো,
মা কন্দি দুক্‌খমিদন্তি ডয়্‌হমানো ।১২

প্রমাদের বশে আসিও না কভু, ধ্যানেতে থাকিও মগ্ন,
চিত্তে তোমার বাসনা-বহ্নি কভু না হইবে লগ্ন ।
গ্রাসিও না কভু তপ্ত লৌহ,—রাগদ্বেষ-আদি পাপ,
সন্তাপে জ্বলি 'হায় দুখ্‌' বলি না করিও অনুতাপ ।১২

নত্থি ঝানং অপঞ্ঞস্‌স পঞ্ঞা নত্থি অঝায়তো,
যম্‌হি ঝানঞ্চ পঞ্ঞা চ স বে নিব্বানসন্তিকে ।১৩

প্রজ্ঞাহীনের নাহি কোনো বোধ, নাহিকো মনন ধ্যানে,
ধ্যানী ও প্রাজ্ঞ প্রশান্তচিতে রত হন নির্বাণে ।১৩

সুঞ্ঞাগারং পবিট্ঠস্স সন্তচিত্তস্স ভিক্খুনো ;
অমানুসী রতী হোতি সম্মা ধম্মং বিপস্সতো ।১৪

শূন্য আগারে প্রবেশি ভিক্ষু শান্ত-চিত্ত হন,
প্রীত অন্তরে দেখেন সকল ধর্ম-বিদর্শন ।১৪

যতো যতো সম্মসতি খন্ধানং উদযব্বযং,
লভতী পীতিপামোজ্জং অমতং তং বিজানতং ।১৫

স্কন্ধের যত উদয়-বিলয় ধ্যানে যিনি রত হন,
নির্বাণে দেখি প্রীতি-আনন্দ লাভ করে সেই জন ।১৫

তত্রায়মাদি ভবতি ইধ পঞ্ঞস্স ভিক্খুনো,
ইন্দ্রিয়গুত্তি সন্তুট্ঠী পাতিমোক্খে চ সংবরো ।
মিত্তে ভজস্সু কল্যাণে সুদ্ধাজীবে অতন্দিতে ।১৬

ইন্দ্রিয়জয়ী তুষ্ট চিত্তে শীলতা পালন করে,
ইহাই প্রথম করণীয় কাজ প্রজ্ঞাবানের তরে ।১৬

পটি সন্থারবুত্যস্স আচারকুসলো সিয়া,
ততো পামোজ্জবহুলো দুক্খস্স'ন্তং করিস্সতি ।১৭

প্রতিসেবাশীল, আচার-কুশল ভিক্ষু যে জন হয়,
আনন্দে ভরি সকল দুঃখ সহজেতে করে জয় ।১৭

বস্সিকা বিয় পুপ্ফানি মদ্দবানি পমুঞ্চতি,
এবং রাগঞ্চ দোসঞ্চ বিপ্পমুঞ্চেথ ভিক্খবো ।১৮

লতিকা যেমন বর্জন করে বিশুষ্ক বেল ফুল,
বর্জন করে বিদ্বেষ, রাগ, তেমনি ভিক্ষুকুল ।১৮

সন্তকায়ো সন্তবাচো সন্তবা সুসমাহিতো,
বন্তলোকামিসো ভিক্খু উপসন্তো'তি বুচ্চতি ।১৯

কায়মনোবাকে সংযত যিনি, মায়া-মোহে নহে ভ্রান্ত,
তিনিই ভিক্ষু সমাহিতচিত্ত, তাঁরি নাম উপশান্ত ।১৯

অত্তনা চোদয়ত্তানং পটিমাসে অত্তমত্তনা,
সো অত্তগুত্তো সতিমা সুখং ভিক্‌খু বিহাহিসি ।২০

আপনারে কর আপনি প্রশ্ন, আপনা পরখ কর,
আত্মশুদ্ধ, স্মৃতিমান্ হয়ে মহাসুখে কাল হর ।২০

অত্তা হি অত্তনো নাথো, অত্তা হি অত্তনো গতি,
তস্মা সঞ্ঞময়'ত্তানং অস্‌সং ভদ্রং'ব বাণিজো ।২১

আপনিই তুমি আপনার প্রভু, আপনারই আশ্রয়,
বণিকের ঘোড়া দমনের মতো, আপনারে কর জয় ।২১

পামোজ্জবহুলো ভিক্‌খু পসন্নো বুদ্ধসাসনে,
অধিগচ্ছে পদং সন্তং সঙ্খারূপসমং সুখং ।২২

আনন্দময় বুদ্ধশাসন অনুসরি যেবা যায়,—
পুণ্য-পাপের অতীত ভিক্ষু নির্বাণ-পথ পায় ।২২

যো হবে দহরো ভিক্‌খু যুঞ্জতি বুদ্ধসাসনে,
সো'মং লোকং পভাসেতি অব্‌ভা মুত্তো'ব চন্দিমা ।২৩

ভিক্ষু যে জন তরুণ বয়সে বুদ্ধ-শাসনে আসে ;
মেঘবিমুক্ত চন্দ্রের মতো ধরণীরে উদ্‌ভাসে ।২৩

২৬ ব্রাহ্মণবগ্‌গো

ছিন্দ সোতং পরক্কম্ম কামে পনুদ ব্রাহ্মণ,
সঙ্খারানং খয়ং ঞত্বা অকতঞ্‌ঞূ'সি ব্রাহ্মণ ।১

ব্রাহ্মণ, তুমি পার হও স্রোত, কামনারে কর জয়,
ব্রাহ্মণ, তব অজ্ঞাত নহে সংসারে যত ক্ষয় ।১

যদা দ্বয়েসু ধম্মেসু পারগূ হোতি ব্রাহ্মণো,
অথ'স্স সব্বে সংযোগা অত্থং গচ্ছন্তি জানতো ।২

ব্রাহ্মণ যবে দ্বিবিধ ধর্মে পারদর্শিতা লভে,
বন্ধনরাশি জ্ঞাতসারে তাঁর তখনি ছিন্ন হবে ।২

যস্স পারং অপারং বা পারাপারং ন বিজ্জতি,
বীতদ্দরং বিসংযুত্তং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।৩

পার বা অপার নাহিকো যাঁহার, পারাপার নাহি যাঁর
বিগত দুঃখ, মুক্ত বাঁধন—ব্রাহ্মণ নাম তাঁর ।৩

ঝায়িং বিরজমাসীনং কতকিচ্চং অনাসবং,
উত্তমত্থং অনুপ্পত্তং তম্‌হং ব্রূমি ব্রাহ্মণং ।৪

ধ্যানরত যিনি রজোগুণহীন, কৃতকাম, একাচারী,
অর্হত্ত্বলভি আস্রবহীন, ব্রাহ্মণ নাম তাঁরই ।৪

দিবা তপতি আদিচ্চো রত্তিং আভাতি চন্দিমা,
সন্নদ্ধো খত্তিয়ো তপতি ঝায়ী তপতি ব্রাহ্মনো,
অথ সব্বমহোরত্তিং বুদ্ধো তপতি তেজসা ।৫

আদিত্য যথা প্রোজ্জ্বল দিনে, নিশিথে চন্দ্র ভাতে,
নৃপ শোভা পায় বর্ম পরিয়া অস্ত্র-শস্ত্র হাতে ;
ধ্যানে ব্রাহ্মণ আলোকিত হন, তথাগত মহামতি,
আপনার বলে দিবস-রজনী প্রদীপ্ত তাঁর জ্যোতি ॥৫

বাহিতপাপো'তি ব্রাহ্মণো,
সমচরিয়া সমণো'তি বুচ্চতি
পব্বাজয়মত্তনো মলং,
তস্মা পব্বজিতো'তি বুচ্চতি ।৬

পাপরাশি হতে মুক্ত যে জন, তাঁরে ব্রাহ্মণ বলে,
শ্রমণ সে হয়, শমাচারী যেবা সংযম মানি চলে ।
মালিন্য যাঁর নাহি অন্তরে, সদা নির্মল যিনি,
সংসার মাঝে প্রব্রজিত নামে পরিচিত হন তিনি ॥৬

ন ব্রাহ্মণস্স পহরেয্য না'স্স মুঞ্চেথ ব্রাহ্মণো,
ধী ব্রাহ্মণস্স হন্তারং ততো ধী যস্স মুঞ্চতি ।৭

ব্রাহ্মণে কভু না কর প্রহার, না করেন তিনি ক্রোধ,
ধিক্ সে দুষ্ট আঘাতকারীরে, নাহি যার কোনো বোধ ।
ততোধিক ধিক্ অপরাধী 'পরে রুষ্ট যে জন হয়,
অপগত-ক্রোধ ব্রাহ্মণ করে সর্ব দুঃখ জয় ॥৭

ন ব্রাহ্মণস্সেতদকিঞ্চি সেয়্যো,
যদা নিসেধো মনসো পিয়েহি,
যতো যতো হিংসমনো নিবত্ততি
ততো ততো সম্মতিমেব দুক্খং ।৮

প্রিয়বস্তুর লাভ-ইচ্ছায় নিবৃত্ত হলে মন,
তাঁরি লাগি শ্রেয় এই বিমুখতা—ব্রাহ্মণ যেই জন।
নিবৃত্তি হতে বিদূরিত হয় চিত্তে হিংসা-গ্লানি,
উপশম আনে সর্ব দুঃখে—নিশ্চিত ইহা জানি ॥৮

যস্স কায়েন বাচায় মনসা নত্থি দুক্কতং,
সংবুতং তীহি ঠানেহি তমহং ব্রূমি ব্রাহ্মণং ।৯

কায়-মন-বাক্ তিনে সংযত, দুষ্কৃতিহীন যিনি
সুকর্মে রত, ব্রাহ্মণ বলি পরিচিত হন তিনি ।৯

যম্হা ধম্মং বিজানেয্য সম্মাসম্বুদ্ধদেসিতং,
সক্কচ্চং তং নমস্সেয্য অগ্‌গিহুত্তং'ব ব্রাহ্মণো ।১০

সম্যক্‌সম্বুদ্ধ—ধর্ম উপদেশ দেন যিনি,
অগ্নিহোত্রী ব্রাহ্মণসম শ্রদ্ধাভাজন তিনি ।১০

ন জটাহি ন গোত্তেন ন জচ্চা হোতি ব্রাহ্মণো,
যম্‌হি সচ্চঞ্চ ধম্মো চ সো সুচী সো চ ব্রাহ্মণো ।১১

জটা ও গোত্র কিংবা জাতিতে ব্রাহ্মণ নাহি হয়,
প্রতিষ্ঠা যাঁর সত্য-ধর্মে, তাঁরে ব্রাহ্মণ কয় ।১১

কিং তে জটাহি দুম্মেধ, কিং তে অজিনসাটিয়া,
অব্ভন্তরং তে গহণং বাহিরং পরিমজ্জসি ।১২

কী লাভ পরিয়া মৃগের চর্ম, কী লাভ ধরিয়া জটা,
ভরা আছে বিষ অন্তরে তব, বৃথা বাহিরের ঘটা ।১২

পংসুকূলধরং জন্তুং কিসং ধমনিসন্থতং,
একং বনস্মিং ঝায়ন্তং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।১৩

বসন যাঁহার ধূলায় মলিন, দেহ কঙ্কালসার,
নির্জন বনে ধ্যানরত যিনি, ব্রাহ্মণ নাম তাঁর ।১৩

ন চা'হং ব্রাহ্মণং ব্রূমি যোনিজং মত্তিসম্ভবং,
'ভো'বাদি নাম সো হোতি সচে হোতি সকিঞ্চনো।
অকিঞ্চনং অনাদানং তমহং ব্রূমি ব্রাহ্মণং।১৪

ব্রাহ্মণকুলে জন্ম যাহার, মাতা যার ব্রাহ্মণী,
পাপ যার মনে, কভু সেইজনে ব্রাহ্মণ নাহি গণি।
আসক্তিহীন কলুষশূন্য যে জন সতত থাকে,
অবিদ্যারাশি বিদূরিত যাঁর, ব্রাহ্মণ বলি তাঁকে॥১৪

সব্বসংযোজনং ছেত্বা যো বে ন পরিতস্সতি,
সঙ্গাতিগং বিসংযুত্তং তমহং ব্রূমি ব্রাহ্মণং।১৫

ছিন্ন যাঁহার বন্ধনরাশি শঙ্কাশূন্য চিত,
আসক্তিহীন, ব্রাহ্মণ নামে তিনি হন পরিচিত।১৫

ছেত্বা নন্ধিং বরত্তঞ্চ সন্দামং সহন্বক্কমং,
উক্খিত্তপলিঘং বুদ্ধং তমহং ব্রূমি ব্রাহ্মণং।১৬

তৃষ্ণা বর্জি, পরিতাপ ক্রোধ মিথ্যাদৃষ্টি ছাড়ি,
অবিদ্যা ভেদি বুদ্ধি বিকাশে—ব্রাহ্মণ নাম তাঁর-ই।১৬

অক্কোসং বধবন্ধঞ্চ অদুট্‌ঠো যো তিতিক্‌খতি,
খন্তীবলং বলানীকং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।১৭

সহিষ্ণু যিনি, বধ-আক্রোশ-বন্ধন আদি সহি,
ক্ষমাগুণধারী, ক্ষমার আধার, তাঁরে ব্রাহ্মণ কহি ।১৭

অক্কোধনং বতবন্তং সীলবন্তং অনুস্‌সদং,
দন্তং অন্তিমসারীরং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।১৮

ক্রোধহীন যিনি ব্রতপরায়ণ, শীলবান্, তৃষামুক্ত,
দান্ত, সুধীর, অন্তিমদেহী—ব্রাহ্মণ নামে উক্ত ।১৮

বারি পোক্‌খরপত্তে'ব আরগ্গেরি'ব সাসপো,
যো ন লিম্পতি কামেসু তমহং ব্রূমি ব্রাহ্মণং ।১৯

সূচের মুখেতে সরিষা যেমন, পদ্মপত্রে বারি,
কামনায় যিনি লিপ্ত না হন, ব্রাহ্মণ নাম তাঁর-ই ।১৯

যো দুক্‌খস্‌স পজানাতি ইধে'ব খয়মত্তনো,
পন্নভারং বিসংযুত্তং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।২০

দুঃখ-ক্ষয়ের হেতু যেই জন ইহ জনমেই জানে।
সেই বিমুক্ত ভারহীনে সবে ব্রাহ্মণ বলি মানে।২০

গম্ভীরপঞ্ঞং মেধাবিং মগ্‌গামগ্‌গস্‌স কোবিদং,
উত্তমত্থং অনুপ্পত্তং তমহং ব্রূমি ব্রাহ্মণং।২১

প্রজ্ঞা যাঁহার পূর্ণ-গভীর, স্থবির মেধাবী জন,
শুভাশুভ পথ জ্ঞাত যে অর্হৎ তাঁরে বলি ব্রাহ্মণ।২১

অসংসট্‌ঠং গহট্‌ঠেহি অনাগারেহি চূভয়ং,
অনোকসারিং অপ্পিচ্ছং তমহং ব্রূমি ব্রাহ্মণং।২২

গৃহী বা জনতা এ দুয়ের সাথে শ্লিষ্ট না হন যিনি,
নির্লোভ অতি, আলয়বিহীন—সদ্‌ব্রাহ্মণ তিনি।২২

নিধায় দণ্ডং ভূতেসু তসেসু থাবরেসু চ,
যো ন হন্তি ন ঘাতেতি তমহং ব্রূমি ব্রাহ্মণং।২৩

ত্রস্ত অথবা মুক্ত জীবেরে মারণ-দণ্ড হানি
ন করে আঘাত' হত্যা না করে—তাঁরে ব্রাহ্মণ মানি।২৩

অবিরুদ্ধং বিরুদ্ধেসু অত্তদণ্ডেসু নিব্বুতং,
সাদানেসু অনাদানং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।২৪

বিরোধীগণের মধ্যেতে থাকি অবিরোধী যাঁর মন,
দণ্ডবিধানকারীদের মাঝে সংযত যিনি র'ন,
আসক্ত যত জীবের মাঝারে আসক্তিহীন যিনি,
ব্রাহ্মণ নামে সংসার মাঝে পরিচিত হন তিনি ।২৪

যস্স রাগো চ দোসো চ মানো মক্খো চ পাতিতো,
সাসপোরি'ব আরগ্গা তমহং ব্রূমি ব্রাহ্মণং ।২৫

সূচের উপরে সর্ষপসম রাগ-দ্বেষ-মান যাঁর,
স্খলিত যাঁহার ছল-কপটতা—ব্রাহ্মণ নাম তাঁর ।২৫

অকক্কসং বিঞ্ঞাপনিং গিরং সচ্চং উদীরয়ে,
যায় নাভিসজে কিঞ্চি তমহং ব্রূমি ব্রাহ্মণং ।২৬

কথন যাঁহার নহে কর্কশ, না জাগায় মনে গ্লানি,
প্রজ্ঞা-গভীর সত্যভাষীরে ব্রাহ্মণ বলি মানি ॥২৬

যো'ধ দীঘং বা রস্সং বা অণুং থূলং সুভাসুভং,
লোকে অদিন্নং নাদিয়তি তমহং ব্রূমি ব্রাহ্মণং ।২৭

না করে গ্রহণ কভু যেই জন না-দেওয়া দ্রব্য কারো ;
শুভ বা অশুভ, দীর্ঘ, হ্রস্ব, সূক্ষ্ম, বিপুলতর—
সকল বিষয়ে বাসনাশূন্য, আসক্তিহীন যিনি,
সংসার মাঝে ব্রাহ্মণ নামে অভিহিত হন তিনি ।২৭

আসা যস্স ন বিজ্জন্তি অস্মিং লোকে পরম্হি চ,
নিরাসয়ং বিসংযুত্তং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।২৮

আসক্তি যাঁর লুপ্ত হয়েছে ইহ-পরলোক লাগি,
তিনিই বিশ্বে বন্ধনহীন ব্রাহ্মণ-নাম-ভাগী ॥২৮

যস্সালয়া ন বিজ্জন্তি অঞ্ঞায় অকথংকথী,
অমতোগধং অনুপ্পত্তং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।২৯

নাহি যাঁর তৃষা,, সত্যে জানিয়া যিনি সংশয়মুক্ত,
অমৃতে মগন হন যেই জন, ব্রাহ্মণ নামে উক্ত ॥২৯

যো'ধ পুঞ্ঞঞ্চ পাপঞ্চ উভো সঙ্গং উপচ্চগা,
অসোকং বিরজং সুদ্ধং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।৩০

ইহলোকে পাপ-পুণ্য বর্জি, আসক্তিহীন যিনি,
বর্জিয়া শোক নিষ্পাপ চিত্তে ব্রাহ্মণ হন তিনি ।৩০

চন্দং'ব বিমলং সুদ্ধং বিপ্পসন্নমনাবিলং,
নন্দী-ভব-পরিক্খীণং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।৩১

চন্দ্রের মতো বিমল, শুদ্ধ, প্রসন্ন যাঁর মন,
নন্দি ও ভব ক্ষীণ হল যাঁর, তাঁরে বলি ব্রাহ্মণ ।৩১

যো ইমং পলিপথং দুগ্গং সংসারং মোহমচ্চগা,
তিণ্ণো পারগতো ঝাযী অনেজো অকথংকথী,
অনুপাদায় নিব্বুতো তমহং ব্রূমি ব্রাহ্মণং ।৩২

মুক্তিবিরোধী সংসারমোহ করিয়া উত্তরণ
কলুষশূন্য,—ধ্যানশীল যিনি সংশয়হীন মন,
পারগত যিনি উপাদান-হারা, তাঁরে বলি ব্রাহ্মণ ।৩২

যো'ধ কামে পহত্বান অনাগারো পরিব্বজে,
কাম-ভব-পরিক্‌খীণং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।৩৩

বর্জিত-কাম, কলুষশূন্য প্রব্রজ্যা-পথ যাঁর,
কাম-মোহহীন বিচরণ সদা, ব্রাহ্মণ নাম তাঁর ।৩৩

যো'ধ তণ্‌হং পহত্বান অনাগারো পরিব্বজে,
তণ্‌হা-ভব-পরিক্‌খীণং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।৩৪

বর্জিত-তৃষা, কলুষশূন্য প্রব্রজ্যা-পথ যাঁর,
তৃষাদুখহীন বিচরণ সদা, ব্রাহ্মণ নাম তাঁর ।৩৪

হিত্বা মানুসকং যোগং দিব্বং যোগং উপচ্চগা,
সব্‌বযোগবিসংযুত্তং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।৩৫

মানবিক যোগ অথবা দিব্যযোগে যে বর্জি চলে,
বিযুক্ত যিনি সর্ব-যোগেতে, ব্রাহ্মণ তাঁরে বলে ।৩৫

হিত্বা রতিং চ অরতিং চ সীতিভূতং নিরূপধিং,
সব্বলোকাভিভুং বীরং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।৩৬

রতি ও অরতি বর্জিত যিনি শান্ত পুরুষ ধন্য,
কলুষমুক্ত, সর্ববিজয়ী—ব্রাহ্মণ নামে গণ্য ।৩৬

চুতিং যো বেদি সত্তানং উপপত্তিং চ সব্বসো,
অসত্তং সুগতং বুদ্ধং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।৩৭

চ্যুতি-উদ্ভব জগত মাঝারে জ্ঞাত যিনি সবাকার,
আসক্তিহীন সুগত বুদ্ধ, ব্রাহ্মণ নাম তাঁর ।৩৭

যস্স গতিং ন জানন্তি দেবা গন্ধব্বমানুসা,
খীণাসবং অরহন্তং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।৩৮

দেবতা-মানব-গন্ধর্বেতে—গতি নহে যাঁর জ্ঞাত,
তৃষ্ণামুক্ত সেই সে অর্হৎ— ব্রাহ্মণ নামে খ্যাত ।৩৮

যস্স পুরে চ পচ্ছা চ মজ্ঝে চ নত্থি কিঞ্চনং,
অকিঞ্চনং অনাদানং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।৩৯

সম্মুখে পিছে অথবা মধ্যে রাগাদি যাঁহার বীত,
তৃষ্ণা-লিপ্সা-শূন্য পুরুষ—ব্রাহ্মণ অভিহিত ।৩৯

উসভং পবরং বীরং মহেসিং বিজিতাবিনং,
অনেজং নহাতকং বুদ্ধং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।৪০

বৃষভতুল্য প্রবর যে জন, মহর্ষি, মারজিৎ,
নিষ্পাপ, ধীর, বুদ্ধ তিনি যে ব্রাহ্মণ নিশ্চিত ।৪০

পুব্বেনিবাসং যো বেদি সগ্গাপায়ং চ পস্সতি,
অথো জাতিক্খয়ং পত্তো অভিঞ্ঞাবোসিতো মুনি,
সব্ববোসিতবোসানং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।৪১

দিব্য চোখেতে দেখে যেই জন, স্মৃতি যাঁর উজ্জ্বল,
স্বর্গ-নরক দর্শিয়া নাশে পূর্বজন্মফল,
অভিজ্ঞা যার পূর্ণ, ধর্মে সম্যক্‌রূপে জানি
পূর্ণতা লভে ব্রহ্মচর্যে, তাঁরে ব্রাহ্মণ মানি ।৪১

শব্দার্থ ও টীকা

ধর্মপদ, পালি ভাষায় ধম্মপদ। পদ শব্দ পালিতে বাণী, পথ, সোপান অর্থে প্রচলিত। সেহেতু ধম্মপদের অর্থ ধর্মমূলক কথা, ধর্ম উপলব্ধির উপায় বা সোপান।

যমকবগ্‌গো

শ্লোক ১. পদুট্‌ঠেন—প্রদুষ্টেন। দোষযুক্ত।

বৌদ্ধ শাস্ত্রে ধর্ম বিভিন্ন অর্থজ্ঞাপক। এখানে ধর্মের অর্থ মনের বৃত্তিসকল। মন ব্যতিরেকে ইহারা জন্মিতে পারে না। সেই হিসাবে মন ইহাদের পূর্বগ, অগ্রণী। আবার ইহারা মন দ্বারাই গঠিত, এজন্য মনোময়। মনই ধর্মসমূহের উপর আধিপত্য করে বলিয়া মন তাহাদের অপেক্ষা শ্রেষ্ঠ। সৎ বা অসৎ বৃত্তি, একে অপরকে বাদ দিয়াই উৎপন্ন হইতে পারে, ইহাও স্মরণ রাখা আবশ্যক।

২. **অনপায়িনী ছায়া'ব**—অবিচ্ছিন্না ছায়ার মত। ছায়া যেমন বস্তুকে অনুক্ষণ অনুসরণ করে, সেইরূপ।

বৌদ্ধ শাস্ত্রে 'সুখ' শব্দের বিশেষ বিশেষ অর্থ আছে। এখানে ইহা পূর্বাপর কুশলকর্মের ফল মাত্র। কায়, মন এবং বাক্যের দ্বারা পুণ্য কাজের ফলই সুখ।

৫. **এস ধম্মো সনন্তনো**—এষ ধর্মঃ সনাতনঃ। ইহাই সনাতন ধর্ম, অর্থাৎ পূর্বাপর এই ধর্মই চলিয়া আসিতেছে। ধর্ম এখানে নীতি অর্থে প্রযুক্ত।

৬, **মেধগা**—সর্বকলহাঃ। ইহার ব্যবহার সংস্কৃতে বড় পাওয়া যায় না। পালিতে ইহা 'কলহ' অর্থে ব্যবহৃত।

৭. **কুসীতং**—কুসীদং। অলস। **রুক্খং**—বৃক্ষং। গাছ।

বৌদ্ধ গ্রন্থে 'মার' শব্দ বহুল ব্যবহৃত। রাগ-দ্বেষ-মোহ প্রভৃতি অকুশল মনোবৃত্তি বা রিপুই 'ক্লেশমার'। নতুন নতুন কাজের ফলে পুনর্জন্ম-গঠনকারী পঞ্চস্কন্ধকে (রূপ, বিজ্ঞান, বেদনা, সংজ্ঞা, সংস্কার) 'স্কন্ধমার' বলা হয়। দেবপুত্র 'মার'-ও আছে; ইহার রতি, আরতি ও তৃষ্ণা নাম্নী তিন কন্যা এবং কাম, ক্ষুৎ-পিপাসা-আদি অগণিত সৈন্যসামন্ত কল্পিত হয়।

৮. **অসুভানুপস্সিং**—অশুভং অনুপশ্যন্তং। বাহ্যশোভা

দর্শনে বিরত ; অশুভ ভাবনাকারী। এস্থলে 'অশুভ' শব্দে দেহের মলিনতা, অশুদ্ধি বুঝাইতেছে। মত্তঞ্ঞ্‌ঞ্‌ং—মাত্রাজ্ঞং। পরিমিত ভোজনকারী।

এই দেহ কেশ, লোম, শ্লেষ্মা, বিষ্ঠা ইত্যাদি বত্রিশ অশুচির ভাণ্ড। সাধককে এই জড় দেহের অশুচিতা ও ঘৃণ্য অবস্থা পর্যবেক্ষণ করিতে হয়। সে সম্বন্ধে ভাবনা অর্থাৎ সুশৃঙ্খল চিন্তা হইতেই সাধক দেহের মলিনতা সম্যক উপলব্ধি করিতে পারেন। বিপরীত 'শুভ ভাবনা' অর্থাৎ দেহের বাহ্যশোভা-দর্শন।

৯. **অনিক্কসাবো**—অনিষ্কষায়। কাম-রাগাদি কষায় বা কলুষবৃত্তি-যুক্ত, বৈরাগ্যহীন।

কসাব অর্থে কলুষবৃত্তি, পাপ। অনিক্কসাব অর্থে যাহার পাপ পরিত্যক্ত হয় নাই।

১১. **সার**—বৌদ্ধ মতে সার ছয় প্রকার—শীল, সমাধি, প্রজ্ঞা, বিমুক্তি, বিমুক্তিজ্ঞান-দর্শন, পরমার্থ। শেষোক্ত সারই নির্বাণ। **মিচ্ছাসঙ্কপ্‌প**—কাম, ব্যাপাদ, বিহিংসাবিতর্ক ইত্যাদি মিথ্যা-সংকল্প।

১৩. **বুট্‌ঠি**—বৃষ্টি। **সমতিবিজ্‌ঝতি**—সমতিবিধ্যতি।

ভেদ করিয়া প্রবেশ করে। **অভাবিতং চিত্তং**—অভাবিত অর্থাৎ সাধনাবিহীন চিত্ত। **রাগো** অর্থে কাম-দ্বেষ-মোহরূপ আসক্তি।

১৪. পূর্বশ্লোকের অভাবিত শব্দের বিপরীত অর্থ-বোধক 'সুভাবিত' শব্দ। সাধনা দ্বারা চিত্তশুদ্ধি জন্মে, এজন্য রাগাদি আসক্তি মনে প্রবেশ করিতে পারে না।

১৯. **সামঞ্ঞস্স**—শ্রামণ্যস্য। শ্রামণ্য অর্থাৎ বুদ্ধ-শিষ্যত্বের। **সংহিতং**—সংহিতাং। শাস্ত্রবাক্য। **তক্করো**—তৎকরঃ। তদনুযায়ী কার্যকারী।

২০. **ধম্মস্স হোতি অনুধম্মাচারী**—ধর্মাচরণে রত হন, অর্থাৎ শাস্ত্রবাক্য অনুযায়ী নিজের আচার-ব্যবহার পরিচালিত করেন। **সম্মপ্পজানো**—সম্যক প্রজানন্, অর্থাৎ রাগ-দ্বেষ-মোহাদি ত্যাগের ফলে সম্যক্ জ্ঞানলাভ করিয়া। **অনু-পাদিয়ানো**—উপাদান-রহিত, অর্থাৎ (ইহ এবং পরলোক সম্পর্কে) উপাদান বা আসক্তিশূন্য, অনগ্রচিত্ত ব্যক্তি।

অপ্পমাদবগ্গো

১. মচ্চুনো—মৃত্যোঃ। মৃত্যুর।

অপ্পমাদো (অপ্রমাদ) অর্থে স্বকর্তব্যে, সৎকাজে উৎসাহ ও অবিচলিত নিষ্ঠা বোঝায়। সকল কুশলকর্মই অপ্রমাদ দ্বারা সাধিত হয়। সুতরাং অপ্রমত্ত বলিতে যাবতীয় সৎকাজে উৎসাহী ও নিষ্ঠাশীল ব্যক্তিকেই উদ্দেশ্য করা হইয়াছে। অপ্রমত্ত জন নির্বাণ লাভ করিয়া পুনর্জন্ম ও মৃত্যুরহিত হন। এজন্য তাঁহারা অমর। অপর পক্ষে, প্রমত্তেরা মৃততুল্য, কারণ তাঁহারা আত্মশুদ্ধি-সাধনে অক্ষম হইয়া পুনর্জন্ম ও মৃত্যুর অধীন।

২. ঞত্বা—জ্ঞাত্বা। জানিয়া। অরিয়ানং—আর্যানাং। আর্যদের। আর্য-জাতিবিশেষের নাম। বৌদ্ধ ধর্মসাহিত্যে ইহা পূতচরিত্র, বুদ্ধ ও জীবন্মুক্তগণের সাধারণ সংজ্ঞা-রূপে ব্যবহার করা হয়।

৩. ঝায়িনো—ধ্যায়িনঃ। ধ্যাননিষ্ঠ। সাততিকা—সতত চেষ্টাযুক্ত। দল্‌হপরক্কমা—দৃঢ়পরাক্রমাঃ। ফুসন্তি—স্পৃশন্তি। স্পর্শ করেন, প্রাপ্ত হন।

নিব্বাণং অর্থ, তৃষ্ণা হইতে নির্গমন। চিত্তের তৃষ্ণাক্ষয়ের

অবস্থার নাম ক্লেশ (কারণের)-নির্বাণ বা স-উপাধি বিশেষ নির্বাণ। তৃষ্ণামুক্তের মৃত্যু স্কন্ধ (কার্যের)-নির্বাণ বা অনুপাধি-বিশেষ নির্বাণ। বৌদ্ধ সাধনায় ইহাই চরম লক্ষ্য। **যোগক্খেমং** এখানে নির্বাণের গুণবাচক প্রতিশব্দ। **'অনুত্তরং'** এখানে শ্রেষ্ঠ, পরম অর্থাৎ অনতিক্রমনীয় অর্থে।

৪ **নিসম্মকারিনো**—নিশম্যকারিণঃ। যিনি অগ্রপশ্চাৎ ও ভালমন্দ ফলাফল বিবেচনা করিয়া কাজ করেন, অর্থাৎ যিনি অবিমৃষ্যকারী নন।

৫, **ওঘো**—ওঘঃ। জলপ্রবাহ। **দীপং**—দ্বীপং। রক্ষাস্থল অর্থে।

বৌদ্ধ শাস্ত্রে চারিটি 'ওঘ'—কাম, ভব, দৃষ্টি এবং অবিদ্যা। যাহাদের এই চারিটি 'ওঘ' আছে, সংসার-প্রবাহে তাহাদের ভাসাইয়া লইয়া যায়। এই শ্লোকে উল্লিখিত গুণ দ্বারা ব্যক্তি যেন দ্বীপের মধ্যে আশ্রয়প্রাপ্ত হন এবং কোনও আবর্তই তাহাকে ভাসাইয়া নিতে, বিধ্বস্ত করিতে পারে না।

৭. **কামরতিসন্থবং**—কামরতি সংস্তবং। কাম ও রতি-সম্ভোগপরায়ণ। **ঝায়ন্তো**—ধ্যায়ন্। ধ্যানপরায়ণ।

কাম অর্থে কামনা, ইন্দ্রিয়সুখাভিলাষ, তৃষ্ণা। ইহা দুই

প্রকার—১. বস্তুকাম, ২. ক্লেশকাম। রূপ-শব্দ-গন্ধ-রস-স্পর্শ প্রভৃতি বস্তুকাম; এবং ইহাদের প্রতি রাগ-দ্বেষাদি রিপুসমূহ ক্লেশকাম।

৮. **পঞ্‌ঞাপাসাদমারুয্‌হ**—প্রজ্ঞাপ্রাসাদম্ আরুহ্য। প্রজ্ঞারূপ উচ্চ প্রাসাদে আরোহণ করিয়া। **সোকিণীং**—শোকসন্তপ্ত। **বালে**—বালাঃ। অজ্ঞ, মূর্খ।

১১. **সঞ্‌ঞোজনঃ**—সংসার-বন্ধন অর্থে, সংযোজন। বৌদ্ধ শাস্ত্র মতে সৎকায়-দৃষ্টি, বিচিকিৎসা, শীলব্রত-পরামর্শ, কামরাগ, ব্যাপাদ—ইহারা নিম্নজাতীয় এবং রূপরাগ, অরূপ-রাগ, মান, ঔদ্ধত্য ও অবিদ্যা ইহারা উর্দ্ধজাতীয় মনোবৃত্তি। এই সকল মনোবৃত্তিই মানুষে বিদ্যমান থাকিয়া মানুষকে সংসার-চক্রে বন্ধন করে।

চিত্তবগ্‌গো

১. **ফন্দনং**—স্পন্দনং। স্পন্দনশীল। **উজুং**—ঋজং। সরল। **উসুকারো**—ইষুকারঃ। তীরনির্ম্মাতা। **তেজনং**—তীরের ফলা।

২. **বারিজো**—বারিজঃ। মৎস্য। **ওকমোকতো**—উদকৌকত। জল হইতে। **মারধেয্যং**—মারধেয়ং। মারের রাজ্য। মারের রাজ্য অর্থে ক্লেশবৃত্ত, অর্থাৎ অবিদ্যা-তৃষ্ণা-উপাদান।

৫. **গুহাসয়ং**—হৃদয়রূপ গুহাশায়ী। মারবন্ধন হইতে অর্থাৎ কাম, রূপ ও অরূপ—কামের এই ত্রিলোক-বন্ধনাগার হইতে।

৭. **অনবস্সুত**—অনবশ্রুত। অনাসক্ত। **অনন্বাহত-চেতসো**—রাগদ্বেষাদি দ্বারা কখনও বিচলিত হয় না, অর্থে।

৮. **কুম্ভূপমং**—কুম্ভোপমং। কুম্ভের কলসীর মত (ভঙ্গুর)। **নগরূপমং**—নগরোপমং। নগর-দুর্গের মত (সুরক্ষিত)। **পঞ্ঞাবুধেন**—প্রজ্ঞায়ুধেন। প্রজ্ঞারূপ অস্ত্র দ্বারা। **অনিবেসনো**—অনিবেশনঃ। অনাসক্ত।

৯. **অপেতোবিঞ্ঞাণো**—অপেতবিজ্ঞানঃ। বিজ্ঞান অর্থাৎ চেতনা-হীন। **কলিঙ্গরং**—কাষ্ঠখণ্ড। ইহার সংস্কৃত প্রতিশব্দ পাওয়া যায় না। বুদ্ধঘোষ ইহার পালি-অর্থ কট্ঠখণ্ডং করিয়াছেন।

১০. **মিচ্ছাপণিহিতং**—মিথ্যাপ্রণিহিতং। অসত্যনিষ্ঠ, সুতরাং বিপথগামী।

১১. **সেয্যসো**—শ্রেয়াংসং। উপকার।

সত্যনিষ্ঠ, সুতরাং সম্যকৃপরিচালিত চিত্ত অর্থাৎ দান, শীল, ভাবনা, সম্মান, সেবা, পুণ্যদান, পুণ্যানুমোদন, ধর্মশ্রবণ, ধর্মপ্রচার ও সম্যকদৃষ্টি—এই দশ কুশলকর্মে নিযুক্ত চিত্ত মনুষ্যের যে অতুলনীয় উপকার সাধন করিতে পারে, মাতাপিতা বা আত্মীয়দের পক্ষেও তদ্রূপ সম্ভবে না।

পুপ্ফবগ্গো

১. **পঠবিং**—পৃথিবীং। পৃথিবী। **সদেবকং**—দেবলোক। **পচেস্‌সতি**—প্রচেষ্যতি। চয়ন করিবে, অবগত হইবে।

এই শ্লোকে পৃথিবী রূপকার্থে প্রযুক্ত। এই জীবনরূপ পৃথিবী অর্থাৎ নিজেকে জয় করিবে, এই অর্থে।

২. কুশলী মালাকার ম্লান, কীটদষ্ট ফুল না লইয়া যেমন অম্লান শোভন সুবিকশিত ফুল আহরণ করে, তেমনি

শিক্ষার্থীও প্রজ্ঞা দ্বারা ধর্মপদ নির্বাচন করিবেন। বৌদ্ধ শাস্ত্রে "সেখো" (শিক্ষার্থী) বিশেষ অর্থে ব্যবহৃত হয়। অধিশীল, অধিচিত্ত, অধিপ্রজ্ঞা এই তিন রকম শিক্ষালাভে যিনি প্রযত্নবান, তিনিই শিক্ষার্থী। পদার্থের উদয়-বিলয় যে অবশ্যম্ভাবী ইহা তিনি উপলব্ধি করেন, অর্হতের শিক্ষা সমাপ্ত হয়; তিনি তখন অ-'সেখো'।

৩. **অভিসম্বুধানো**—বিবেচক, সম্যক্ উপলব্ধিকারী।

মরীচিকার ধর্ম, মিথ্যা-রূপ প্রকাশ। সেইরূপ, এই শোভন-দৃষ্ট দেহও প্রকৃতপক্ষে সারহীন, মিথ্যা। **ফেণুপমং** বলিতে ফেনার মত ক্ষণস্থায়িত্ব বুঝাইতেছে। **মারসস পপুপ্ফকানি ছেত্বান্**—অর্থাৎ মারের পঞ্চশর, পঞ্চকামে অনাসক্ত হইয়া।

৪,৫. **অতিত্তং**—অতৃপ্তং। বাসনার তৃপ্তি না আসিতেই। **অন্তকো**—মৃত্যু।

বন্যা অকস্মাৎ আসিয়া সুপ্ত গ্রামকে ভাসাইয়া নেয়। তেমনি কামনারূপ ফুল-চয়নে রত, আসক্তিপূর্ণ মানুষকে তাহার কোনো কামনা-বাসনার তৃপ্তি না হইতেই মৃত্যু অকস্মাৎ গ্রাস করে।

৬. **অহেঠয়ং**—বিনষ্ট না করিয়া।

৭. **বিলোমানি**—ত্রুটি। বুদ্ধঘোষ ইহার অর্থ করিয়াছেন, মর্মচ্ছেদী পরুষ বাক্য।

১০. **পুপ্ফরাসিম্হা**—পুষ্পরাশেঃ। রাশিকৃত পুষ্প। **মচ্চেন**—মর্ত্যেন (জাতেন)—মর্ত্যবাসীগণ দ্বারা।

১১. **পটিবাতমেতি**—প্রতিবাতমেতি। বায়ুর বিপরীতে যায়।

১২. **বস্সিকী**—বার্ষিকী। চামেলি, মল্লিকা-জাতীয় পুষ্প। **সীলগন্ধো**—সচ্চরিত্রতার গন্ধ, অর্থাৎ যশঃসৌরভ।

১৫. **সংকারধানস্মিং**—সংকারধানে। আবর্জনারাশির মধ্যে। **মহাপথে**—রাজপথে। সংস্কৃতে মহাপথ বলিতে, রাজপথ নহে, মৃত্যু বোঝায়।

১৬. **সংকারভূতেষু**—আবর্জনার মত অপদার্থ লোকের মধ্যে। **সম্মাসম্বুদ্ধসাবকো**—সম্যক্সম্বুদ্ধশ্রাবকঃ। বুদ্ধদেব হইলেন সম্যক্সম্বুদ্ধ। শ্রাবক, যে শ্রবণ করে। সুতরাং এস্থলে অর্থ হইবে তথাগত বুদ্ধের শিষ্য।

শিক্ষার্থীও প্রজ্ঞা দ্বারা ধর্মপদ নির্বাচন করিবেন। বৌদ্ধ শাস্ত্রে "সেখো" (শিক্ষার্থী) বিশেষ অর্থে ব্যবহৃত হয়। অধিশীল, অধিচিত্ত, অধিপ্রজ্ঞা এই তিন রকম শিক্ষালাভে যিনি প্রযত্নবান, তিনিই শিক্ষার্থী। পদার্থের উদয়-বিলয় যে অবশ্যম্ভাবী ইহা তিনি উপলব্ধি করেন, অর্হতের শিক্ষা সমাপ্ত হয়; তিনি তখন অ-'সেখো'।

৩. **অভিসম্বুধানো**—বিবেচক, সম্যক্ উপলব্ধিকারী।

মরীচিকার ধর্ম, মিথ্যা-রূপ প্রকাশ। সেইরূপ, এই শোভন-দৃষ্ট দেহও প্রকৃতপক্ষে সারহীন, মিথ্যা। **ফেণূপমং** বলিতে ফেনার মত ক্ষণস্থায়িত্ব বুঝাইতেছে। **মারসস পপুপ্ফকানি ছেত্বান্**—অর্থাৎ মারের পঞ্চশর, পঞ্চকামে অনাসক্ত হইয়া।

৪,৫. **অতিত্তং**—অতৃপ্তং। বাসনার তৃপ্তি না আসিতেই। **অন্তকো**—মৃত্যু।

বন্যা অকস্মাৎ আসিয়া সুপ্ত গ্রামকে ভাসাইয়া নেয়। তেমনি কামনারূপ ফুল-চয়নে রত, আসক্তিপূর্ণ মানুষকে তাহার কোনো কামনা-বাসনার তৃপ্তি না হইতেই মৃত্যু অকস্মাৎ গ্রাস করে।

৬. **অহেঠয়ং**—বিনষ্ট না করিয়া।

৭. **বিলোমানি**—ক্রটি। বুদ্ধঘোষ ইহার অর্থ করিয়াছেন, মর্মচ্ছেদী পরুষ বাক্য।

১০. **পুপ্‌ফরাসিম্‌হা**—পুষ্পরাশেঃ। রাশিকৃত পুষ্প। **মচ্চেন**—মর্ত্যেন (জাতেন)—মর্ত্যবাসীগণ দ্বারা।

১১. **পটিবাতমেতি**—প্রতিবাতমেতি। বায়ুর বিপরীতে যায়।

১২. **বস্‌সিকী**—বার্ষিকী। চামেলি, মল্লিকা-জাতীয় পুষ্প। **সীলগন্ধো**—সচ্চরিত্রতার গন্ধ, অর্থাৎ যশঃসৌরভ।

১৫. **সংকারধানস্মিং**—সংকারধানে। আবর্জনারাশির মধ্যে। **মহাপথে**—রাজপথে। সংস্কৃতে মহাপথ বলিতে, রাজপথ নহে, মৃত্যু বোঝায়।

১৬. **সংকারভূতেষু**—আবর্জনার মত অপদার্থ লোকের মধ্যে। **সম্মাসম্বুদ্ধসাবকো**—সম্যক্‌সম্বুদ্ধশ্রাবকঃ। বুদ্ধদেব হইলেন সম্যক্‌সম্বুদ্ধ। শ্রাবক, যে শ্রবণ করে। সুতরাং এস্থলে অর্থ হইবে তথাগত বুদ্ধের শিষ্য।

বালবগ্গো

১-২. **সন্তস্স**—শ্রান্তস্য, পরিশ্রান্ত ব্যক্তির। **সদ্ধম্মং**—সদ্ধর্মং। সত্যধর্ম; বৌদ্ধ শাস্ত্রানুযায়ী বোধিলাভের অনুকূল সাঁইত্রিশটি ধর্মনীতি। **একচরিয়ং**—একচর্যং। একাকী ভ্রমণ।

৩. **পুত্তমত্থি**—পুত্র মে অস্তি। আমার পুত্র আছে। **বিহঞ্ঞতি**—বিহন্যতে। বিনষ্ট হয়।

৪. **মঞ্ঞতী**—মন্যতে। অবগত আছে। **বাল্যং**—অজ্ঞতা, মূর্খতা।

৫. **পয়িরুপাসতি**—পর্যুপাস্তে। (পণ্ডিতের) সান্নিধ্যে থাকিয়া।

৬. **বিঞ্ঞূ**—বিজ্ঞঃ। বিজ্ঞজন। **ধম্মং**—ধর্ম। সাধুগণের পক্ষে লোকিকোত্তর ধর্ম—মৈত্রী, করুণা, মুদিতা ও উপেক্ষা।

১১. **সংখতধম্মানং**—সংখ্যাতধর্মানাং। যাঁহারা ধর্ম জ্ঞাত আছেন। এই গাথায় বাল অর্থে বুদ্ধের সমকালীন আজীবক ও নিগ্রন্থ সম্প্রদায়ের সন্ন্যাসীকে লক্ষ্য করা হইয়াছে। দৈহিক তীব্র কৃচ্ছ্রসাধনাই এই সম্প্রদায়ের সাধনার অঙ্গ।

১৬. **বিবেকমনুব্রূহয়ে**—বিবেকম্ অনুবৃংহয়েৎ। বিবেক অবলম্বন করিয়া বিহার করেন।

বিবেক অর্থে সদসৎ-বিচার। বৌদ্ধ শাস্ত্র মতে বিবেক বিশেষ অর্থে ব্যবহৃত হয়। বিবেক তিন প্রকার—১. কায়-বিবেক—কায়-বর্জন, লোকালয় হইতে দূরে বাস। ২. চিত্ত-বিবেক—চিত্তের ক্লেশবর্জন। ৩. উপাধি-বিবেক—সংস্কার-বর্জন, নির্বাণ। এই ত্রিবিধ বিবেক পরস্পরের পরিপূরক ও পরিপোষক।

পণ্ডিতবগ্গো

১. **নিগ্গয্হবাদিং**—নিগৃহ্যবাদিনং। যিনি দোষ দেখিলে তাহার প্রশ্রয় না দিয়া তিরস্কার করেন, তাকে।

২. **ওবদেয্য**—অববদেৎ। তিরস্কার করিবে। **অসব্ভা**—অসভ্যাৎ। অন্যায় আচরণ হইতে। 'অসব্ভা'র মূল অর্থ অসভ্য।

৪. **অরিয়প্পবেদিতে**—আর্যপ্রবেদিতে। আর্যগণ কর্তৃক প্রদর্শিত।

১০. **নেত্তিকা**—নেতৃকাঃ। পূর্তকার। **তচ্ছকা**—তক্ষকাঃ। তক্ষণাশিল্পী, সূত্রধর।

১১. **পারমেস্‌সন্তি মচ্চুধেয্যং সুদুত্তরং**—দুরতিক্রম্য মৃত্যু (যম) রাজ্যের অধিকার উত্তীর্ণ হইয়া পরপারে গমন করিবেন অর্থাৎ জন্মমৃত্যু-রহিত নির্বাণ লাভ করিবেন।

১২. **কণ্‌হংধম্মং**—কৃষ্ণং ধর্মং। অকুশল ধর্ম, মন্দ আচার; 'সংশয়ের দুঃখময় জীবন' অর্থও করা হয়। **সুক্কং-ধম্মং**—শুক্লং ধর্মং। সদাচার। 'প্রব্রজ্যা লইয়া বৈরাগ্যপূর্ণ জীবন' অর্থও করা হয়। **ওকা-অনোকং আগম্ম**—গৃহ হইতে (ওকা) গৃহহীন হইয়া।

১৩. **পরিয়োদপেয্য … চিত্তক্লেসেহি** — চিত্তক্লেশ হইতে আপনাকে (অত্তানং) পরিশুদ্ধ করিবেন।

১৪. **আদান-পটিনিস্‌সগ্‌গে**—আদান প্রতিনিঃসর্গে। উপাদান-রহিত হইয়া, অর্থাৎ অনাসক্ত হইয়া। **সম্বোধি অঙ্গেসু**—বোধি-জ্ঞানে। বোধির সাতটি অঙ্গ—স্মৃতি, ধর্মবিচয় (প্রজ্ঞা), বীর্য, প্রীতি, প্রশান্তি, সমাধি ও উপেক্ষা।

অরহন্তোবগ্‌গো

১. **গতদ্ধিনো**—গতাধ্বনঃ। যাহার পথ চলা শেষ হইয়াছে। **পরিলাহো**—পরিদাহঃ। দুঃখ। **সব্বধি**—সর্বথা। সর্বপ্রকারে।

২. **সতিমন্তো**—স্মৃতিমন্তঃ। একাগ্রচিত্ত।

৩. **সন্নিচয়ো**—সঞ্চয়। ইহা দুই প্রকার—১. ভোগ-সম্পত্তি ২. কুশলাকুশল কর্ম। **পরিঞ্ঞাতভোজনা**—পরিজ্ঞাতভোজনাঃ। আহার ও আহার্য সম্পর্কে যথার্থ জ্ঞানযুক্ত।

সুঞ্ঞতো অনিমিত্তো চ বিমোক্‌খো—শূন্যতা অর্থে রাগ-দ্বেষ-মোহের অভাব। 'সর্বধর্ম অনাত্মা' ভাবনা দ্বারা সাধকের আত্মাভিনিবেশ পরিত্যক্ত হয়। এই উপায়ে নির্বাণ প্রত্যক্ষকারীর উদ্ভাবিত মার্গশূন্যতাই (signlessness) বিমোক্ষ। নিগুর্ণ সাধক 'সর্বসংস্কার অনিত্য' এই ভাবনা দ্বারা নিত্যাদি ভাবনা তিরোহিত করেন। এই উপায়ে নির্বাণ-প্রত্যক্ষকারীর উদ্ভাবিত মার্গই অনিমিত্ত-বিমোক্ষ।

৪. **যস্‌সা'সবা**—যস্য-আশ্রবাঃ। (যাহার) আশ্রব

অর্থাৎ কাম, ভব, দৃষ্টি ও অবিদ্যা-দোষ বা কলুষ। আসব হইতেই সংসার-দুঃখ প্রসূত হয়।

৬. **পঠবী সমো ইন্দখীলূপমো**—পৃথিবীর মত ধৈর্যশীল ও ইন্দ্রস্তম্ভের মত দৃঢ়, এই অর্থে। যে স্তম্ভ আকার ও উচ্চতায় সর্বশ্রেষ্ঠ তাহাই ইন্দ্রখীল বা ইন্দ্রস্তম্ভ।

৮. **অস্‌সদ্ধো**—অশ্রদ্ধ। 'শ্রদ্ধা' বলিতে সাধারণত ধর্মাদিতে বিশ্বাস বুঝায়। কিন্তু এখানে শ্রদ্ধা দ্বারা যে কোনো বিষয়ে বিশ্বাস স্থাপন করা বুঝাইতেছে। এস্থলে শ্রদ্ধা অর্থ অস্থিরমতিত্ব, সুতরাং শ্রদ্ধার বিপরীত অশ্রদ্ধ অর্থ স্থিরবুদ্ধি। **অকতঞ্ঞূ**—অকৃতজ্ঞ—যাহা কাহারও দ্বারা কৃত হয় নাই এই বিশেষ অর্থে অনন্তকাল-স্থায়ী নির্বাণ। **সন্ধিচ্ছেদো**—সন্ধি শব্দের বন্ধ অর্থে বন্ধনচ্ছেদ। বুদ্ধঘোষ সন্ধি অর্থ সংসার-সন্ধি, সংসারে পুনরাবর্তন, পুনর্জন্ম বলিয়াছেন। **হতাবকাশো**—যাহার পাপপুণ্য ভালমন্দ সকল প্রকার কার্যোৎপত্তির অবকাশ (সুযোগ) হইয়াছে।

সহস্সবগ্গো

১. অত্থপদং—বৌদ্ধধর্মচারীদিগের পক্ষে নির্বাণবিষয়ক বাক্য, অর্থাৎ স্কন্ধ, ধাতু, আয়তন, ইন্দ্রিয়, বল, বোধ্যঙ্গ ইত্যাদি পরিদীপক বাক্যসমূহই অর্থপূর্ণ।

৭. ভাবিতত্তানং—অবিদ্যমান কুশলের উৎপাদন এবং বিদ্যমান কুশলের রক্ষণ ও সংগঠনই ভাবনা। ইহারই নামান্তর সাধনা। একাগ্র মনে পুনঃ পুনঃ চিন্তা দ্বারা এই সাধনা করিতে হয়। 'ভাবিতাত্মা' বলিতে যিনি চিত্তকে ভাবনা দ্বারা সুগঠিত করিয়া ক্লেশমুক্ত হইয়াছেন তাঁহাকে বুঝায়।

৯. উজ্জুগতেসু—ঋজুগতেষু। সরলপ্রকৃতি সাধুগণের। বৌদ্ধদিগের পক্ষে নির্বাণের ঋজু, সরল পথ অষ্টাঙ্গিক সাধন। এই পথে প্রতিপন্ন জীবন্মুক্তগণ ঋজুগত।

১৪. উদয়—উৎপত্তি, আরম্ভ, বৃদ্ধি। ব্যয়—হ্রাস, বিলয়। এই উদয়-ব্যয়-অনুশীলনেই পঞ্চস্কন্ধের অনিত্যতা ও ক্ষণভঙ্গুরত্ব উপলব্ধি হয়। ইহা অনিমিত্ত বিমোক্ষের উপায়।

পাপবগ্গো

১. দন্ধং—তন্দ্রিতং। তন্দ্রাযুক্ত অলসের মত।

২. ছন্দং—রুচি অর্থে ; আসক্তি।

৪. ন পচ্চতি—ন পচ্যতে। পাকে না, পূর্ণ হয় না।

১০. অনঙ্গণস্‌স—অনঙ্গনায়। নির্মল (রাগ-দ্বেষ ও মোহ-কলুষ হইতে মুক্ত, অর্থে)।

দণ্ডবগ্‌গো

৫. সারম্ভকথা—সংরম্ভ কথা। ক্রুদ্ধ বাক্য। পটিদণ্ডা—প্রতিদণ্ডাঃ। দণ্ডের প্রতিদণ্ড, প্রত্যুত্তর।

৬. ফুসেয্যু—স্পৃশেয়ুঃ। স্পর্শ করিবে। নেরেসি—ন ঈরয়সি। শব্দিত করিবে না।

৭. পাচেতি—প্রাজয়তি। তাড়াইয়া নেয়।

৯-১১. দসন্নমঞ্ঞতরং—দশানাম অন্যতরং। দশবিধ গতির অন্যতর। জানিং—জ্যানিং। হানি, নাশ। গরুকং আবাধং—কঠিন ব্যাধি। উপসগ্‌গং—উপসর্গং। বধবন্ধনাদি রাজদণ্ড। অব্ভক্খানং—অভ্যাখ্যানং। অপবাদ, কলঙ্ক; রাজার আদেশে যশোলোপ, অর্থে।

১৩. থণ্ডিলসায়িকা—স্থণ্ডিল-শায়িকা। স্থণ্ডিল (যজ্ঞ)-ভূমিতে শয়ন। উক্কুটিকপ্পধানং—উৎকুটিকপ্রধানং। উৎ-কুটিক, পদযুগের উপর ভর দিয়া উপবেশন; ইহা যোগমার্গের আসন-বিশেষ।

১৫. **হিরীনিসেধো**—হ্রীনিষেধঃ। হ্রী বা লজ্জা যাহার বাঁধন স্বরূপ।

১৬. **অনপ্‌পকং**—অনল্পকং। অপরিমেয়। **আতাপিনো**—উদ্যোগী। **অনপ্‌পকং**—বিপুল, প্রচুর পরিমাণ। **পহস্‌সথ**—প্রহাস্যথ। জয় করিবে, অতিক্রম করিবে, অর্থে। **বিজ্জাচরণা**—বিদ্যা ও আচরণ। বিদ্যা তিন প্রকার—১. পূর্বজন্মের স্মৃতি ২. সত্ত্বগণের জন্ম-মৃত্যুকাল-জ্ঞান ৩. নিজের আস্রব (কলুষ)-ক্ষয়জ্ঞান। আচরণ—ইন্দ্রিয়-সংযম, ভোজনে মাত্রাজ্ঞান, জাগ্রত সাধনা ইত্যাদি সদাচার।

জরাবগ্‌গো

১. **ওনদ্ধা**—অবনদ্ধা। আবৃত। **ন গবেস্‌সথ**—ন গবেষতঃ। অনুসন্ধান করিতেছ না। **পজ্‌জলিতে সতি**—রাগ-দ্বেষ-আদি একাদশ প্রকার অগ্নি দ্বারা প্রজ্জ্বলিত হইয়া। **অন্ধকারেন ওনদ্ধা**—অবিদ্যারূপ অন্ধকারে আবৃত থাকিয়া।

২. **অরুকায়ং**—অরু, ব্রণ বা ক্ষতসমূহ দ্বারা পরিপূরিত।

৫. **মক্‌খো**—ম্রক্ষঃ। কাপট্য, বিদ্বেষ।

৬. **সতঞ্চো ধম্মো**—আর্যগণের অধিগত নবলোকোত্তর

ধর্ম (অবস্থা)—চারিমার্গ, চারিফল ও নির্বাণ ; অথবা সাধু-দিগের লোকিত ধর্ম—মৈত্রী, করুণা, মুদিতা, উপেক্ষা—ইহা কখনো জরায় উপনীত হয় না, হ্রাস পায় না।

৭. **অপ্পস্সুতো**—অল্পশ্রুতঃ। অল্পজ্ঞানসম্পন্ন। **জীরতি**—জীর্যতি। বৃদ্ধ হইতে থাকে।

৮-৯. **অনেকজাতিসংসারং**—জন্ম হইতে জন্মান্তর দ্বারা সংসারে বহুবার গতায়াতকারী।

বোধিবৃক্ষমূলে বুদ্ধত্ব প্রাপ্তির অব্যবহিত পরে এই 'উদান' ভগবান তথাগত উচ্চারণ করিয়াছিলেন। পরে কোনো সময়ে মহাস্থবির আনন্দ কর্তৃক জিজ্ঞাসিত হইয়া তিনি আবার ইহা উচ্চারণ করেন।—তৃষ্ণাই মানুষের বার বার জন্মগ্রহণ, দেহধারণ ও দুঃখের হেতু। তৃষ্ণা ক্ষয় হইলে পুনর্জন্ম, দেহধারণ ও দুঃখের বিলয় ঘটে, অর্থাৎ নির্বাণলাভ হয়। উপমাত্মক এই গাথা। গৃহ = দেহ, গৃহকারক = তৃষ্ণা, সংসার = পুনঃ পুনঃ জন্ম গ্রহণ, সংস্কার = প্রবৃত্তি। **বিসংখারগতং**—আসক্তিযুক্ত প্রবৃত্তিহীন, সংস্কারমুক্ত।

অত্তবগ্গো

১. **জঞ্ঞা**—জানীয়াৎ। জানিবে। **তিণ্ণমঞ্ঞতরং**—(যামং)—ত্রয়াণাম্ অন্যতমং (যামং)। অন্তত এক (যাম)।

তিণ্ণমঞ্ঞতরং যামং পটিজগ্গেয্য—জীবনের অন্ততঃ এক তৃতীয়াংশ আত্মরক্ষায় সজাগ থাকিবে। ইহা আত্মাকে কুশল-কার্য (সৎকর্ম, দান ও শীল-ভাবনার) দ্বারা প্রতিপোষণ করিতে হইবে।

৪. **অত্তনো নাথো**—নিজেই নিজের উত্তম ত্রাণকর্তা, আশ্রয় এবং প্রতিষ্ঠা। বৌদ্ধমাত্রেই বুদ্ধ, ধর্ম ও সংঘের অর্থাৎ শিক্ষক, শিক্ষা এবং শিক্ষাব্রতীর (জীবন্মুক্ত আর্যগণের) শরণ লন। এই ত্রিরত্ন বৌদ্ধদের জীবন-অবলম্বন। কিন্তু মুক্তি—নির্বাণ-প্রতিষ্ঠা নির্ভর করে প্রত্যেকের নিজের উপর।

৫. **বস্মময়ং**—অশ্মময়ং। প্রস্তরময়।

৬. **ওততং**—অবততং। বেষ্টিত।

৮. **পটিক্কোসতি**—প্রতিক্রুশ্যতি। শাসন অবজ্ঞা করে। **অত্তঘঞ্ঞায়**—আত্মহত্যায়ৈ। নিজের নাশের জন্য।

৯-১০. **পচ্চত্তং**—প্রত্যাত্মং। আত্মনিষ্ঠ। **অত্তদত্থ**—আত্মার্থ। আত্মকল্যাণে এই গাথাটি কর্মস্থান-ভাবনা উপলক্ষ্যে

কথিত। পরের আবশ্যক কর্ম হইলেও, যোগাচারী ভিক্ষুর পক্ষে নিজের ধ্যান-ধারণা ছাড়িয়া ঐ কাজে যাওয়া সঙ্গত নহে। যদি কিছুকাল ধ্যান-ধারণার পর মার্গফলাদির সাক্ষাৎ লাভ না ঘটে, তবে অপরের কার্যানুরোধে ধ্যান পরিত্যাগ করা অনুচিত। পরন্তু, বিশেষ দৃঢ়তার সঙ্গে তাহাতে নিযুক্ত থাকাই কর্ত্তব্য। এই স্থলে 'স্বার্থ' শব্দে ধ্যানাদি কুশলকর্ম বুঝাইতেছে।

লোকবগ্‌গো

১. **মিচ্ছাদিট্‌ঠিং**—মিথ্যাদৃষ্টি, অসত্যদর্শন। **লোক-বদ্ধনো**—লোকবর্ধনঃ। সংসারবর্ধক অর্থাৎ পুনর্জন্মবৃদ্ধিকারী।

২. **নপ্‌পমজ্‌জেয্য**—ন প্রমাদ্যেৎ। অলস হইয়া থাকিও না।

৪. **বুব্‌বুলকং**—বুদ্‌বুদকং। বুদ্‌বুদকে।

৭. **পিধীয়তি**—প্রথীয়তে। আবৃত হয়।

৯. **হংসাদিচ্চপথে**—হংস-আদিত্য পথে।

শ্রীমদ্‌ভগবদ্‌গীতায় মুক্তপুরুষকে হংস বলা হইয়াছে। তিনি যেখানে স্বর্গলোকে গমন করেন, আর ফেরেন না, অর্থাৎ আর

পুনর্জন্ম গ্রহণ করেন না। ছান্দোগ্য উপনিষদেও আছে মন কর্মমুক্ত হইলে সূর্যলোক প্রাপ্ত হয়।

১০. **একং ধম্মং অতীতস্স**—একটি শীল বা নীতি লঙ্ঘনকারীর; যে সত্যধর্ম লঙ্ঘন করিয়াছে তার। **বিতিন্ন-পরলোকস্স**—বিতীর্ণপরলোকস্য। পরলোক সম্পর্কে ভয়-রহিত ব্যক্তি।

১১. **কদরিয়া**—কদর্যাঃ। কৃপণব্যক্তিরা। পালিতে কদর্য শব্দের অর্থ কৃপণ। অবশ্য কোনো কোনো স্থলে কদর্য অর্থে মৎসর বা দ্বেষও বুঝায়।

১২. **সোতাপত্তিফলং** — নির্বাণমুখী স্রোত-প্রাপ্তির অবস্থা। তিন রকম 'সংযোজন' সমুচ্ছেদ করিয়া স্রোতাপন্ন হয়। ইহা জীবন্মুক্তের প্রথম স্তর। বৌদ্ধ সাধন-কাণ্ডে চারিটি মার্গ বা পথ নির্দিষ্ট আছে। ১. স্রোতাপত্তি ২. সকৃদাগমন ৩. অনাগমন ৪. অর্হত্ত্ব। প্রথম মার্গে প্রবেশকারী সাতবার, দ্বিতীয়ে প্রবেশকারী একবার, তৃতীয়ে একবারও নয়, চতুর্থে প্রবেশকারীর নির্বাণপ্রাপ্তি ঘটে। এই চারিটি আবার উচ্চতানু-সারে দুই ভাগে বিভক্ত। মার্গ ও ফল। প্রথমটি উহার সাধন-কাল, দ্বিতীয়টি উহার সিদ্ধিপ্রাপ্ত অবস্থা।

বুদ্ধবগ্‌গো

২. অপদং—নিষ্কলুষ, কর্মক্লেশ (রাগদ্বেষাদি রিপু)-বিমুক্ত। এই 'অপদ' বুদ্ধকে কোন্ উপায়ে (পদ) বিচলিত করিবে? যাহার রাগাদি উপাদানের একটিমাত্র 'পদ' বা অবস্থাও বর্তমান আছে, তাহাকেই বিচলিত করা চলে। কিন্তু বুদ্ধের তথাবিধ এক 'পদ'ও মাত্র অবশিষ্ট নাই; সুতরাং সেই 'অপদ' বুদ্ধকে কোনো পদ (উপায় বা প্রলোভন) দ্বারাই বিচলিত করা যায় না।

৩. নেক্‌খম্মুপসমে—নৈষ্কর্ম উপশমে। সংসার-ত্যাগ-জনিত (ক্লেশ উপশম দ্বারা) শান্তিতে।

৫. উপসম্পদা—অনুষ্ঠান। সচিত্তপরিয়োদপনং—স্বচিত্ত-পর্যবদাপনং। আত্মচিত্ত নির্মল রাখা।

৬. বিহেঠয়ন্তো—বিহেঠয়ন্। (পর)-পীড়নকারী।

৭. পাতিমোক্‌খে—প্রাতিমোক্ষে। নির্দিষ্ট শীলসমূহ, অর্থে; ভিক্ষু-ভিক্ষুণীদের প্রতিপালনীয় ২২৭ প্রকার প্রধান অবলম্বন। পন্তংচ সয়নাসনং—প্রান্তং চ শয়নমাসনং। একদেশে, জনবিরল প্রদেশে বাস করা।

১২. ধম্মঞ্চ সরণং গতো—ধর্মকেই যিনি জীবনের

আদর্শ লক্ষ্য করিয়াছেন। ধর্ম বলিতে বৌদ্ধেরা বুদ্ধ-প্রতিষ্ঠিত ধর্মকেই বোঝেন। সঙ্ঘঞ্চ সরণং গচ্ছামি—বৌদ্ধদের মতে যিনি বৌদ্ধ ভিক্ষুমণ্ডলীর সংঘজীবন আদর্শরূপে গ্রহণ করিয়াছেন। এস্থলে জানা দরকার যে, বুদ্ধ, বুদ্ধ-প্রতিষ্ঠিত ধর্ম এবং বৌদ্ধসংঘ—এই তিনটিকেই বৌদ্ধ শাস্ত্রে ত্রিরত্ন কহে। প্রত্যেক বৌদ্ধকেই এই 'তিন'কে সম্মান করিয়া ইহার শরণ লইতে হয়। চত্তারি অরিয়সচ্চানি—১. দুঃখ আছে ২. দুঃখের উৎপত্তি অর্থাৎ কারণ আছে, ৩. দুঃখ হইতে মুক্ত হওয়া যায়, ৪. এবং অষ্টাঙ্গিক মার্গ-সাধনাই দুঃখ হইতে মুক্তিলাভের উপায়—এই চারিটিকে আর্য-সত্য কহে।

১৩. অট্‌ঠঙ্গিকংমগ্‌গং—অষ্টাঙ্গিক মার্গং। ১. সম্যক্-দৃষ্টি ২. সম্যক্ সংকল্প ৩. সম্যক্ বাক্য, ৪. সম্যক কর্ম ৫. সম্যক্ আজীব অর্থাৎ জীবিকা ৬. সম্যক্ ব্যায়াম অর্থাৎ চেষ্টা ৭, সম্যক্ স্মৃতি ৮. সম্যক্ সমাধি—এই আটটি পথ বা উপায়।

১৫. পুরিসাজঞ্‌ঞো—পুরুষাজানেয়ঃ। পুরুষশ্রেষ্ঠ (বুদ্ধের ন্যায়)।

১৭. পপঞ্চসমতিক্‌কন্তে—প্রপঞ্চসমতিক্রান্তান্। যাঁরা সকল প্রপঞ্চ (তৃষ্ণা, দৃষ্টিমানাদি) অতিক্রম করিয়াছেন।

১৮. ইমেত্তম্'পি—ইয়ন্মাত্রমপি। ইহার (পুণ্যের) সামান্য মাত্রও। সংখ্যাতুম্—গণনা করিতে।

সুখবগ্গো

১-৩. বেরিনেসু মনুস্সেসু—বিদ্বেষভাবাপন্ন মনুষ্যগণের মধ্যে। আতুরেসু মনুস্সেসু—রাগাদি ক্লেশ দ্বারা ক্লিষ্ট মানুষের মধ্যে। উস্সুকেসু মনুস্সেসু—পঞ্চকামগুণে আসক্ত মানুষের মধ্যে।

৫. উপসন্তো—উপশান্তঃ। ক্ষীণাসব, রাগাদি ক্লেশরহিত ব্যক্তি।

৬. খন্ধদিসা দুক্খা—স্কন্ধসদৃশং দুঃখং। পঞ্চস্কন্ধতুল্য দুঃখ। রূপ, বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান—এই পাঁচটির নাম স্কন্ধ। এ-সকলই পুনর্জন্মের কারণ। 'পঞ্চস্কন্ধের সমষ্টি' ব্যতীত জীব আর কিছুই নহে। উহার চরম বিনাশে জীবের নির্বাণ লাভ হয়।

৭. জিঘচ্ছা—জিঘৃক্ষা। গৃধ্নুতা, লোভ। সঙ্খারা—সংস্কারাঃ। রাগ-দ্বেষ-আদি সংস্কার। সংস্কার প্রত্যয়জাত এবং প্রত্যয়-সমবায়ে উৎপন্ন। অবিদ্যা হইতেই ভালমন্দ সর্ববিধ সংস্কার বা কর্ম জাত হয়।

১০. **দস্সনমরিয়ানং**—দর্শনম্ আর্যানাম। আর্যদিগের দর্শন (দেখিতে পাওয়া)। অরিয়—আর্য। স্রোতাপন্ন, সকৃদাগামী, অনাগামী এবং অর্হত্ত্বফল-লাভী—এই চারি প্রকার ব্যক্তিগণকে 'অরিয়' কহে।

১২. **ধোরয্হসীলং**—ধূর্যশীলং। ধুর্বহনকারী বলীবর্দের মত কষ্টসহিষ্ণু স্বভাব যাঁহার। অর্হত্ত্ব-প্রাপ্তিরূপ ভারবহনকারী (বৌদ্ধ পক্ষে)।

পিয়বগ্গো

৬. **রতিয়া জায়তে সোকো**—রত্যা শোকো জায়তে। 'রতি' অর্থাৎ পঞ্চকামগুণে আসক্ত হইতে শোক উৎপন্ন হয়।

৯. **সীলদস্সনসম্পন্নং**—শীলদর্শনসম্পন্নং। সৎস্বভাবসম্পন্ন ও জ্ঞানসম্পন্ন।

১০. **ছন্দজাতো**—জাতচ্ছন্দ, জাতাভিলাষ। বৌদ্ধগণের নিকট ইহা নির্বাণ সম্বন্ধীয়, নির্বাণলাভের সংকল্প। ভোগের বা পাইবার তৃষ্ণাকেও 'ছন্দ' বলে। যথা—কামচ্ছন্দ।

১১. **সোত্থিমাগতম**—স্বস্তিম্ আগতম্। নিরাপদে প্রত্যাগত।

১২. **পরং গতং**—পরলোকগত।

কোধবগ্গো

১. **বিপ্পজহেয়্য**—বিপ্রজহ্যাৎ। পরিত্যাগ করিবে। **অসজ্জমানং**—অনাসক্ত।

৪. **ন কুজ্ঝেয্য**—ন ক্রুধ্যেৎ। ক্রোধ করিবে না। **দজ্জা-প্পস্মিম্পি**—দদ্যাৎ অল্পোঽপি। অল্প হইলেও দান করিবে।

৬. **অহোরত্তানুসিক্খিনং**—অহোরাত্রম্ অধীয়-মানানাং। দিবারাত্র (শাস্ত্রাদি) শিক্ষানুশীলনে রত। **অধিমুত্তানং**—অধিমুক্তানাং। নির্বাণ-লাভে অভিলাষীদের।

১০. **জম্বোনদস্সেব**—জম্বোনদস্য ইব। সুবর্ণের। **নেক্খং**—নিষ্কং। একপ্রকার বহুমূল্য স্বর্ণমুদ্রা।

১১-১৩. **কায়দুচ্চরিতং**—কায়দুশ্চরিতং। হিংসা, পরস্ব-গ্রহণ ও মিথ্যা কামাচার, অর্থে। **বচীপ্পকোপং**—বচঃ-প্রকোপং। মিথ্যাকথন, পিশুন ও পরুষ বাক্য-প্রয়োগ, অর্থে। **মনোপকোপং**—মনঃপ্রকোপং। অবিদ্যা, ব্যাপাদ, মিথ্যাদৃষ্টি, অর্থে।

মলবগ্গো

১. **পাণ্ডুপলাসো'ব**—পাণ্ডুপলাশং ইব। বিবর্ণ জীর্ণ

পতনোন্মুখ পাতার মত। **উয্যোগমুখে**—বহির্গমন-দ্বারে, এস্থলে মৃত্যুর মুখোমুখি অর্থে।

২. **বায়্হাম**—ব্যয়চ্ছধ্ব। অধ্যবসায় কর। **অনঙ্গণো**—অনঙ্গনঃ। নির্দোষ, নিষ্কাম। **অরিয়ভূমিম্**—আর্যভূমিং। আর্যলোকে, জন্মমৃত্যুর পরপারে।

৪. **জাতিজরং**—জন্ম, জরা ও ব্যাধি।

৭. **অসজ্ঝায়মলা**—অ-স্বাধ্যায়মলাঃ। অনাবৃত্তি অর্থাৎ পুনঃ পুনঃ আবৃত্তি না করা-ই মন্ত্রের ময়লা। **অনুট্ঠানমলা**—অনুত্থানমলাঃ। অসংস্কার (গৃহের) ময়লা। **কোসজ্জং**—কৌসীদ্য। আলস্য।

১১. **হিরীমতা**—হ্রীমতা। লজ্জাশীল। আত্মমর্যাদা-জ্ঞান দ্বারা যিনি কুকর্ম হইতে বিরত থাকেন তিনিই হ্রীমান ও লজ্জাশীল।

১৮. **কলিং ব কিতবা সঠো**—পক্ষীদিগকে ধ্বংস করিবার উদ্দেশ্যে ভগ্ন শাখাদি দ্বারা ব্যাধের নিজ শরীর আচ্ছাদন করার মত।

১৯. **পরবজ্জানুপস্সিস্স**—পরবর্জ্যানুদর্শিনঃ। পর-চ্ছিদ্রান্বেষী। **উজ্ঝানসঞ্ঞিনো**—উদ্ধ্যানসংজ্ঞিনঃ। তিরস্কারকারী।

২০-২১. **পপঞ্চাভিরতা**—প্রপঞ্চাভিরতঃ। তৃষ্ণা (বাসনা), মিথ্যাদৃষ্টি এবং মান'এর বশীভূত। **তথাগতা**—পূর্ববর্তীগণ, যথা আগত কিংবা গত—ইঁহারা তথাগত, বুদ্ধ ও মহাপুরুষ-গণের নামান্তর। **সস্সতা**—শাশ্বতাঃ। নিত্য। **বুদ্ধানম্ ইঞ্জিতং নাত্থি**—বুদ্ধদিগের অভিমত চির অচঞ্চল, তাঁহারা তৃষ্ণাদৃষ্টি-মান-প্রভাবে গঠিত নহেন, সুতরাং বিচলিত নহেন।

ধম্মট্‌ঠবগ্‌গো

১-২. **সহসা**—বলপ্রকাশ দ্বারা, অর্থে। **নিচ্ছেয্য**—নিশ্চিনুয়াৎ। নিশ্চিতরূপে জানেন। **অসাহসেন**—বলপ্রয়োগ না করিয়া, নিরপেক্ষভাবে।

৩. **খেমী**—ক্ষেমী। সহিষ্ণু।

৪. **কায়েন পস্‌সতি**—দেহ দ্বারা দর্শন করেন; অর্থাৎ আচরণ করেন।

৫. **মোঘজিণ্ণো**—মোঘজীর্ণঃ। বৃথাজীর্ণ, বৃথা বৃদ্ধ।

৬. **অহিংসা**—মৈত্রী, করুণা, মুদিতা, উপেক্ষা বা সাম্য—ইহাই আদর্শ সক্রিয় মনোবৃত্তি। **ধম্মো**—এখানে 'ধর্ম' ন্যায্যতা অর্থে প্রযুক্ত।

৭-৮. বাক্করণমত্তেন — ব্যাকরণ মাত্রেন। 'সাধু'শব্দ উচ্চারণ দ্বারা। মূলঘচ্চং সমূহতং—মূলঘাতং সমুদ্ধতং। সমূলে উৎপাটিত। ইস্সুকী—ঈর্ষুক:। ঈর্ষাপরায়ণ। মচ্ছরী —মৎসরঃ। মাৎসর্যপরায়ণ।

১১. বিসসং ধম্মং সমাদায়—বিষম-নীতি (সদ্ধর্মে অনুসৃত নীতিসমূহের বিপরীত ধর্ম বা নীতি) অবলম্বন করিয়া।

১৩. বরম্ আদায়—শ্রেষ্ঠকে, মঙ্গলকে গ্রহণ করিয়া; অর্থাৎ শীল, প্রজ্ঞা, সমাধি প্রভৃতি উত্তম গুণসমূহ গ্রহণ করিয়া।

১৪. উভোলোকে—অন্তরে এবং বাহিরে।

১৬-১৭. অপুথুজ্জনসেবিতং—পৃথক বা প্রাকৃতজন (মূর্খ অর্থে) দ্বারা অসেবিত, সুতরাং আর্যগণ কর্তৃক সেবিত। সংযম, শাস্ত্রজ্ঞান, লৌকিক অষ্টসমাপত্তিলাভ, নির্জনে বাস দ্বারা নিষ্কাম সুখ মেলে না। এ সকলের সহিত তৃষ্ণাক্ষয়ের গৌণ সম্পর্ক; অনাগামী মার্গ দ্বারা কামরাগ উৎখাত হয়। উহাই আর্যজন-সেবিত নিষ্কাম সুখ। কিন্তু তৎসত্বেও ব্রহ্মত্ব লাভের আকাঙ্ক্ষা থা'কয়া যায়। অর্হত্ব-মার্গ দ্বারা আস্রবক্ষয়েই সকল দুঃখের অবসান ঘটে। সুতরাং আর্যগণ-সেবিত নিষ্কাম সুখ সাধকের চরম লক্ষ্য, শীল বা সমাধি নহে।

মগ্‌গবগ্‌গো

১. মগ্‌গ—ক্লেশকে মারিয়া গমন করে এই অর্থে, মার্গ। ইহা আর্যসত্যের চতুর্থ সত্য। ইহার আটটি অঙ্গ—১. সম্যক্‌ দৃষ্টি ২. সম্যক্‌ সংকল্প ৩. সম্যক্‌ বাক্য ৪. সম্যক্‌ কর্ম ৫. সম্যক্‌ আজীব ৬. সম্যক্‌ ব্যায়াম ৭. সম্যক্‌ স্মৃতি ও ৮. সম্যক্‌ সমাধি। **বিরাগ সেট্‌ঠো ধম্মানং**—সমস্ত অবস্থার মধ্যে (নির্বাণ নামক) বিরাগই শ্রেষ্ঠ।

৩-৪. **সল্লসন্থনং**—শল্যসংস্থানং। শল্য-উৎপাটনকারী মার্গ, উপায়। **অঞ্‌ঞায়**—জ্ঞাত্বা। জানিয়া। **আতপ্‌পং**—আতপ্যং। উত্তমঃ। অধ্যবসায়। **মারবন্ধনা**—মারবন্ধনাৎ। কাম, রূপ ও অরূপ—এই ত্রিলোকই মারের বন্ধনাগার।

৭. **সব্বে ধম্মা অনত্তা**—সকল ধর্ম (পদার্থই) অনাত্ম। এখানে ধর্ম কার্য-কারণ-সম্বন্ধ-জাত জড় ও চেতন সমস্ত পদার্থকে এবং এ-সকলের অতীত অবস্থা নির্বাণকেও বুঝাইতেছে। উপনিষদ-মতে বিশেষ আকার ও পরিমাণ-বিশিষ্ট অজর, অব্যয় ও অক্ষয় আত্মা জীবশরীরে বা হৃদয়ে বিদ্যমান। উহা পরমাত্মার অংশ। জৈন মতে আত্মা অনিত্য, পরিণামী ও ও গতিশীল এবং আত্মায়তনের হ্রাস, বৃদ্ধি ও পুনর্জন্ম আছে।

বৌদ্ধ ধর্মে সৎকায়-দৃষ্টি ও আত্মবাদ উপাদানরূপে বর্ণিত হইয়াছে। ইহা মুক্তির অন্তরায়। এইরূপ আত্মার অভাবই অনাত্মা। এই অনাত্মা-উপলব্ধিই দুঃখমুক্তির অন্যতর উপায়। ইহা লোকোত্তর সম্যক্ দৃষ্টি।

১০. ভূরি—জ্ঞানং। জ্ঞান।

১২. 'বনং' এখানে রূপকার্থে ব্যবহৃত হইয়াছে। কামনা-বাসনা ও রাগাদি ক্লেশের 'বন' এই অর্থে। কামনা-বাসনাদি ক্লেশ-রূপ বনবৃক্ষ সবই নির্মূল করিতে হইবে। কেবল বনের বৃক্ষ-বিশেষ, অর্থাৎ কোনো বিশেষ দুঃখ-ক্লেশের কারণকে ছেদন করা নিরর্থক। নিব্বনা—বন-ঝোপ-ঝাড় ইত্যাদি শূন্য অর্থাৎ সম্যক্ বাসনাহীন হওয়া। বনথো ন ছিজ্জতি —এখানে 'বনথ' নারীর প্রতি অনুরাগ বা আসক্তি অর্থে ব্যবহৃত।

১৫. মহোঘো'ব…আদায় গচ্ছতি—সুপ্ত গ্রামকে প্লাবনে ভাসাইয়া লওয়ার সহিত ব্যক্তি-মানুষের তুলনার তাৎপর্য এই যে, আসক্তি-তৃষ্ণাযুক্ত ব্যক্তির মৃত্যু তাহার অপ্রস্তুত অবস্থাতেই আসে। আসক্তি-তৃষ্ণায় আকণ্ঠ নিমগ্ন হওয়া সত্ত্বেও অতৃপ্ত অবস্থাতেই তার মৃত্যু হয়।

পকিণ্ণকবগ্‌গো

৫. **রাজানো দ্বে চ খত্তিয়ে**—শাশ্বত ও উচ্ছেদ দৃষ্টি। এখানে জীব ও জগৎ সম্পর্কে দুই প্রকার মত উল্লেখ করা হইয়াছে। যাঁহাদের মতে সকল বস্তুই অনাদি ও অনন্ত, তাঁরা শাশ্বতবাদী ; অপর পক্ষে, উচ্ছেদ-বাদীদের মতে মৃত্যুর সহিত জীবের বিনাশ। ইঁহাদের দৃষ্টি উচ্ছেদ-দৃষ্টি। দুই-ই বৌদ্ধধর্ম-বিরোধী। বুদ্ধদেব এই দুইটির মধ্যবর্তী পথ অবলম্বন করিয়াছিলেন। তিনি অনাদি আত্মা এবং জগৎ ধ্বংসশীল—ইহা স্বীকার করিতেন না। **রট্‌ঠং**—রাষ্ট্রং। চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায়, মন, রূপ, রস, গন্ধ, শব্দ, স্পর্শ ও ধর্ম—এই দ্বাদশ আয়তনের সমারোহকে রাষ্ট্ররূপে মনে করা হইতেছে।

১৩. **দুপ্‌পব্বজ্জং**—প্রব্রজ্যা দুঃখকর। কারণ ভিক্ষা দ্বারা জীবন ধারণ এবং শীলাদি পালন কষ্টকর। **অধ্বগূ**—পথপর্যটক, পথিক। এস্থলে পুনর্জন্মের কারণে জন্ম-জন্মান্তরের পথ-পর্যটনকে বুঝাইতেছে।

নিরয়বগ্‌গো

'নিরয়' সুখহীন অবস্থা। ইহা যে কোনও জীবন ও জগতের

পক্ষে প্রযোজ্য। ইহা অনন্ত নহে, সান্ত। যখন পাপকর্ম ইহ বা পর-জীবনে ফলপ্রসূ হয়, তখন এই দুঃখময় অবস্থা বিকশিত হয়; আর সেই প্রারব্ধ কর্মক্ষয়ে তজ্জনিত দুঃখের অবসান ঘটে।

৭. **সঙ্কস্সরং ব্রহ্মচরিয়ং**—শঙ্কা-স্মরণীয় ব্রহ্মচর্য। (স্বীয় আশংকার সহিত স্মৃত অর্থাৎ যাহা স্মরণ করিলে ত্রুটি-বিচ্যুতির জন্য মনে আশংকা জন্মে, তদ্রূপ ব্রহ্মচর্য।)

নাগবগ্গো

২. **সমিতিং দণ্ডং রাজাভিরূহতি**—রাজাও সুশিক্ষিত শান্ত হস্তীর উপর আরোহণ করিয়া পরিভ্রমণ করেন, এই তাৎপর্য।

৫. **কটুকপ্পভেদনো**—তীব্র মদধারাবর্ষী।

কাশীরাজের মঙ্গল নামক হস্তীর মৃত্যু হইলে ধনপালক নামক হস্তীকে ধরিয়া আনা হয়। সেই ধনপালক তাহার মাতার সহিত বিচ্ছেদ হওয়ায় মনের দুঃখে কিছুই খায় নাই। এই শ্লোকে তাহারই উল্লেখ রহিয়াছে।

১৪. **সদ্ধা**—শ্রদ্ধা। ইহা, অন্ধ বিশ্বাস হইতে নহে, যুক্তি-ন্যায়গত বিশ্বাস হইতে উৎপন্ন।

তণ্হাবগ্গো

১. সো প্লবতি…বনস্মিং বানরো—ফল পাওয়ার জন্য বানর গাছ হইতে গাছে লাফ দিয়া চলে, সেইরূপ তৃষ্ণাযুক্ত মানুষও কর্মফল ভোগের জন্য জন্ম হইতে জন্মান্তরে ধাবিত হয়। তণ্হা—তৃষ্ণা, কামনা, বিষয়-বাসনা, প্রলোভন। এই তৃষ্ণাই সকল দুঃখের কারণ, পুনর্জন্মেরও হেতু। বৌদ্ধ সাধনার লক্ষ্য অষ্টাঙ্গিক মার্গ অনুযায়ী জীবন গঠন করিয়া তৃষ্ণার ক্ষয়-সাধন।

৬. ছত্তিংসতি সোতা—ছত্রিশ প্রকার তৃষ্ণা-স্রোত। চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায় ও মন—এই ছয় ইন্দ্রিয়; রূপ, শব্দ, গন্ধ, রস, স্পৃষ্টব্য ও ধর্ম—এই ছয় বিষয়; এই দ্বাদশ আয়তনের সংযোগ-জনিত বেদনা (অনুভূতি) হইতেই তৃষ্ণার উৎপত্তি। কামতৃষ্ণা, ভবতৃষ্ণা ও বিভবতৃষ্ণা—এই ত্রিবিধ তৃষ্ণ দ্বারা গুণিত হইলে ইহার ছত্রিশ প্রকার ধারা।

১১. বনাধিমুত্তো বনমুত্তো বনমেব ধাবতি—এখানে বন=অরণ্য; পক্ষান্তরে গার্হস্থ্য বন্ধন অর্থাৎ আসক্তিও বুঝাইতেছে। দ্ব্যর্থ-বোধক এই শ্লোকটির অর্থ—আসক্তিশূন্য হইয়াছেন মনে করিয়া কেহ কেহ তপোবনে বা বনে বাস

করেন; কিন্তু আবার আসক্তি দ্বারা আক্রান্ত হইয়া সংসারে ফেরেন। অপর পক্ষে, নির্বাণার্থী ব্যক্তিও তৃষ্ণা দূর হওয়ার পরও আবার তৃষ্ণা দ্বারা আক্রান্ত হইতে পারেন। প্রকৃতপক্ষে এই ব্যক্তি মুক্ত না হইয়া বন্ধন-দশাগ্রস্তই রহিয়াছেন।

১৭. **অসুভ**—অশুচি। দেবমন্দির আখ্যা দিলেও দেহ কেশ, লোম নখ, বিষ্ঠা ইত্যাদি বত্রিশ অশুচির ভাণ্ড। কাম-লালসা হইতে মুক্তির জন্য সাধককে এই দেহের অশুচিতা ও ঘৃণ্য অবস্থা পর্যবেক্ষণ করিতে হয়। তৎসম্বন্ধে সুশৃঙ্খল চিন্তাই অশুভ-ভাবনা, ইহার বিপরীত শুভ-ভাবনা।

১৯. **নিরুত্তিপদকোবিদ**—বিশেষার্থে অর্থ, ধর্ম, নিরুক্তি, প্রতিভান—এই চারি প্রতি-সম্ভিধা বা বিশ্লেষণ-জ্ঞানে দক্ষ।

২০. **সব্বেসং ধম্মেসং**—ত্রিলোকের যাবতীয় বিষয়ার্থে।

২১. **ধম্মরসো**—ধর্মের মাধুর্য, অর্থে। **ধর্মরতি**—ধর্ম-জনিত আনন্দ।

ভিক্‌খুবগ্‌গো

৮. **নামরূপ**—চেতন ও জড়। **নাম**—বেদনা, সংজ্ঞা, সংস্কার (৫০ চৈতসিক) এবং বিজ্ঞান (৮৯ চিত্ত)-স্কন্ধ। **রূপ**—দেহ, জড় পদার্থ। বৌদ্ধধর্মে ইহকে ২৮ প্রকার গুণে বিভাগ করিয়া পারমার্থিক ভাবে রূপস্কন্ধ আখ্যা দিয়াছে।

১০. **ইমং নাবং**—রূপকার্থে জীবনতরী। **সিঞ্চ**—দেহের ক্ষেত্রে মিথ্যা-বিতর্ক ইত্যাদি রূপ জলসেচনের কথা বলা হইয়াছে।

১১. **পঞ্চ** (বন্ধন)—রূপ, রাগ, মান, ঔদ্ধত্য, অবিদ্যা-রূপ বন্ধন। **পঞ্চ** (দোষ)—পঞ্চ ইন্দ্রিয়জ বিষয়। **পঞ্চুত্তরি**—পঞ্চোত্তরং। শ্রদ্ধা, স্মৃতি, বীর্য, সমাধি ও প্রজ্ঞা অথবা পঞ্চাবযবের অতীত নির্বাণপদ। **পঞ্চশৃঙ্খল**—রাগ, দ্বেষ, মোহ, মান, মিথ্যা-দৃষ্টি।

ওঘতীণ্ণো—যাহার মধ্যে কাম, ভব, দৃষ্টি ও অবিদ্যা বিদ্যমান তাহাকে সংসারের আবর্তে (বন্যায়) ভাসাইয়া লইয়া যায়। যাঁহারা ইহা অতিক্রম করিয়াছেন, তাঁহারাই ওঘতীণ্ণো।

১৪. **সুঞ্ঞাগারং পবিট্ঠস্স**—এখানে শূন্যাগার বলিতে রাগদ্বেষাদি-রহিত দেহ বুঝাইতেছে। **সম্মাধম্মং বিপস্সতো**—ধর্ম, গুণ, স্বভাব, অবস্থা, শীল, নীতি, ধর্মগ্রন্থ, জাগতিক বিধান, সত্য, চৈতসিক পদার্থ, পুণ্য, আচার, সমাধি, প্রজ্ঞা, মার্গফল, নির্বাণ সম্যক্ উপলব্ধি করিয়াছেন এমন ব্যক্তি।

১৬. **পাতিমোক্খ**—ভিক্ষু-ভিক্ষুণীদের পালনীয় ২২৭ প্রকার প্রধান নিয়মাবলী। **কল্যাণমিত্তং**—কল্যাণকামী মিত্র, যাঁহাদের দ্বারা নিজ কল্যাণ, মঙ্গল, কুশল সাধিত হয়; ধর্মোপদেষ্টা, গুরু প্রভৃতি।

২১. **নাথ**—আশ্রয়, রক্ষক, ত্রাণকর্তা, প্রভু। নিজেই নিজের উত্তম আশ্রয়, ত্রাণকর্তা। বৌদ্ধমাত্রেই ত্রিরত্ন—বুদ্ধ, ধর্ম ও সংঘের শরণ লইলেও মুক্তি প্রত্যেকের নিজের উপর নির্ভর করে।

ব্রাহ্মণবগ্‌গো

২. **দ্বয়েস্থু ধম্মেস্থু**—দ্বিবিধ ধর্মে। **সমথ**—সাময়িক ক্লেশোপশম এবং বিদর্শন—চিরতরে ক্লেশ নিবৃত্তি, এই দুইটি ধর্ম। **সংযোগা অথং গচ্ছন্তি**—সকল বন্ধন মুক্ত হয়, অর্থাৎ সংসারাবর্তে আর ফিরিয়া আসিতে হয় না।

৩. **অপারং**—ভবনদীর এই পার, কূল। **পারং**—পরপার। **পারাপারং**—উভয়পার।

আন্তর ইন্দ্রিয় ও বাহ্যিক বিষয় এই উভয় 'পারে'র প্রতি যাঁহার আমিত্ব ও মমত্ববোধ নাই, তিনি অবশ্যই পারাপারের প্রশ্নাতীত, সুতরাং ব্রাহ্মণ।

৪. **অনাসবং**—যাহা হইতে সংসারে দুঃখ জন্মে তাহাই আসব (আশ্রব); যাঁহার আসব ক্ষয় হইয়াছে তিনিই অনাসব।

১৬. **নদ্ধি**—ক্রোধ, বন্ধনবৈরী। পাঠান্তরে নদ্দি—চর্মরজ্জু। বন্ধন, তৃষ্ণা অর্থে। **বরত্তং**—বরত্রা। হস্তীর কৃক্ষ্যরজ্জু, রূপকার্থে তৃষ্ণা, আসক্তি। **সন্দামং**—শৃঙ্খল।

৩১. নন্দীভব—ভবের জন্য তৃষ্ণা, ভবতৃষ্ণা ; রূপ ও অরূপ ভাবে জন্মের বাসনা। যাঁহার এই বাসনার ক্ষয় হইয়াছে, তিনিই 'নন্দীভব-পরিক্ষীণ'।

৩৫. যোগং। সংসারাবর্তে সত্বগণকে সংযুক্ত করে, এই অর্থে যোগ। কাম, ভব, ভ্রান্ত দৃষ্টি ও অবিদ্যা—এই চারি যোগ। সর্বযোগবিসংযুত্তং—সর্ববিধ যোগ হইতে মুক্ত। যোগমুক্ত অর্থাৎ নির্বাণ। যোগের অপর অর্থ মনঃসংযোগ। যথা—যোগা বে জায়তে ভূরি—যোগ বা সাধনা হইতে জ্ঞান জন্মে।

৩৮. অরহন্ত—অর্হত্বপ্রাপ্ত, পূজ্য। যিনি বুদ্ধ-প্রদর্শিত অষ্টাঙ্গিক মার্গ অনুসরণে আস্রব ক্ষয় করেন তিনিই অর্হৎ।

৪১. সগ্গাপায়ং—স্বর্গ ও নরক। জীবস্থিতির স্তর-বিশেষ। বৌদ্ধধর্মসাহিত্যে 'বিশুদ্ধি মগ্গে' লোকচক্র-বাল ৩১ স্তরে বিভক্ত হইয়াছে। ৪ অপায় ভূমি, ১ মনুষ্যলোক, ৬ দেবলোক, ১৬ সাকার ব্রহ্ম ও ৪ নিরাকার ব্রহ্ম-লোক। কর্মের তারতম্য অনুসারে ইহাতে জীবের জন্ম হয় এবং সেই কর্ম ক্ষয় হইলেই ভোগের সাথে ভোগীরও জীবনাবসান ঘটে সুতরাং উহাদের সহিত জীবের উত্থান ও পতন সম্ভব। এই ধর্মে অনন্ত স্বর্গ ও অনন্ত নরক স্বীকৃত নহে।